শারদীয় ১৪২৮

# স্বজন



Swajan of Great Lakes

**Old National proudly supports Swajan of Great Lakes.**

# Strengthening the fabric of our community.

As much as we are a financial institution, Old National is a group of parents, volunteers, artists, athletes, neighbors and friends. By making investments of our time, talent and treasure, we work with you to strengthen the fabric of our community.



Member FDIC | oldnational.com

OLD NATIONAL BANK®

*Your bank. For life.*™

**Ann Arbor** 2723 S. State Street 734.887.2600

EQUAL HOUSING LENDER

ETHISPHERE® WORLD'S MOST ETHICAL COMPANIES® 2012-2021

# শারদীয় স্বজন



ত্রয়দশ বর্ষ । দ্বাদশ সংখ্যা

১৪২৮ । ২০২১

**Swajan of Great Lakes, Michigan, USA**

**শারদীয় স্বজন**

ত্রয়দশ বর্ষ । দ্বাদশ সংখ্যা

১৪২৮ । ২০২১

**পত্রিকা সম্পাদক**

সোহিনী ঘোষ, দেব বন্দ্যোপাধ্যায়

**প্রকাশক**

স্বজন অফ গ্রেট লেকস
মিশিগান, উত্তর আমেরিকা

**প্রকাশনা উপসমিতি**

প্রীতম সরকার, তনিমা বসু, জয়ীতা সেন,
মৃন্ময় কর্মকার, ভাস্বর দত্ত

**প্রচ্ছদ**

তনিমা বসু

**শেষ প্রচ্ছদ**

পৃশা গুহ

**আলোকচিত্র**

নীল মালাকার

**মুদ্রণ**

ফেডেক্স কিঙ্কস
মিশিগান

**গঠন**

অনুশ্রী ব্যানার্জী, নিওস্পেট্রাম, অস্ট্রেলিয়া

## কৃতজ্ঞতা স্বীকার (Acknowledgment)

**Swajan Of Great Lakes thanks all the contributors for their kind donation and support**

**Norma, Ashish, Alicia, Monica and Jay Sarkar**





- **Selvi, Sanjib, Shriya, Shriti & Ayushi Roy Chowdhury**
- **Kuntal, Tania, Urshita , Urvi Biswas**
- **Lalitha Misra, Ajay, Pragya, Divya, Jaya Choudhury**
- **Arpita, Aniruddha, Ayush & Ashmit Deb**
- **Dipika, Santanu Neha & Nisha Ray**
- **Rituparna, Subrata, Srija Mahanta**
- **Debalina, Krisanu and Diya Bandyopadhyay**
- **Sujata, Abhijit Sarkar**
- **Tania, Snehasish and Aarushi Ganguly**





- **Kisa, Babu, Sreemona, Sreyan & Shinjan Bandyopadhyay**
- **Shangrila, Subhasis & Kinjal Dey**
- **Sujata, Abhijit, Anirban Sarkar**
- **Sampa, Sandip, Sohan & Sampoorna Sarkar**
- **Ananya, Anirban, Naiya & Arko Sarkar**
- **Piki, Ranajit, Ishita & Ishan Ghosh**
- **Jhumpa, Pritam, Pritisha, Priyan Sarkar**
- **Fanny Raina, Joy Duttagupta & Praneeth**
- **Namita, Bhanu, Ankan and Arpan Bhattacharya**
- **Abhijit, Mahua Ghosh**
- **Sandip, Soma Mukherjee**
- **Dr Amit Ghosh**
- **Jayeeta, Jishnu, Ritom and Sham Sen**




# CULTURAL EVENTS DURGA PUJA 2021

| Friday (8th Oct) | Saturday (9th Oct) | Sunday (10th Oct) |
|---|---|---|
| 7:50 pm | 2:00 pm | 2:21 pm |
| Presient's Welcoming message | Welcoming message | Welcoming message |
| Welcoming Message by Swajan Cultural Committee | Drama Chorered Lajja Hala written by Shayamaltanu Dasgupta | Bong Connection |
| Musical Program By Singer Ms. Shilpi Kundu New Jersey | Indian Fusion | Kotho O Gaane Sarodiya Adda |
| | Dance Drama “Lukochuri” based on Rabindranath Tagore's poem | Melody Pop |
| | Garba/Dandiya at Gym, 4 pm | Odyssey presents a musical “AAY AMRA BENDHE BENDHE THAKI” Togetherness |
| | Live Band - B Hive, Texas 5:00 pm | Bollywood Fusion Dance Hilsa Ka Jaisa dance group |

# Congratulations to Class of 2021!!



**Ritom Sen** son of Jayeeta and Jishu Sen, attending University of Michigan, Ann Arbor, MI. Major: Data Science

*"Do your best, enjoy life, school is important, do not ignore mental health"*



**Mihika Thakurta** daughter of Shahana and Kuntal Thakurta, attending University of Michigan, Ann Arbor, MI. Major: Electrical Engineering



**Praneeth Raina Dattagupta** son of Fanny Raina and Twish Dattagupta, attending Michigan State University School, Lansing, MI. Major: Biomedical Engineering

*"Love to make video and music Love sports like Kendo & archery. Wherever I go Swajan will always be part of me"*



**Pallavi Ghosh** daughter of Indrani and Dipak Ghosh, attending Case Western Reserve University, OH. Major: Biology

*"Focus more on the present. Don't regret the past and be assured for what is yet to come – appreciate the here and now"*




**Prisha Guha** daughter of Ranjana and Debojit Guha, attending University of Michigan, Ann Arbor, MI. Major: Architecture

*"Passionate about designing various things, so I chose Architecture as my field of study. I enjoy swimming, artistic swimming, and scuba diving. I enjoyed participating in Swajan cultural dance in the past"*



**Ateendra (Ankush) Ghosh** son of Mohua and Abhijit Ghosh, attending Michigan State of Michigan, Lansing, MI. Major: Business

*"I get things done at the nick of time but get it done correctly. I love being part of Swajan community that reflects our heritage and culture"*

**Special congratulations to** daughters of Selvi and Sanjib Roychoudhury !! **Ayushi Roychoudhury** (**Class of 2021**, attending University of Michigan, Ann Arbor, MI. School of Engineering), **Shria Roychoudhury** (**Class of 2020**, attending University of Detroit Mercy, Detroit, MI. Major: Direct Physician assistance program) and **Shriti Roychoudhury** (**Class of 2020**, attending University of Michigan, Ann Arbor, MI. Major: Business).

# Congratulations to Class of 2020!!

Congratulations to **Urvi Chakraborty** daughter of Mala and Biswadip Chakraborty (class of 2020), attending Michigan State University, Lansing, MI.



**Anishka Roy** daughter of Anjali and Biplab Roy
(class of 2020)
Attending University of Illinois, Urbana-Champaign, IL.
Major: Mechanical Engineering

*"Be proud of your accomplishments and remember to enjoy every bit of the journey as you navigate through middle/high school"*



**Aarushi Ganguly** daughter of Tania and Snehasish Ganguly
(class of 2020)
Attending University of Michigan,
Ann Arbor, MI. Major: LSA, Public Health

*Aarushi Ganguly graduated from Greenhills School in 2020 and is planning to study Public health at University of Michigan where she is among the 15 Stamps scholars for the class of 2024. Her life aspiration is to help in the fight towards collective liberation. Her advice for the younger ones-Don't give your energy to people who don't reciprocate.*



**Anirban Sarkar** son of Sujata and Abhijit Sarkar
(class of 2020)
Attending University of California, Berkeley, CA.
Major:Electrical Engineering &
Computer Science (EECS)



**Dwaipayan Saha** son of Papiya and Debashis Saha
(class of 2020)
Attending Princeton University, Princeton, NJ.
Major: Operational research and
financial engineering

*I am a sophomore at Princeton University majoring in Mathematics and Economics. I have a keen interest toward financial mathematics and it's intersection with Machine Learning. Outside of school I enjoy tennis, reading, and working out. My biggest piece of advice is to not let any goal frighten you away, no matter how daunting it may seem. A combination of learning to accept failures and stubborn perseverance will almost always get you close to that goal, if not achieve it.*

# *President's Message*



Dear All,

The festive week of Durga Puja is here. The fragrance of the orange and white flowers (শিউলি ফুল) mingles with the autumn breeze to herald Durga Puja, and here at the advent of autumn, days start becoming shorter, trees start changing color and shedding their leaves leading to the wonderful time of the year with a packed festive season. But the festivities are inferior this year as the pandemic quietly overtakes the sound of festivities.

With coronavirus playing the spoilsport over the past two years, this pandemic has led to a devastation on human life and brought an unprecedented challenge to social life and to entire humanity.

Now is the time for global solidarity and support to our societies, reviving our culture and establishing happiness. Together we can overcome this intertwined impact of the pandemic and renew joy and prosperity.

Though it's one of the toughest years to conduct the Pujo, but we believe wholeheartedly that Ma Durga will bestow her blessings upon us, eliminating all evils with her power and showering compassion to entire humanity.

Going back to childhood days with many fond memories over the years, family reunion during the puja days, making of narkol naru and kheer naru (sweets) during puja time, pandal hopping plans, the sheer joy of notun jama (new clothes) and new sharodia magazines ... ah yes! those days were beautiful and rejuvenating. Bishorjon (immersion) used to moisten our eyes and made us emotional due to the thought of Ma Durga leaving for her in-laws' place. We optimists, living abroad, celebrate a shortened version of Durga Pujo with the same passion, enthusiasm, and, excitement will again reminisce about those beautiful memories.

This is a very special year for everyone. Swajan stood by the local community, initiated Covid fundraising through members, donated to a few organizations in India and ground-level volunteers to assist them in urgent medical care, medicines, hospitalization, oxygen, packaged foods and other staff. Swajan governing body would like to thank everyone who has helped in fundraising and donated to Covid fund.

Swajan has grown remarkably in the last few years. Warm welcome to the new families in our community. It's great to see many families coming forward in preparation of the biggest event of the year.

My sincere thanks & gratitude to all Swajan members and those who have not only come forward for the Pujo, but also encouraged and helped us in planning and executing a successful celebration. None of this would have been possible without you all.

I earnestly pray for a happy and safe Durgo Pujo 2021 for all and look forward to everyone's gracious presence for those 3 days at Saline Liberty School, MI, USA.

Ushering in rays of happiness, amidst the ongoing tough time. Subho Saradiya!

**Pritam Sarkar**
President, Swajan of Great Lakes
October , 2021

# Swajan Governing Body 2021

**BOARD OF DIRECTORS**

- Planner Committee
  - Principal Planner — Sandip Mukherjee
  - Senior Planner — Bhanu Bhattacharya
- Audit Committee
  - Principal Auditor — Mridul Halder
  - Senior Auditor — Bhaswar Dutta



**BOARD OF OFFICERS**

- Presidential Group
  - President — Pritam Sarkar 
  - Vice President — Kuntal Biswas
- Secretarial Group
  - Prime Secretary — Vadaraj BT
  - Joint Secretary — Twish Dattagupta
  - Cultural Secretary — Jayeeta Sen
  - Assistant Cultural Secretary — Tanima Basu, Mrinmoy Karmakar
  - Food & Hospitality Secretary — Rituparna Mahanta
  - Associate Secretary Food & Hospitality — Rajesh Chowdhury
- Treasury Group
  - Chief Treasurer — Aniruddha Deb
  - Associate Treasurer — Anirban Sarkar




## *You can say :*

***Please contact***
**Usha Naidu for any banking needs and**
**she also specializes in small business loans.**

*Compliments from*

**Dakshesh Patel
and
Family**

*Compliments from*

**Pande Grocers**

47230 W 10 Mile Rd,
Novi, MI, 48374



# সম্পাদকের কথা

এসে গেল আরও একটি শরৎকাল, তবু এমন নৈশব্দ আগে দেখিনি । ঘরে ঘরে শোক সন্তাপ । এমন নিদারুণ নিস্তব্ধ ঝড় পৃথিবী আগে হয়তো দেখেনি । চলে গেলেন কবি শঙ্খ ঘোষ, নবনিতা দেবসেন, বুদ্ধদেব দাসগুপ্ত, সৌমিত্র চট্টোপাধ্যায়দের মতো আরও অনেক প্রবাদ প্রতীম বাঙালিরা । দিকে দিকে মহীরুহদের ছায়াহীনতা । তাই আবার ফিরে যাওয়া রবীন্দ্রভবনে, আবার অরূপ থেকে রূপদান, নিরাকার থেকে আকারগ্রহণের অঙ্গীকারে । এখানেই বাঙালি মননের মুক্তি । ছেঁড়া ছেঁড়া মেঘের মাঝে একমাত্র দ্যুতিরেখা । এই মহামারীর কালে সাথী-স্বজনহারা মানব সমাজ আজ দিশাহারা, চঞ্চল । আজও তাই সেই নীলে ডুব না দিলে আমাদের মুক্তি নেই । রবীন্দ্রনাথ মানুষকে চিরযাত্রী বলেছেন । যেমন যিশুখ্রিষ্টের মতো শাশ্বত মহামানবের আবির্ভাব লগ্নে পূর্বদেশীয় বৃদ্ধরা দীর্ঘ যাত্রার অন্তে চিরমানবতার তীর্থে উপনীত হয়েছিলেন, তেমনই আমাদের এই আবহমান যাত্রার অভিমুখও মনুষ্যত্বের সারসত্তায় । সভ্যতার সংকটে কবি গেয়ে উঠেছেন –

“ওই মহামানব আসে ।
দিকে দিকে রোমাঞ্চ লাগে
মর্ত্যধূলির ঘাসে”

এই অতিমারির কালে মানবতাই আমাদের একমাত্র উপশম । এই কাজে সাহিত্যশিল্পের আরাধনার যোগাযোগও নিবিড় । এই শিল্পের সাধনা প্রতিদিনের জীবন যন্ত্রনার ঘাত প্রতিঘাতেও মানুষের জগৎকে ক্রমপ্রসারিত করে । তাকে মানবসত্তায় মিলিত করে রাখে । এভাবেই বর্তমান সমাজ অতীতের উত্তরাধিকারে ব্যাধিমুক্ত হয়ে পারে । নয় নয় করে পুজোর প্রস্তুতি সুদূর মিশিগানেও । স্বজনের পুজো মানে স্বজন পত্রিকাও বটে । সময় ও সাধনের প্রতিকুলতা থাকলেও অক্ষর, শব্দকল্প, রঙের তুলি সবাই আসলে অধীর আগ্রহেই অপেক্ষায় ছিল । কচিকাঁচাদের মনের ভারে তাই তরতর করে বয়ে চলল নদী । কানায় কানায় ভরে উঠল পুকুর । সেই জলে মা সরস্বতীর হংসরাজের চলাচল হল সাবলীল । পুকুরের পাড়ে ছায়াঘন তরুদল । সেখানে প্রশান্তির খোঁজ হয়তো পাঠকবন্ধুরা পাবেন । এভাবেই লেখক পাঠকের নিবিড় বোধের নিরন্তর মন্থনে গড়ে ওঠে আবহমান কাব্য । সেই কাব্যের সাজে যেমন উত্তর আমেরিকার বিভিন্ন শহর থেকে লেখক লেখিকারা প্রবাস জীবনের খণ্ডচিত্র উপহার দিয়েছেন, তেমনই সুদূর বাংলার মাটির লেখাও রয়েছে, রয়েছে অস্ট্রেলিয়া বসে থাকা কবি সঞ্জয় চক্রবর্তীর লেখা অনামিশার পংক্তি । আমরা বিশেষ ভাবে কৃতজ্ঞ বিশিষ্ট কবি ও গদ্যকার তন্ময় চক্রবর্তীর এবং অরণ্যের কবি স্বরাজ মিত্রর কাছে । কৃতজ্ঞ পত্রভারতীর কর্ণধার চুমকি চট্যোপাধ্যায়ের কাছে । গতবছর পন্ডিত ঈশ্বর চন্দ্র বন্দ্যোপাধ্যায়ের জন্মের দুই শত জন্মবার্ষিকীর অবতীর্ণ হওয়ার বিশেষ প্রবন্ধ লিখেছেন অধ্যাপক প্রদীপ্ত গুপ্তরায় । ধন্যবাদ জানাই কবি কলমচি কৌশিক, মৈনাক সেনগুপ্ত ও দেবাশিস চক্রবর্তীকে । এবারের স্বজন পত্রিকা সমৃদ্ধ হয়েছে আমেরিকার বিভিন্ন প্রান্তে ছড়িয়ে থাকা বহু গুণী কবি সাহিত্যিকদের লেখায় । বিশেষ ধন্যবাদ জানাই কথা সাহিত্যিক কুলদা রায় (নিউ ইয়র্ক), কবি মৌমণ মিত্র (নিউ জার্সি), কবি শৈবাল তালুকদার (শিকাগো), লেখক স্বর্ভানু সান্যাল (শিকাগো, কবি উদ্দালক ভরদ্বাজ (হিউস্টন) ও সুদীপ্তা চট্টোপাধ্যায়কে (নিউ জার্সি) । মিশিগানের লেখকদের মধ্যে সুদীপদা, উৎপলদা, মৌসুমিদি, জিষ্ণুদার লেখা পাঠকের মন টানবে নিশ্চয়ই ।

লেখা ছাড়াও এবারের পত্রিকার বিশেষ আকর্ষণ আলোকচিত্র ও চিত্রকলা । আমরা কলকাতার বিশিষ্ট আলোকচিত্রী নীল মালাকারের অসামান্য কিছু সাদাকালো ছবি উপহার পেয়েছি । পত্রিকাকে এমন অপরুপ সাজে সাজাবার জন্য নীলের কাছে আমরা ঋণী থাকলাম । সোহিনী, মৈনাক সহ বেশ কিছু ছোট বন্ধুরাও আমাদের অসামান্য কিছু আঁকা ছবি উপহার দিয়েছে । এবারের অপূর্ব প্রচ্ছদটি এঁকেছে তনিমা । মানুষের মতো মা । মা দুর্গার এই মুখশ্রী আমাদের চারপাশের মানবরূপী দেবতাদের কথা মনে রেখেই । প্রতিদিন আমাদের কাছাকাছি আসা চিকিৎসক, নার্স থেকে স্টোর ক্লার্ক, শিক্ষিকা সবাই । এঁদের অতিমানবিক রূপ আমরা এই এক বছরে নিশ্চয়ই উপলব্ধি করেছি । অসামান্য শেষ প্রচ্ছদটি এঁকেছে আমাদের ছোট্ট বন্ধু প্রিশা । যে মানুষটি ছাড়া এই পত্রিকা সম্ভব হত না, সেই অনুশ্রীদিকে অসংখ্য ধন্যবাদ জানাই । পত্রিকার সার্বিক গঠনে ও মননশীলতায় অনুশ্রীদিসহ নেউস্পেকট্রামের বন্ধুরা অক্লান্ত পরিশ্রম করেছেন এই কয়েক মাস । পরিশেষে ধন্যবাদ স্বজন প্রেসিডেন্ট প্রীতম সহ, সোহিনী এবং স্বজন পত্রিকা উপসমিতির সদস্যদের । তোমাদের সাহায্য সব সময় পেয়েছি । শারদোৎসব সকলের আনন্দে কাটুক এই প্রার্থনা করি ।

**দেব বন্দ্যোপাধ্যায়**
অ্যান আরবর, মিশিগান
অক্টোবর, ২০২১

YOUR RELIABLE REALTOR



# PIYUSH DAVE

Ranked in Top 1% Realtors Nationwide!

Cell 734-620-2233



RESIDENTIAL

COMMERCIAL

INVESTMENT

IT'S YOUR FUTURE,
CALL THE EXPERT,
MAKE THE RIGHT MOVE!

Email - dave@pdave.com, Website - www.pdave.com
Cell - 734-620-2233
BROKERAGE WITH REAL ESTATE INE (734) 455 7000

# সূচীপত্র


## কবিতা

| | | |
|---|---|---|
| তন্ময় চক্রবর্তী | সমালোচকের অনুশোচনা থাকে না | 17 |
| মৌমন মিত্র | কঠিন | 18 |
| স্বরাজ মিত্র | হরিয়ালগাড়া থেকে জামডহরি | 19 |
| সুদীপ্তা চট্টোপাধ্যায় | অতল ... | 20 |
| শৈবাল তালুকদার | প্রেম | 20 |
| মৌসুমী ব্যানার্জী | একডালিয়া টু রচেস্টার | 21 |
| উদ্দালক ভরদ্বাজ | মেঝের বিছানা | 22 |
| | হরিণ গোলাপ বৃত্তান্ত | 22 |
| সঞ্জয় চক্রবর্তী | অনামিশার পংক্তি | 23 |
| উত্তর সখা বেরা | অনুভূতি | 23 |
| শুভ্র দাস | গর্ত | 24 |
| জিষ্ণু সেন | বয়েস হবার মানেই | 25 |
| কলমচি কৌশিক | দুঃখযাপন | 26 |
| মিঠুন ভৌমিক | আশমনী | 26 |
| মৈনাক সেনগুপ্ত | অপেক্ষা | 27 |
| দেবাশিস চক্রবর্তী | আজকের দুর্গা | 27 |

## প্রবন্ধ

| | | |
|---|---|---|
| প্রদীপ্ত গুপ্তরায় | ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ও সমকালীন শিক্ষাব্যবস্থা | 30 |

## গল্প

| | | |
|---|---|---|
| কুলদা রায় | মার্কেজের পুতুল | 39 |
| চুমকি চট্টোপাধ্যায় | অপেক্ষা | 53 |
| উৎপল ভদ্র | আকস্মিকতা ও প্রেম | 55 |
| স্বর্ভানু সান্যাল | বিড়ম্বনা | 68 |
| সুদীপ নাথ | ফিশফ্রাই | 72 |
| Snehasis Ganguly | Richard's Love Story | 79 |

## স্মৃতিচারণ

| | | |
|---|---|---|
| দেব বন্দোপাধ্যায় | সূর্যমুখীর বাগান | 82 |

## চিত্রকলা 45

Sohini Ghose, Smita Deb and Mainak Mitra

Member Directory 91-92

## ছোটদের পাতা 46-48

Pritisha Sarkar, Sampurna Chaudhuri, Samridh Halder, Anwita Dutta, Sreeja Banerjee, Aarya Banerjee, Advika Deb and Rajini Mahanta

info@rsrit.com | +1 (248) 477-3555 | f | y | in

Reliable SOFTWARE

HOME ABOUT SERVICES INDUSTRY CAREERS BLOG CONTACT US




## Services

Reliable Software technology powers digital transformation through services designed to reinvent your application portfolio and a new style of IT.We help our clients drive growth for their business by utilizing our business and industry insights combined with innovative technology.

We utilize an extensive ecosystem and partnerships with industry leading technology providers and innovators to extend our technology and business capabilities, ensuring our customers the best of breed and latest technological solutions.



# কবিতা

**কবি তন্ময় চক্রবর্তী** – পেয়েছেন কৃত্তিবাস, মহাশ্বেতা দেবী, দ্বিজেন্দ্রলাল রায় পুরস্কার ও পদক। কাব্যগ্রন্থ এ পর্যন্ত ৯ টি। তারমধ্যে 'ডোভার লেনের রাত্রি' (সিগনেট প্রেস), 'আমার রবিঠাকুর' (প্রতিভাস) বিদগ্ধ পাঠক মহলে সমাদৃত। দেশে ও বিদেশের নানা সাহিত্যসভায় ওনার কবিতা পাঠ বিশেষ জনপ্রিয়তা পেয়েছে।

কবি এবং গদ্যকার **মৌমন মিত্র** থাকেন আমেরিকার নিউ জার্সি শহরে। বিদেশে থেকেও তিনি বাংলা সংস্কৃতির সঙ্গে নিজেকে জড়িয়ে রেখেছেন দৈনন্দিন। ইংরেজিতে লেখালেখি করলেও বাংলা ভাষাই তার প্রিয় চারণভূমি। আনন্দবাজার পত্রিকা, সানন্দা, হ্যালো টেস্টিং বাংলা কবিতা, সংবাদ প্রতিদিন, এখন শান্তিনিকেতন সহ বিভিন্ন পত্রপত্রিকায় নিয়মিত কবিতা, গল্প ছাড়াও নানা বিষয়ে গদ্য লেখেন তিনি। শ্যামকাঞ্চন তাঁর প্রথম কাব্যগ্রহন্থ। প্রকাশিতব্য কাব্যগ্রন্থ – 'দ্বিচারিণীর কফিদানা' এবং 'মদ ও মেলানকলি'। প্রকাশিতব্য গদ্যের বই – 'কুয়োতলার কলকাতা'।কন্যা, পুত্র ও স্বামীকে নিয়ে সাজানো ও কৌতূহলী প্রবাসে তাঁর অন্যতম আরেক যাপন রবীন্দ্রনাথ।

**স্বরাজ মিত্র**, জন্ম ১৫ অগস্ট, ১৯৭৫। ১৯৯৮ সালে লিটল ম্যাগাজিনে প্রথম কবিতা প্রকাশ। অজস্র লিটল ম্যাগাজিন ছাড়াও দু একটি প্রাতিষ্ঠানিক পত্রিকায় কিছু লেখা প্রকাশিত হয়েছে। দুটি কবিতার বই প্রকাশিত হয়েছে। চারণপথ (২০০২) এবং সন্ত্রস্ত পৃথিবীর দিনলিপি (২০০৪)। কবিতা রচনার পাশাপাশি ইতিহাস ও প্রত্নতত্ত্ব নিয়ে ক্ষেত্রসমীক্ষার কাজ অন্যতম নেশা।

**সুদীপ্তা চট্টোপাধ্যায়** – উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় থেকে বিএড ও মাইক্রোবায়োলজি নিয়ে স্নাতকোত্তর পড়াশোনার শেষে কিছুদিনের শিক্ষকতা-জীবন। তারপরেই প্রবাসে পাড়ি। গত বাইশ বছর যাবৎ ঠিকানা নিউ জার্সি। পেশায় মন্তেসরি শিক্ষিকা। ২০০৮ সাল থেকে ছদ্মনামে ব্লগলেখা শুরু। ২০১০ থেকে বিভিন্ন দেশ ও বিদেশের পত্রপত্রিকা ও শারদীয়াতে নিজের নামে কবিতা, গল্প, প্রবন্ধ লেখা চলতে থাকে, কমিউনিটির বিভিন্ন ভলেন্টারি কাজের পাশাপাশি নাটক ও সঞ্চালনা করে সময় কাটাতে ভালবাসেন।

**শৈবাল** : জন্ম, বেড়ে ওঠা চট্টগ্রামের বাংলাদেশে, লেখা পড়া সেইন্ট প্লাসিডস আর কলেজিয়েট স্কুলে, চট্টগ্রামে। ছোটবেলায় বাংলাদেশের পত্রিকা কিশোর বাংলা, সংবাদের খেলাঘরের পাতা, ইত্তেফাকের শিশুদের পাতা, আজাদীর ছোটদের পাতায় লিখে হাতে খড়ি। এখন মনের খুশীতে লেখা লিখি, সারা পৃথিবীতে ছড়িয়ে থাকা বাঙালী ডায়সপোরার ম্যাগাজিন, আর কিছু লিটল মেগাজিন ছাড়াও সুনীল গঙ্গোপাধ্যায়ের 'কৃত্তিবাস' পত্রিকায় বেশ কয়েকবার প্রকাশ পেয়েছে শৈবালের কবিতা । কবিতার বিষয়বস্তু চলিষ্ণু জীবন – ভাব, ভালবাসা, আনন্দ, বেদনা, বিশ্বাস, বোধ, রুপ, রস, গন্ধ – এই সব যা কিছু ভাবায় তাই নিয়ে। স্ত্রী সুস্মিতা আর তিন সন্তান শ্রেয়া, রিয়া আর সিদ্ধান্ত-কে নিয়ে ইলিনয়ের গ্রেটার শিকাগোর সাবার্বে বাস ।

আমেরিকা ইউনিভার্সিটি অফ মিশিগানের বায়োস্ট্যাটিস্টিক্সের অধ্যাপক **ডঃ মৌসুমী ব্যানার্জী**, গবেষণার বিষয়বস্তু অঙ্ক দিয়ে অনকোলজি-র সমাধান। জন্ম কলকাতায়, লেখাপড়া কলকাতার পাঠভবন স্কুলে। স্নাতকোত্তর পর্যায়ে ইন্ডিয়ান স্ট্যাটিসটিকাল ইনস্টিটিউট এবং পরবর্তীকালে ডক্টরেট উপাধি আমেরিকার উইস্কনসিন বিশ্ববিদ্যালয় থেকে। কর্মসূত্রে বিশ্বনাগরিক। পেশাগতভাবে মৌসুমীর বাস ঘোর বিজ্ঞানের জগতে। বিজ্ঞান ওঁকে দেয় ইন্টেলেকচুয়াল স্টিমুলেশন, কিন্তু সাহিত্য সংগীত মৌসুমীর কাছে ঘরে ফেরা, জ্বরের মাথায় মায়ের হাতের জলপট্টি, পরম নির্ভরতা। লেখালেখির শুরু কলেজ জীবন থেকেই। মৌসুমীর কবিতায় নাগরিক একাকীত্ব এবং জীবনের সঙ্গে জীবন সম্পৃক্ত করে বাঁচা, পাশাপাশি রয়েছে অপলক মুগ্ধতায়। বাড়ি বদলে গেছে, দেশ বদলে গেছে, তবু মৌসুমীর কবিতায় আজও সেই সুরকিখসা দেয়ালের গায়ে টিকটিকি আটকে থাকা মুহূর্তের অপাপবিদ্ধ ছবি।

**উদ্দালক ভরদ্বাজ**, এম ডি এন্ডারসন ক্যান্সার সেন্টার-এ ক্যান্সার বিষয়ে গবেষণায় রত উদ্দালক অবসরে কবিতা পড়া, লেখা এবং অনুবাদ নিয়ে থাকতে ভালবাসেন। উদ্দালকের কবিতা এবং অনুবাদ, কলকাতা এবং আমেরিকার বিভিন্ন পত্রিকা যেমন প্রবাস বন্ধু, দুকূল, প্রথম আলো, ভাষাবন্ধন, অর্কিড, বাতায়ন ইত্যাদিতে ছাপা হয়েছে। কবিতার বিষয় মূলত প্রেম হলেও, জীবনের আরও নানান উপলব্ধির প্রতিক্রিয়াও উদ্দালক প্রকাশ করে রাখেন তার অনুভব। কখনো তা কবিতা হয়, কখনো শুধুই স্বগতোক্তি। সম্প্রতি নিউ জার্সির আনন্দ মন্দির প্রদত্ত গায়ত্রী স্মৃতি পুরস্কারে সম্মানিত হন, মার্কিন যুক্তরাষ্ট্রের পত্রপত্রিকায় প্রকাশিত তার সাহিত্যকর্মের উৎকর্ষতার জন্যে। স্ত্রী নীতি ও পুত্র সায়ন-কে নিয়ে উদ্দালক টেক্সাসের হিউস্টন শহরে থাকেন।

**সঞ্জয় চক্রবর্তী** – অধুনা সিডনী নিবাসী। পেশায় সিভিল ইঞ্জিনিয়ার কিন্তু নেশায় আদ্যন্ত কবিতা-প্রেমিক। ছন্দ তার কবিতায় প্রাধান্য পেয়ে থাকে। ফেসবুকিয় জগতে অনেক দিন ধরে টুকিটাকি লেখার পর অবশেষে বাতায়নে আত্মপ্রকাশ। সঞ্জয়ের সব থেকে বড় দুর্বলতা হল মেঘ আর বৃষ্টি ।

**উত্তর সখা বেরা** : পেশায় উকিল। তমলুকের বাসিন্দা।

**শুভ্র দাস**, গত তেইশ বছর ডেট্রয়ট, মিশিগান নিবাসী । পেশায় মেকানিকাল ইঞ্জিনিয়ারিং -এর প্রফেসর। জন্ম ও ছোটবেলা কেটেছে হাওড়ায়। পড়াশোনা খড়গপুর আই. আই. টি. ও আইওয়া স্টেট ইউনিভার্সিটিতে। নেশার মধ্যে ছবি তোলা ও ছবি আঁকা, লেখা লেখি, ঘুরে বেড়ানো, নাটক ও পলিটিক্স । বর্তমানে রেসিস্টেন্স মুভমেন্টে অনেক সময় কাটছে।

**জিষ্ণু সেন,** যতীন্দ্রনাথ সেনগুপ্তের কনিষ্ঠ পৌত্র এবং সাহিত্য অনুরাগী। University of IOWA থেকে অর্থনীতিতে Doctorate। কবিতা লেখা আর নাটক করা প্রধান নেশা।

**কলমচি কৌশিক** : শিক্ষক পিতা-মাতার সন্তান কলমচি কৌশিক ত্রিপুরার একটি ছোট মফস্বল শহরে জন্মগ্রহণ করেন। বিভিন্ন পত্রপত্রিকায় প্রকাশিত তাঁর লেখা গল্প, রম্যরচনা, ছড়া ও কবিতা পাঠকের অকুণ্ঠ প্রশংসা অর্জনে সক্ষম হয়েছে। তাঁর লেখা একক কাব্যগ্রন্থ "ছন্দপ্রলাপ" ও "আলাপে অন্ত্যমিল" ছোটবড় সব বয়সী পাঠকের আশীর্বাদধন্য। এ'বছরই প্রকাশিত হতে চলেছে তাঁর তৃতীয় কাব্যগ্রন্থ "ইলশেগুঁড়ি ইচ্ছেরা"।

**Mithun Bhowmick** moved to Michigan from Mumbai in August 2015 and was associated with SWAJAN from 2017 onwards. He is an IT guy by profession but is always inclined to writing poetry and songs as a hobby. He primarily writes in Hindi and Bengali and has his YouTube channel where he and his son publish their poems and songs. He always considers SWAJAN as his extended family away from home.

**মৈনাক সেনগুপ্ত** : বড় হওয়া আসানসোল শহরে। বয়স ৫৩। পড়াশুনো – অর্থনীতিতে স্নাতকোত্তর । পেশা – চাকরি । বর্তমান নিবাস – কলকাতা । ভালবাসা – নাটক লেখা। মঞ্চস্থ ও প্রকাশিত নাটকের সংখ্যা ৯২। এখনও পর্যন্ত ১৩০টির বেশি দল নাটকগুলির মঞ্চায়ন করেছে। আকাশবাণী ও দূরদর্শনে বেশ কিছু নাটক সম্প্রচারিত হয়েছে। পরিচালক রাজা সেনের তিনটি চলচিত্রের চিত্রনাট্য লেখা ।

**দেবাশীষ চক্রবর্তী** : বিশেষ কাজ, নাট্যশিল্পের প্রচার ও প্রসার, জীবনমুখী সংস্কৃতির প্রচার, মানসিক ভাবে অসুস্থ মানুষদের সংস্কৃতির সুন্দর ভাবের মাধ্যমে তাদের শান্তির পথ খুঁজে দেখা, নাট্য রচনা, ইত্যাদি। জন্ম: ০৮/০১/৬১, শিক্ষাথ স্নাতক। পেশা: শিক্ষকতা (অবসর প্রাপ্ত)। দুচোখ ভরা স্বপ্ন, এক হিংসাহীন, প্রেমময় পৃথিবীর।

# তন্ময় চক্রবর্তী

## সমালোচকের অনুশোচনা থাকে না

সভ্যতা পিছনে লেগেছে
আটকেছি নিজেদের জালে।
ভেঙে গেছে সব গোপন ছক
কত আর লুকোব আড়ালে।

যতটা বিশ্বাস রেখেছি,ততটাই সন্দেহ।
অত্যাচারের চিহ্ন ঢেকে
মুখ ফিরিয়ে হত্যা করছি স্নেহ।

কটি প্রেমই আর টেঁকে
আসলে, রক্তে নেশা লাগে ।
মিথ্যে প্রতিশ্রুতির রঙ
সীমাহীন অপরাধের আগে।

ভালোবাসা। সেও শর্ত। কত অনিশ্চয়তা
গোপন পাতায় কঠিন অসুখ
চুক্তিবদ্ধ বিস্বস্ততা।

চেনা ছকের ভিতরে তিনি আলো
অন্ধকারে না।
প্রয়োজনে রাস্তা পাল্টায় মানুষ
সমালোচকের অনুশোচনা থাকে না।

# মৌমন মিত্র

## কঠিন

সহজ কাগজের ভাষায় উদ্যম, লেখা, চিন্তা

বালির মুখে তক্তপোষ বিছিয়ে রাখা খামে
সুরেলা নদীর অথৈ অঞ্চল, শূন্য ঘেরাটোপ
কোনও বৃষ্টির মাঝে আর্তনাদ ছিলেন আপনি
তারাদের নাটুকে সংলাপ নির্দেশ দিয়েছে
অনন্ত বেহালাগ্রন্থি, বৃহস্পতি কর্কট পৃথিবী
আর এভাবেই শত উল্লেখ ছাপিয়ে মহাসাগর ঘন হয়েছে

মৃত ইচ্ছের সুর ও ছায়ায় চিত্র দেখি না,
চিত্র যা সে তো এক অন্য সত্য তাঁর
ভাদ্রনিশীথ ও দু'এক ছটা হে বাদলা হাওয়া,
তাঁকে বিমিশ্র কলতান বোঝাতে চাও কেন ?

তাকিয়ে দেখুন ও নির্জন ... কুচি সূর্যের লক্ষ আকুতি

অগ্নির জীব থাকে। রয়েছে ছন্নছাড়া অগাধ ঘুম-ও।
সাঁকোর বেলাফন্তে তখন মিষ্টি রোদ আর ডানায় থিকথিক

ম্যারাপের বাঁধনে আপনার শরীর, রূপ চেয়ে দেখি
স্থির কিন্নরকণ্ঠের তারে-তারে বিষণ্ন আড়াল কিছু
স্বপ্নের ভিতর বুঝি ঝিলমিল করছে বিচ্ছুরণ, অতি প্রলাপ
আর মেঠো বাষ্পের দু'একদিন ... জলের পিছু পিছু !

# স্বরাজ মিত্র

## হরিয়ালগাড়া থেকে জামডহরি

১.

বিকেলের নরম আলো জড়িয়ে ধরেছে লাজুক করঞ্জা
গাছটিকে। দুপাশে কর্কশ ঢিবি, মাঝখান দিয়ে রাস্তা গিয়েছে
বক্ররেখার মতো, অদেখা দিগন্তের দিকে। এখানে ঈষৎ রোদ্দুর,
ওইখানে তুমুল বরিষা ...

২.

বিদ্যুল্লতাগুলি মুহূর্মুহূ নেমে আসছে দীঘিটির পাড়ে হেলে থাকা
ভাঙা মন্দিরের চাতালে। প্রাচীন বটের ঝুরি, দশাসই সন্ন্যাসীর
জটাজূটের মতো, আলুলায়িত। অনতিদূরের মেঘ,
অভিসারিকার চোখে সমর্পিত, নদীটির বুকে ...

৩.

সোনাইদহের পশ্চিমে আকাশটি লাল। খরগোশের মতো
একফালি নীল লেগে আছে তার কবোষ্ণ হৃদয়ে। থোকা থোকা
বেগুনী জারুলফুলের কাছে থেমে আছে গোধূলির সহজিয়া
গান। চরাচর ঘুমিয়ে পড়বে এবার জামডহরির বনের ভেতরে ...

# সুদীপ্তা চট্টোপাধ্যায়

## অতল ...

ওগো মগ্ন অতল !
ওগো আমার নিজস্ব অলীক !
সর্বস্ব উজাড় করা নিঃস্বতা
পাপের ঘড়া, পূণ্যের হিসাব !

যা কিছু বোধের, যা কিছু মানবিক
বন্ধক রেখেছি তোমার কাছে

হে জীবন, প্রতিদিন প্রদক্ষিণ করি তোমাকে,
কী ভীষণ বাঁক ! তবু ভয় উপচে গেলে,
হাতে আলতো হাত রাখে
বন্ধকী আলো

মুহূর্ত যাপনে ফুটে ওঠে
আমাদের ধানরং অন্তর দহন
আমাদের শতাব্দী প্রাচীন রক্তক্ষরণ
আমাদের লিপিবদ্ধ সংকেত!

# শৈবাল তালুকদার

## প্রেম

শিশির জোড়া আকাশ পড়ে আছে
শিউলি তলায়
সাদা মুক্তোর মালা হয়ে

নদী তীর ধরে দৌড়োয় কাশফুল
দুর্গা, অপু, রেল লাইনের ধোঁয়া
উড়ে উড়ে পেঁজা তুলোর মত
সাদা মেঘ হয়ে যায়

দিন গড়াচ্ছে সোনালী নীলে
পটের দুর্গার ঢাক বাজে বুঝি
বহুরূপীদের বউনি চলছে
এলোপাথাড়ি দুপুর শুয়ে আড়াআড়ি

একটা ডাহুক ডেকে ডেকে উড়ে গেল
একটা বক খুবলে নিল হাসিখুশী একটা খলসে
বেতস ঝাড়ের পাশ দিয়ে একটা সাপ জলে নেমে গেল বুঝি –

ধান ক্ষেতের মাতাল হাওয়া জড়িয়ে
মৌনী তাপস বনস্পতি
আমি আজ আর কোথাও যাব না –
এইখানে প্রেম হোক,
হোক না এখানেই স্হিতি।

# মৌসুমী ব্যানার্জী

## একডালিয়া টু রচেস্টার

তুমি যখন দুর্গাবাড়ির ঢাকের তালে
আলতো চুলে
পলাশ শিমূল দিচ্ছো ছুঁয়ে,
আমার তখন রোজনামচার পালা
ক্র্যানবেরি আর পালং পাতার
লাঞ্চ গুছিয়ে
স্টারবাক্সে একটু নেমে
আপিস যাওয়া।

রোল'এর স্টলে মাঞ্জা ভারী
ধুতির পাড়ে ধাক্কা শাড়ী
যখন তুমি,
হাইওয়ে'তে ফ্রিজিং রেইন'এ
চওড়া কাঁধে ক্ষণেক থেমে
সোহাগজলে ভাসছি আমি।

একডালিয়া ডাক দিয়ে যায়
আনত দিঠি
মশাল কালো বাঁকা টিপে,
রচেস্টারে কাঠের বোতাম কম পড়েছে
পাঞ্জাবী'তে,
সিজন মেপে।

তবু শরৎ আজও ডাকে
লকডাউনে
বাড়ির ডেকে,
মলমাসে
এন পি আর'এ
বীরেনভদ্র
ইথার নেটে,
নতুন জামা
জুম্'এর ওয়াল'এ
খিচুড়ি ভোগ
জমানো চালে।

তবু শরৎ আজও ডাকে
মায়ের মুখ বারান্দাতে
খুঁজছে কাকে!

# উদ্দালক ভরদ্বাজ

## মেঝের বিছানা

বিছানা শুয়ে আছে মেঝেতে
একটু হাঁপ নিয়ে তারপর দৌড়তে যাবে।
স্তূপাকার বই, বালিশের
পাশে একটা সাদা মলাটের
গায়ে লিপস্টিকের দাগ।
মোছা যায় নি, তাই থেকে গেছে
যেমন গোপন ক্ষত বুকের গভীরে ...

আধো-ছায়া, আধো-আলো
একটা ছায়াচ্ছন্ন, ধুলো-মাখা রূপ ঘরটার ...
যেন কেউ শুয়েছিল এই মাত্র
যেন কেউ বাইরে গেছে
ফিরে আসবে আবার
চালিয়ে দেবে রেকর্ডারে
বিঠোভেনের সোনাটা।

বইয়ের পাতার থেকে
নেমে আসবে চোখ
পায়ের পাতায়,
হিজলের বনে ঘন হবে চাঁদের ছায়া
ঝাউয়ের বাতাস ঝাপটা মেরে কাঁপিয়ে দেবে
নড়বড়ে জানলার পাল্লা
আর দুটো শরীর, একটু একটু করে
পরিচয় নিবিড় করে নেবে
অন্ধকারের অন্তঃস্থলে ...

## হরিণ গোলাপ বৃত্তান্ত

একটা সবুজ হরিণ
গোলাপী বৃষ্টির স্মৃতি বুকে নিয়ে
ছুঁতে এলো গোলাপের পাতা।
একটা নির্বোধ হরিণ
গোলাপ পাতার পাশে
দাঁড়াল নিশ্চুপ।

স্নেহে আর্দ্র মনজমি,
জলের আলপনা,
ডেকে নিল
হৃদয় গভীরে তাকে।

গোলাপ পাতার নীচে
গোলাপী কৈশোর বুকে মেখে
ভিজে নিল ক্লান্ত হরিণ।
রেখে দিল বুকের গভীরে,
গোলাপের অনন্য প্রশ্রয়
স্মৃতি-ঘরে, আলপনা করে।

# সঞ্জয় চক্রবর্তী

## অনামিশার পংক্তি

কিছু'তো দেখি'না আর কুয়াশা চোখে জড়িয়েছে,
কেউ রাতে ফেরে ঘরে কেউ যায় কবরের নীচে।
ঘুমেরা জরিপ করে দুধে ভাতে সব আছে কি না,
অবনী বাড়িতে আছে শুধু কিছুতেই সাড়া দিচ্ছে না।
অভিশাপ পলি হয়ে জমে গেলো নদীমাতৃক কোণে,
অজান্তে বাড়লো জল উঠে এল আমাদের উঠোনে,
রাতের উনুনে ছিলো নিভু আঁচ, ভাত হবে বলে ...
সে আগুন ছড়ালো কখন জানিওনা আমাদের পাহাড় আর জঙ্গলে,
বেড়েছে শ্বাপদ রাত, ঘুমিয়েছে অবনীর পাড়া,
কি উপায় থাকে আর বলো এটুকুই লিখে রাখা ছাড়া।

# উত্তর সখা বেরা

## অনুভূতি

দুঃখ কিছু বেচতে চাই
হরেক রকম দুঃখ,
একটা হলে আটপৌরে
আরেকটা বেশ সূক্ষ।

বিরহ তাপের দগ্ধ জঠরে
নিরেট নিটোল কষ্ট,
অন্ধ কানাই নিশান খোঁজে
পথ নাকি তার ভ্রষ্ট।

হতাশা নিরাশা পুঞ্জীভূত
জমাট রাশি রাশি,
বেদনা পালের ছেঁড়া রসি
বিষাদ ভেলায় ভাসি।

হেনস্থা গুলো হটিয়ে রাখি
দূরের ওঁচলাকুড়ে,
হৃত মানের ফলার ঘায়ে
হৃদয় বিদ্ধ ফুঁড়ে।

এই পসরায় দুঃখ রবে
ওই পসরায় সুখ,
সুখের পসরা বিকোয় দ্রুত
একলা পড়ে দুখ।

এক ঝাঁপিতে দুঃখ আছে
আরেক ঝাঁপি কষ্ট,
আছাড় কাছাড় ফুঁ মন্তর
হয়না তবু নষ্ট।

অনুভুতি মায়ের কোলে
আঁতুড় ভরা যিশু,
জন্মে কারো হাতড়ে বাঁচা
কেউবা আলোর শিশু।

# শুভ্র দাস

## গর্ত

গুটি গুটি করে কেমন বড় হয়ে গেছে কলকাতাটা;
টালিগঞ্জের কিনারে, যেখানে শেয়াল ছুটে বেড়াতো
এখন পাতাল রেল, উড়াল পুল, আর রাস্তার জঙ্গলে
ছুটে বেড়াচ্ছে মিনি, ট্যাক্সি আর অটো।

শিকড়হীন মধ্যবিত্তের কয়েক কাঠা জমি থেকে হয়েছে ঘর,
ঘর থেকে তলা, তলা থেকে পরিবার, পরিবার থেকে পাড়া;
পাড়া পাড়া জুড়ে খাল ধারে হয়ে উঠেছে
নেতাজিনগর, শান্তিনগর, রানীকুঠি,
বাঁশদ্রোণী, বিধানপল্লী, সোনারপুর, সন্তোষপুর।

স্রোত নেই খালের জলে, আল আউট জ্বেলে মশার সঙ্গে ঘর করা;
জলের পাশে বিকিকিনি, চা-বিস্কুট, দর্জি, ইস্ত্রি, মুদি, সবজি-আনাজ,
মাঝে মাঝে দিশি ডিম বা মুরগি।
বারের-পুজো থেকে খ্রীষ্টমাস দেবতাদের গমনে ও আগমনে
সহিষ্ণু মানুষ আর অসহিষ্ণু অটো, রিক্সা, সাইকেলেরা
পাশে সরে গিয়ে ছেড়ে দেয় রাস্তা।

উদ্বাস্তু, বিগত পিতা-মাতা, আর প্রবাসী সন্তানদের অভাবে
গোটা পাড়াটাই থেমে গেছে মধ্য-প্রজন্মের প্রৌঢ়ত্বে ।
রাস্তার সহস্র গর্তের মতো ঘরে ঘরে ক্ষত রেখে
পাড়া ছেড়ে উড়ে গেছে সন্তানেরা,
গুরগাঁও, ব্যাঙ্গালোর, চেন্নাই, হায়দ্রাবাদ,
ভেলোর, দুবাই, আমেরিকা।

ইলেক্ট্রিক, নর্দমা, না জলের ? খেয়াল নেই এ গর্ত কিসের;
ঠিকাদার আসে যায়, পাম্প লাগায়,
মাথার উপর দিয়ে প্লেন উড়ে যায়,
আর বড় হয় গর্তরা।
সহিষ্ণু মধ্য-প্রজন্ম বেপাড়ার ঘুরপথে
যায় বাজারে, যায় হাসপাতালে, যায় ওষুধের দোকানে,
নতমুখে দাঁড়ায় অটোর লাইনে। বড় হতে থাকে আশেপাশের গর্তগুলি,
আর বর্ষার বেনো জলে ভরে যায় অলি গলি।

# জিষ্ণু সেন

## বয়েস হবার মানেই

বয়েস হবার মানেই বোধহয় স্মৃতির সঙ্গে আড্ডা,
মেঘ আর রোদের ফাঁকে, এই তো সেদিন
ঝিলের ধারে আলতো ছুঁয়ে
আবির মাখা চোখে
কথার পরে কথা ... আরও কথা
তারপর অনেকদূর হেঁটে
দূরের মেঘের দেশে
অনেক বিকেল পেড়িয়ে
আজ সন্ধ্যা নামার আগে,
মেপল গাছের ছায়ায়
নীরবতা আর স্মৃতির আলিঙ্গনে
তুমি আছ, আমি আছি।



# কলমচি কৌশিক

## দুঃখযাপন

হঠাৎ যখন মধ্যযামে, আকাশ থেকে জ্যোৎস্না নামে
কয়েক কুচি মনখারাপী পদ্য পাঠায় বন্ধ খামে।

আত্মসুখে বিভোর হয়ে, যায় গড়িয়ে নিজের মতো ছড়িয়ে
আছে ইচ্ছেগুলো, এদিক ওদিক ইতস্তত।

যাচাই করা হয়নি মোটে কোনটা আসল কোনটা ঝুটো
ইচ্ছেরা তাই গড়িয়ে পড়ে, হিসেব রাখার পকেট ফুটো।

সব ছেড়েছি হিসেব-নিকেশ, সব ভুলেছি সালতামামি
আলতামিরার গুহায় বসে, ছদ্ম-সুখে আঁকছি আমি।

আঁকছি কিছু আত্মকথা, বিষাদভেজা তুলির টানে
মনের ক্ষত ইজেলটাতে টাঙিয়ে খুঁজি কান্না মানে।

প্রাপ্তিগুলো পড়ছে ঢাকা, হারিয়ে ফেলার পাল্লা ভারি
এসব কথা ভাবতে মানা, মনের ভেতর কার্ফু জারি।

ভুলছি আমি পর ছিল কে, কিম্বা ছিল কেইবা আপন
সঙ্গী শুধু একলা রাতে, একলা আমার দুঃখযাপন।।

# মিঠুন ভৌমিক

## আগমনী

কাশ ফুলের এই ঢেউ উঠেছে,
নূতন শাড়ির ভাঁজ ভেঙ্গেছে ।
খুশির চালন হাতে নিয়ে,
করছি মা তোমায় বরণ ।
আগমনীর খুশীর সুরে, মাতলো ...
মাতলো এই ভুবন ।

ঢাক এর তালে মন দুলেছে,
ধুনুচ হাতে পা নেচেছে ।
অঞ্জলির ফুল ফুটেছে,
আজ মনের অঙ্গনে ।
আগমনীর খুশির সুরে, মাতলো ...
মাতলো এই ভুবন ।

আলমারী তে ভাঁজ করেছি,
দুখ কষ্ট সব বেদন ।
ভালোবাসার সুর ধরে মা,
করছি প্রেম কে আলিঙ্গন ।
আগমনীর খুশির সুরে, মাতলো ...
মাতলো এই ভুবন ।

মা এর পুজোর ঘট বসেছে,
ভোগ এর গন্ধে মন জুড়েছে ।
সারা বছর চেয়ে থাকি মা,
আসবে কবে প্রাঙ্গণে ।
আগমনীর খুশীর সুরে মাতলো ...
মাতলো এই ভুবন ।

# মৈনাক সেনগুপ্ত

## অপেক্ষা

কতদিন কোনো চিঠি আসে না রে।
ডাকপিওনের অপেক্ষায় থাকা
বারান্দায় শুয়ে থাকে একলা মনখারাপ
আর খামবন্দী হিসেবের নিকেশ ।
ক্রমে হিমের মত টুপ করে
ঝরে পড়ে অনিবার্য সন্ধ্যা ।
বাতিঘর ঘুমহীন;
বাতিওয়ালা নিশ্চিন্ত নিদ্রায় ।
অক্ষর ? নেই ।
আলো ? নেই ।
বারবার মৃত্যু ফিরে ফিরে আসে ।
একবার একটিবার
মৃত্যুর পিছু পিছু
তুই ফিরে আয় মুন্নিপিসি।
বহমান বেঁচে নেওয়ার আগে
শেষবার মরে যাই
তোর ভ্রূসন্ধিতে ঠোঁট রেখে ।

# দেবাশিস চক্রবর্তী

## আজকের দুর্গা

সারা জীবন, মঞ্চেই ফিক্সড;
ধরায় নামলি না। বিশ্বজুড়ে খাচ্ছে ছিঁড়ে
ত্রিশূলটা কি, আসল না ??
এলোকেশীর শক্তিশেল
বারুদ দিয়ে ঢাকা –
মন খুলে মা, বলতো কথা
বারুদটা কি ঝুটা ??
খোলা মেলা ঘুরিস তুই –
বিশ্ব অঙ্গন পাড়ে;
কোন শয়তান মুখ ঢাকে তোর
কালো কাপড় মুড়ে ??
এবার তুই খোল দেখি মা
ত্রিনয়নের পাতা;
অসুবিধা হচ্ছে বোধহয় !
সানগ্লাসে তে ঢাকা ??


PURE DESI HALAL MEAT STORE
FAMOUS MEATS
TOP-RATED SELLER
Famous Meats
4.7 ★★★★★ 313 reviews
MEET your MEAT here ..!!!
25 + Varieties of FRESH FISH
Baby Goat – Premium Cut
Lamb – Premium Cut
Chicken – Organic / Amish / Country / Broiler
Live Tilapia Fish
Live Crabs
** Fresh Fish Airlifted from India
Indian Non-Profit Association
Member Exclusive Coupon
5% OFF Coupon**
**Minimum $15 Purchase required
** Valid Until Dec-2019
24345 Halsted Rd, Farmington Hills
Halsted X Grand River Intersection
Phone: (248)536-2662
OPEN 7 DAYS A WEEK


CATERING
For Any Party
Contact : 734-892-2972
Authentikka
Indian Cuisine
42070 Ford Rd, Canton, mi 48187. Ph: 734-892-2997



# প্রবন্ধ

# প্রদীপ্ত গুপ্তরায়

## ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ও সমকালীন শিক্ষাব্যবস্থা

**ভূমিকা**

২০২০-২১ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের জন্মের ২০০ বছর পূর্তি হোল। এই দুশো বছরে ভারতের তথা বাংলার শিক্ষাব্যবস্থার অনেক উল্লেখযোগ্য পরিবর্তন হয়েছে। এই সব পরিবর্তনের ফলে সারা বিশ্বের দরজা আমাদের কাছে খুলে গেছে। কেমন ছিল এই দুশো বছর আগের শিক্ষা ব্যবস্থা ? শিক্ষা কি সাধারণের কাছে সহজলভ্য ছিল না কি কেবলমাত্র মুষ্টিমেয় কয়েকজনের কাছেই সীমাবদ্ধ ছিল ? নারীরা শিক্ষিত ছিলেন কি ? শিক্ষার মাধ্যমই বা কি ছিল ? ১৮২০-২১ সালের পরিপ্রেক্ষিতে এই ধরনের আরো প্রশ্ন আমাদের মনে উদয় হয়। এই লেখায় আমরা প্রশ্নগুলোর উত্তর খোঁজার চেষ্টা করব।

সে সময়কালের রাজনৈতিক প্রেক্ষাপট যদি দেখি, তাহলে দেখা যাবে ১৭৫৭-র পলাশীর যুদ্ধ হয়ে গেছে এবং ভারতবর্ষে ইংরেজ শাসনের সূচনা হয়েছে। কলকাতা কে রাজধানী করে ভারতের বিভিন্ন প্রান্তে ইংরেজরা তাদের ক্ষমতার ব্যপ্তি ঘটাতে ব্যস্ত। সরকারি কাজ ঠিকমতো চালাতে সাহেব আমলাদের বিভিন্ন দেশীয় ভাষা, যেমন সংস্কৃত, ফার্সী, বাংলা, হিন্দী – এইসব ভাষায় কাজ চালানোর মতো দখলদারি প্রয়োজন। এইসব রাজপুরুষদের দেশীয় ভাষায় শিক্ষাদানের উদ্দেশ্য নিয়েই ১৮০০ খ্রীষ্টাব্দে ফোর্ট উইলিয়াম কলেজ স্থাপিত হয়। এই ফোর্ট উইলিয়াম কলেজ বিদ্যাসাগরের জীবনের এক উল্লেখযোগ্য অধ্যায়। পরে সময়মতো এর উল্লেখ করা হবে।

এই সময়কালে সংস্কৃত থেকে বাংলায় কিছু কিছু বই অনুবাদ হতে শুরু করে। উদাহরণ হিসাবে বলা যেতে পারে ফোর্ট উইলিয়াম কলেজের হেড পণ্ডিত মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার ১৮০২ খ্রীষ্টাব্দে "বত্রিশ সিংহাসন" বাংলায় অনুবাদ করেন এবং এটি ওই কলেজে পাঠ্যপুস্তক হিসাবে গৃহিত হয়। রামমোহন রায় প্রথম ভাষ্যকার হিসাবে অনুবাদ ও ভাষ্যসহ "বেদান্ত গ্রন্থ" প্রকাশ করেন ১৮১৫ সাল নাগাদ। আর ১৮১৭ তে হিন্দু কলেজ প্রতিষ্ঠিত হয়। ১৮১৮ খ্রীষ্টাব্দে কলকাতা শহর থেকে "বাঙ্গাল গেজেটি" প্রথম বাংলা সংবাদপত্র প্রকাশিত হতে শুরু করে। আর ওই বছরই "কলিকাতা স্কুল বুক সোসাইটি"র প্রতিষ্ঠা হয়। এই সংস্থাটি বেশ কিছু গুরুত্বপূর্ণ বই প্রকাশ করেছিল।

১৮২৪ খ্রীষ্টাব্দে বউবাজারে সংস্কৃত কলেজের পাঠ্যারম্ভ। কিছুদিন পরে এই কলেজ ও হিন্দু কলেজ ও স্কুল গোলদিঘীর পারে (যার বর্তমান নাম কলেজ স্কোয়ার) নতুন বাড়িতে স্থানান্তরিত হয়। সংস্কৃত কলেজ প্রতিষ্ঠার সময় শিক্ষিত ভারতীয়দের একাংশ চাইছিলেন যে প্রতিষ্ঠানটিতে যেন সংস্কৃত শিক্ষার বদলে পাশ্চাত্যশিক্ষা, বিশেষ করে বিজ্ঞান শিক্ষার ব্যবস্থা করা হয়। এই দাবি নিয়ে রাজা রামমোহন রায় লর্ড আমহার্ষ্ট কে ১৮২৩ এ একটা চিঠি লেখেন। চিঠির কিছু উল্লেখযোগ্য অংশ আমরা তুলে ধরছিঃ "... আমরা দেখছি, সরকার, ভারতে ইতিমধ্যেই যে শিক্ষা রয়েছে, তা এক হিন্দু পণ্ডিতের দ্বারা চালিত সংস্কৃত ইস্কুল প্রতিষ্ঠার মাধ্যমে দিতে চাইছেন। এই শিক্ষাপ্রতিষ্ঠান যুবকদের মনে কেবল ব্যাকরণের খুঁটিনাটি এবং অধিবৈদ্যিক স্বাতন্ত্রের শিক্ষা চাপিয়ে দেবে, যার কোন ব্যবহারিক বা সামাজিক প্রয়োগ নেই। ছাত্ররা দুহাজার বছর আগেকার জ্ঞান অর্জন করবে যা তখনকার ভবিষ্যৎ দ্রষ্টারা লিখেছিলেন এবং বর্তমানে যা নিরর্থক এবং সুক্ষ্মতাহীন। ... সংস্কৃত শিক্ষা প্রদানের মাধ্যমে ভারতবর্ষকে অন্ধকারে রাখা – এটা মনে হয় ব্রিটিশ রাজনীতিকদের একটা চাল। যদি ভারতীয়দের উন্নতি করা সরকারের উদ্দেশ্য হয়, তাহলে আরো উদার এবং জ্ঞানমুখী শিক্ষার প্রয়োজন আছে যেখানে অঙ্ক, স্বাভাবিক দর্শন, রসায়ন, শারীরবিদ্যা এই ধরনের বিষয় পড়ানো হবে ..." এ বিষয়ে প্রয়োজনীয় বই এবং যন্ত্রপাতি বিদ্যালয়ে সংগ্রহ করার অনুমতি দিতে

তিনি মহামান্য ভাইসরয়কে অনুরোধ করেন। কিন্তু ইংরেজ সরকার তাঁর এই চিঠিতে কর্ণপাত না করে কেবলমাত্র ব্রাহ্মণ এবং বৈদ্যদের জন্য সংস্কৃত স্কুল ও কলেজ খোলে। এই সংস্কৃত কলেজে ঈশ্বরচন্দ্র তাঁর ছাত্র এবং চাকরীজীবনের অনেকটাই কাটিয়েছিলেন। যথাসময়ে এ বিষয়ে আলোচনা করা যাবে।

এই লেখার দ্বিতীয় পরিচ্ছেদে ঈশ্বরচন্দ্রের শিক্ষা নিয়ে এক সংক্ষিপ্ত আলোচনার পরে তৃতীয় পরিচ্ছেদে আমরা তাঁর চাকরি জীবন এবং বিভিন্ন শিক্ষাবিষয়ক সংস্কারমূলক কাজের এক বিবরণ পেশ করার চেষ্টা করব। চতুর্থ বিভাগ, এই লেখার উপসংহার।

**ঈশ্বরচন্দ্রের শিক্ষা**

আমরা জানি, পারিবারিক বাকবিতণ্ডার কারণে ঈশ্বরচন্দ্রের ঠাকুরমা দুর্গাদেবী হুগলীর বনমালীপুর গ্রাম থেকে তাঁর বাপের বাড়ি মেদিনীপুরের বীরসিংহ গ্রামে চলে আসেন। ঠাকুরদা রামজয় বন্দ্যোপাধ্যায় সংস্কৃতে পণ্ডিত ছিলেন। কিন্তু তিনি সংসারধর্ম পালন অপেক্ষা তীর্থভ্রমণ করতে বেশী ভালবাসতেন এবং প্রায়ই কাউকে না জানিয়ে তিনি বেরিয়ে পরতেন। সংসারের অভাব অনটন বেশ ভালোরকমের ছিল। সংসার চালানোর জন্য দুর্গাদেবীকে চরকায় সুতো কাটতে হোত এবং এই সুতো বিক্রি করে সংসার চালাতে হোত। বীরসিংহের গ্রহাচার্য পণ্ডিত কেনারাম বাচস্পতির কাছে ঈশ্বরচন্দ্রের বাবা ঠাকুরদাস বাংলা, শুভঙ্করী অঙ্ক এবং সেরেস্তারী কাগজ পড়া ও লেখার শিক্ষা পেলেন। এর মধ্যে রামজয় তীর্থ শেষ করে ফিরে আসেন এবং সংসারের অবস্থা বিবেচনা করে ঠাকুরদাসকে কোন কাজে যোগ দেওয়ানোর উদ্দেশ্য নিয়ে তাঁকে নিয়ে কলকাতায় আসেন। কলকাতায় এসে ঠাকুরদাস যাতে তাড়াতাড়ি উপার্জন করতে পারেন তার জন্য রামজয় সংস্কৃতর বদলে ইংরাজী শিক্ষার ব্যবস্থা করেন। তিনি বাংলা এবং ইংরাজীতে কাজ চালানোর মতো হিসাব শিক্ষা করলেন। অভাব-অনটন এতটাই তীব্র ছিল যে ঠাকুরদাসকে অনেকদিন প্রায় না খেয়েই দিন কাটাতে হোত। যাইহোক, প্রাথমিকভাবে, বড়িসাগ্রামে এক সম্ভ্রান্ত পরিবারে থেকে সেই পরিবারের হিসেব খুব বিশ্বস্ততার সাথে রক্ষা করলেন এবং সেই উপলক্ষে বাড়িতে মাসে মাসে কিছু টাকা পাঠিয়ে পারিবারিক আর্থিক অনটনের কিছুটা সুরাহা করলেন। এরপরে বড়বাজারে ভাগবত সিংহ নামের এক ব্যক্তির অফিসে কাজ করার জন্য মাসিক দুই টাকা মাইনায় চাকরি করতে শুরু করলেন এবং তারই সুবাদে ভাগবতের বাড়িতে থাকা খাওয়া ব্যবস্থা হোল। এই দুই টাকা তিনি বাড়ি পাঠিয়ে দিতেন, তাতে পারিবারিক আর্থিক অনটনের বেশ কিছুটা সুরাহা হয়েছিল। এই ভাগবত সিংহের বাড়িতে তিনি দীর্ঘকাল ছিলেন। পরে বিদ্যাসাগর এবং তাঁর অন্যান্য ভাইরাও অনেকদিন কলকাতায় এখানে বাস করেছেন। এরপর ১২২০ বঙ্গাব্দে ভগবতী দেবীর সাথে ঠাকুরদাসের বিয়ে হয়।

১২২৭ বঙ্গাব্দে ঈশ্বরচন্দ্রের জন্ম হয়। পাঁচ বছর বয়সে বীরসিংহ গ্রামেরই কালীকান্ত চট্টোপাধ্যায়ের কাছে তাঁর প্রাথমিক শিক্ষা শুরু হোল। শ্রী চট্টোপাধ্যায়ের পাঠশালায় তিনি প্রায় চারবছর হাতের লেখা, বাংলা ও অঙ্ক শিক্ষা করেন। (কোন ছেলের হাতের লেখা ভালো হলে অন্যান্য অনেক কাজের সাথে পুঁথি লেখাটাও তার এক অন্যতম অর্থকরী ব্যবস্থা হতে পারত।) গ্রামে এরপর আর উচ্চশিক্ষার কোনো ব্যবস্থা ছিল না। এরপরে কি পড়ানো যায় তা নিয়ে ঠাকুরদাস এবং কালীকান্ত বেশ চিন্তিত ছিলেন। একটা মত ছিল ঈশ্বরচন্দ্রকে উচ্চশিক্ষার জন্য কলকাতায় নিয়ে যাওয়া এবং কোন ইংরেজী স্কুলে ভর্তি করে দেওয়া। সে সময়ে উচ্চশিক্ষার জন্য কলকাতায় যাওয়া এক অলীক কল্পনাই ছিল। প্রাথমিক শিক্ষা পাবার পর কোন কোন ব্রাহ্মণ সন্তান কাছাকাছি কোন টোলে পড়াশুনো করত, অন্য গ্রামের টোলে পড়তে যেত অথবা জমিদারি সেরেস্তায় কাজ করত। এই ব্যবস্থা ঠাকুরদাস ও কালীকান্ত দুজনের কারোর পছন্দ না হওয়ায় ঈশ্বরচন্দ্রকে নিয়ে তাঁরা বীরসিংহ থেকে কলকাতা হাঁটাপথে রওনা হলেন। রাস্তাঘাট সে সময় বেশ দুর্গম ছিল, ঠাঙারেদের উৎপাতও ছিল। তাঁরা তিনদিন পরে কলকাতায় পৌঁছালেন। কিন্তু কোথায় ভর্তি করা যায় তা নিয়ে মতের অমিল হতে লাগল। ঠাকুরদাসের প্রাথমিকভাবে ইচ্ছে ছিল হিন্দু কলেজে ভর্তি করা (যার মাসিক মাইনে তখন ছিল ৫ টাকা, আর ঠাকুরদাসের মাইনে বেড়ে ১০ টাকা হয়েছিল), অনেকে বললেন,

কাছাকাছি কম মাইনের সরকারি ইংরেজী ইস্কুলে ভর্তি করাতে। ঠাকুরদাসেরও ইংরাজী শিক্ষা দেবার বিশেষ ইচ্ছে ছিলনা। অবশেষে, বিভিন্ন পণ্ডিত এবং বিশেষ করে সংস্কৃত কলেজের পণ্ডিত গঙ্গাধর তর্কবাগীশ মশাইয়ের কথায় ঈশ্বরচন্দ্রকে নয় বছর বয়সে ওই কলেজে ব্যাকরণের তৃতীয় শ্রেণীতে ভর্তি করা হোল। সে সময়ে কেবলমাত্র ব্রাহ্মণ এবং বৈদ্যরাই এই কলেজে প্রবেশাধিকার পেত। এক এক শ্রেণীর দায়িত্ব এক একজন পণ্ডিতমশাইয়ের হাতে থাকত। যেমন তৃতীয় শ্রেণীর দায়িত্বে ছিলেন গঙ্গাধর তর্কবাগীশ মহাশয়। এছাড়াও সংস্কৃত কলেজের নীচু শ্রেণীর ছাত্রদের একঘণ্টা করে অঙ্ক আর ভূগোল শিক্ষা দেওয়া হোত আর উঁচু শ্রেণীর ছাত্রদের এক ঘণ্টা আইন শিক্ষা দেওয়া হোত। ছয়মাস পরে একটা পরীক্ষায় পাশ করে ঈশ্বরচন্দ্র মাসিক ৫টাকা বৃত্তি পেলেন। এই শ্রেণীতে তিনি অনেক সংস্কৃত শ্লোক, শব্দরূপ, ধাতুরূপ, সন্ধি শিখেছিলেন। ব্যাকরণের তৃতীয় শ্রেণীতে তিনি তিন বছর ছয় মাস ছিলেন। এর মধ্যে তিনবছরে ব্যাকরণ শেষ করে বাকি ছ' মাসে তিনি মনুষ্যবর্গ ও ভট্টিকাব্যর পঞ্চম সর্গ অব্দি পাঠ করেছিলেন। এরপর ঈশ্বরচন্দ্র সাহিত্যশ্রেণী বা কাব্যশ্রেণীতে ভর্তি হন। সেখানে তিনি কনিষ্ঠ ছাত্র ছিলেন। প্রথম বছরে কুমারসম্ভব, রঘুবংশ ইত্যাদি পাঠ করেন এবং সর্বোচ্চ নম্বর প্রাপ্ত হন। দ্বিতীয় বছরে ভারবী, মেঘদূত ইত্যাদি পড়ানো হোত। সংস্কৃত কলেজ রবিবার বন্ধ থাকত না; অষ্টমী ও প্রতিপদে সংস্কৃত পড়া যায়না বলে কলেজ বন্ধ থাকত। আবার দ্বাদশী, ত্রয়োদশী, চতুর্দশী, অমাবস্যা ও পূর্ণিমাতে নতুন পাঠ হোত না, কেবল লেখা হোত। হাতের লেখা ভাল ছিল বলে তিনি সেই সময় কিছু পুঁথি লিখছিলেন। আর তিনি সংস্কৃত ভাষায় বলতে আর লিখতে পারতেন। কাব্যশ্রেণীর পরে ঈশ্বরচন্দ্র পনের বছর বয়সে অলঙ্কার শ্রেণীতে ভর্তি হন। এখানেও কৃতিত্বের সাথে তিনি পাঠ সম্পন্ন করেন আর মাসিক ৮ টাকা বৃত্তি পান। কলেজের নিয়ম অনুযায়ী তিনি অলঙ্কারের পরে স্মৃতিশাস্ত্র, বেদান্ত ও ন্যায় অধ্যয়ন করেন। সেসময়ে স্মৃতিশাস্ত্র পাঠ করবার পরে সাধারণভাবে জজ পণ্ডিত পদের জন্য ল কমিটির পরীক্ষা দিতে পারতেন সংস্কৃত কলেজের ছাত্ররা। ঈশ্বরচন্দ্র **১৮** বছর বয়সে ল কমিটির পরীক্ষা পাশ করেছিলেন। দর্শন শাস্ত্রে বিশেষ বুৎপত্তির কারণে তিনি **১০০** টাকা পুরস্কারও পেয়েছিলেন। **১৮৪১** এ বারো বছর পাঁচ মাস শিক্ষার পরে সংস্কৃত কলেজের ছাত্রজীবন তাঁর শেষ হোল।

### ঈশ্বরচন্দ্রের চাকরি ও অন্যান্য কাজ

সে সময়ে ফোর্ট উইলিয়াম কলেজের সেরেস্তাদার পণ্ডিত অর্থাৎ প্রধান পণ্ডিতের পদ খালি হয় মধূসূদন তর্কালঙ্কারের মৃত্যুতে। সংস্কৃত কলেজের একসময়ের অধ্যক্ষ মার্শাল সাহেব ঐ পদে ঈশ্বরচন্দ্রকে নেবার জন্য সরকারের কাছে সুপারিশ করেন। **১৮৪১** সালে মাসিক **৫০** টাকা বেতনে ঈশ্বরচন্দ্র ফোর্ট উইলিয়াম কলেজের প্রধান পণ্ডিতের পদে যোগ দেন। মার্শাল সাহেবের অনুরোধে তিনি হিন্দী ও ইংরাজী শিখতে শুরু করলেন। কারণ আর কিছুই না, ইংরেজ আমলাদের মাসিক পরীক্ষার ফলাফল ঈশ্বরচন্দ্রকেই দেখতে হোত। ঈশ্বরচন্দ্র রীতিমত বেতন দিয়ে মাস্টারমশাই রেখে তাঁদের কাছে হিন্দী ও ইংরাজী শিক্ষা করতে শুরু করলেন। কিছুদিনের মধ্যে তিনি ইংরাজী ও হিন্দী শিখে নিলেন।

পরের বছর মার্শাল সাহেবকে সংস্কৃত কলেজের জুনিয়ার ও সিনিয়ার বিভাগের স্কলারশিপ পরীক্ষার পরীক্ষক হিসাবে নিযুক্ত করা হয়। কিন্তু সাহেব সংস্কৃত জানতেন না, কাজেই সেই পরীক্ষার ভার ঈশ্বরচন্দ্রের ওপর পড়ে। পরীক্ষার ব্যাপারে যে যে পদ্ধতি নিলে পরীক্ষার গোপনীয়তা বজায় থাকবে এবং সুষ্ঠভাবে সম্পন্ন হবে ঠিক সেই পদ্ধতি ঈশ্বরচন্দ্র নিয়েছিলেন এবং স্কলারশিপ যোগ্য ছাত্ররাই পেয়েছিল।

এই কলেজে কাজ করার সময়েই "তত্ত্ববোধিনী পত্রিকা"র সম্পাদক অক্ষয়কুমার দত্তর সাথে পরিচয় হয়। অক্ষয়কুমার ঈশ্বরচন্দ্রের কাছে নিয়মিতই আসতেন এবং পত্রিকার বিভিন্ন প্রবন্ধ বিদ্যাসাগরকে দেখিয়ে নিতেন। প্রবন্ধের গুরুত্বপূর্ণ পরিমার্জন বিদ্যাসাগরের মত অনুযায়ী হোত। কিছু কঠিন শব্দবন্ধ বিদ্যাসাগরের মত অনুযায়ী সরল করা হয়েছিল। বিদ্যাসাগর মশাইয়ের মহাভারতের বাংলা অনুবাদ এই "তত্ত্ববোধিনী পত্রিকা"য় প্রকাশিত হয়েছিল। তারপর কোন এক কারণে তাঁর সাথে তত্ত্ববোধিনীর সম্পর্ক থাকে না।

সংস্কৃত কলেজে ইংরাজী পড়ানো হোত না। ফলে এই কলেজের ছাত্রদের চাকরির ক্ষেত্র সংকুচিত হয়ে যাচ্ছিল। বিভিন্ন জেলার জজ-পণ্ডিতের পদ বিলোপের ফলে চাকরির ক্ষেত্র আরো সংকুচিত হয়ে আসে। সে সময় লর্ড হার্ডিঞ্জ গভর্ণর জেনারেল হয়ে আসেন। তিনি বাংলার বিভিন্ন জায়গায় প্রায় একশ একটি বাংলা পাঠশালা স্থাপন করেন। এই সব বাংলা ইস্কুলের পণ্ডিত নির্বাচনের জন্য মার্শাল সাহেব ঈশ্বরচন্দ্রকে পরীক্ষক হিসাবে নিয়োগ করলেন। আর ঈশ্বরচন্দ্র সুষ্ঠভাবে এই কাজ সম্পন্ন করলেন। এই পাঠশালাগুলো অবশ্য উপযুক্ত শিক্ষক ও পরিদর্শকের অভাবে প্রায় অচল হয়ে যায় এবং দ্রুত অবনতির পথে চলে যায়।

এর মধ্যে সংস্কৃত কলেজের অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারী রামমানিক্য বিদ্যারত্ন মারা যাওয়াতে ওই পদটি খালি হয় এবং তৎকালীন শিক্ষাসচিব ডঃ ময়েটের ইচ্ছানুসারে পণ্ডিত ঈশ্বরচন্দ্র ওই পদে ১৮৪৬ এ যোগদান করেন। এসেই তিনি প্রথম, দ্বিতীয় ও তৃতীয় শ্রেণীর পঠন-পাঠনের পরিবর্তন করেন। ছাত্র এবং অধ্যাপকদের সাড়ে দশটার মধ্যে কলেজে আসতে হবে এবং কলেজ চলাকালীন কর্তৃপক্ষের অনুমতি ছাড়া কলেজ থেকে বেরোন যাবেনা, ক্লাশ চলাকালীন অধ্যাপকদের বিশ্রম্ভালাপ চলবেনা, ছাত্র বা শিক্ষক আগাম অনুমতি ছাড়া কলেজে অনুপস্থিত হতে পারবেনা – এইসব নির্দেশ দিলেন। এছাড়াও জুনিয়র (সাহিত্য ও অলঙ্কারের শ্রেণী) এবং সিনিয়র (দর্শন, বেদান্ত ও স্মৃতি) শ্রেণীর পঠন-পাঠনের ও পরীক্ষাব্যবস্থার কিছু কিছু উল্লেখযোগ্য পরিবর্তন করেন, যাতে ছাত্ররা সব বিষয়েই ঠিকমতো শিক্ষা পেতে পারে এবং ঠিকভাবে পাশ করতে পারে।

বাংলা বইয়ের অভাব সেসময়ে ভীষণরকমেই প্রকট ছিল। যে কারণে সিভিলিয়ানরা ঠিকমতো বাংলা শিখতে পারতনা। মার্শাল সাহেবের অনুরোধ মতো বিদ্যাসাগর ১৯০৩ সালে হিন্দী "বেতাল পঞ্চবিংশতি" এবং মার্শম্যান সাহেবের "হিস্ট্রি অব বেঙ্গল" বাংলায় অনুবাদ করেন। লোকশ্রুতি, বাংলায় অনেকের কাছেই "বেতাল পঞ্চবিংশতি" বেশ সুখপাঠ্য হয়েছিল। এছাড়াও কোপার্নিকাস, গ্যালিলিও, হার্শেল, নিউটন – এদের জীবনচরিত ইংরাজী থেকে বাংলায় অনুবাদ করেন আর সেটা ছাত্রদের কাছে বেশ জনপ্রিয় হয়েছিল।

কর্তৃপক্ষের সাথে মতান্তরের কারণে তিনি সংস্কৃত কলেজের অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারী পদে ইস্তফা দেন। ফলে কিছুদিন তিনি চাকরীহীন অবস্থায় কাটান। এইসময়ে তিনি এবং মদনমোহন তর্কালঙ্কার মিলে সংস্কৃত প্রেস নামে একটি প্রেস চালাতে শুরু করেন এবং এখান থেকে অমিল বিভিন্ন হাতে লেখা সংস্কৃত পুঁথি, বাংলা বই ছাপানো হয়। ভাল ছাপা এবং সরকারের সাথে যোগাযোগের কারণে এই প্রেস লাভের মুখ দেখতে থাকে। বাংলার শিক্ষাক্ষেত্রে এই সংস্কৃত প্রেস এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। বিদ্যাসাগর-পরবর্তী যুগে বাঙালীর বর্ণ শেখার প্রথম এবং প্রধান বই "বর্ণপরিচয়" (প্রথম ও দ্বিতীয় ভাগ) এই সংস্কৃত প্রেস থেকেই ছাপা হয়েছিল। (ছবি ১) এই বর্ণমালা প্রসঙ্গে কিছু


বর্ণপরিচয়।
প্রথম ভাগ।
অসংযুক্ত বর্ণ।
শ্রীঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর প্রণীত।
একাদশ বার মুদ্রিত।
CALCUTTA:
THE SANSKRIT PRESS.
No 1. COLLEGE SQUARE
Printed And Published
BY
HARISH CHANDRA TARKALANKAR.
1858.
মূল্য দুই পয়সা মাত্র।

| | | |
|---|---|---|
| প্রথম বার | মুদ্রিত | ৩০০০ |
| দ্বিতীয় বার | ,, | ৫০০০ |
| তৃতীয় বার | ,, | ৫০০০ |
| চতুর্থ বার | ,, | ৫০০০ |
| পঞ্চম বার | ,, | ৫০০০ |
| ষষ্ঠ বার | ,, | ৫০০০ |
| সপ্তম বার | ,, | ১০০০০ |
| অষ্টম বার | ,, | ১০০০০ |
| নবম বার | ,, | ১০০০০ |
| দশম বার | ,, | ৫০০০ |
| একাদশ বার | ,, | ২৫০০০ |

ছবি ১ – ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর প্রণীত "বর্ণপরিচয়"। ডানদিকে একাদশ মুদ্রণে কত কপি মুদ্রিত।

কথা বলা যেতে পারে। এই "প্রাইমার" লেখা কিন্তু বাঙালীর হাত ধরে শুরু হয় নি। বরঞ্চ শ্রীরামপুরের মিশনারিরা ১৮১৬ খ্রীষ্টাব্দে ১২ পৃষ্ঠার "*লিপিধারা*" নামের একটা প্রাইমার বের করলেন। এটাই বর্ণশিক্ষার প্রথম বই। ছাপার অক্ষরে বাংলা বর্ণমালা শেখানোর সম্ভবত প্রথম প্রচেষ্টা "ক্যালকাটা স্কুল বুক সোসাইটি"র ১৮১৮ সালে প্রকাশিত স্টুয়ার্টের লেখা "*বর্ণমালা*"। বর্ণশিক্ষাকে ধাপে ধাপে এগিয়ে নিয়ে যাবার কৃতিত্ব কিন্তু এক বাঙালী, রামচন্দ্র বিদ্যাবাগীশের। হিন্দু কলেজ পাঠশালায় ছাত্রদের পড়ানোর জন্য "শিশুসেবধি" নামে তিনখন্ডের একটা সিরিজ ১৮৪০ এ লেখা হল। বাংলা প্রাইমারের ক্ষেত্রে বৈপ্লবিক পরিবর্তন আনেন মদনমোহন তর্কালঙ্কার। বেথুনের তৈরি "ক্যালকাটা ফিমেল স্কুলে" ছাত্রীদের পড়ানোর জন্য "শিশুশিক্ষা" সিরিজের প্রথম তিনভাগ ১৮৫০ সালে প্রকাশিত হয়। চতুর্থ ভাগ বিদ্যাসাগরের লেখা "বোধোদয়" এবং পঞ্চম ভাগ রাজকৃষ্ণ বন্দ্যোপাধ্যায়ের "নীতিবোধ"। এই "শিশুশিক্ষা" শুধু বালিকাদের না, বাংলার ঘরে ঘরে সমাদৃত হয়েছিল। আর ১৮৫৫ সালে প্রকাশিত হয় বিদ্যাসাগর মশাইয়ের "বর্ণপরিচয়"।

আবার কিছুদিন ফোর্ট উইলিয়াম কলেজে রাইটার হিসাবে কাজ করে ১৮৫০ সালে প্রাথমিকভাবে অধ্যাপক হিসাবে, পরে বিদ্যাসাগর সংস্কৃত কলেজের অধ্যক্ষ হিসাবে যোগ দেন। প্রাথমিকভাবে অব্রাহ্মণ হিন্দু ছাত্রদের সংস্কৃত কলেজে পড়ানোর অনুমতি চেয়ে শিক্ষা দপ্তরে চিঠি লেখেন ১৮৫১ খ্রিষ্টাব্দে। এবং প্রয়োজনীয় অনুমতি পেয়ে যান। এছাড়াও সংস্কৃত কলেজের শিক্ষা সংস্কার কিভাবে করা যেতে পারে সেই সম্পর্কে "'Notes' on the Sanscrit College" ২৬ প্যারার এক বিস্তৃত পরিকল্পনা তিনি ১৮৫২-তে ছোটলাট হ্যালিডের মাধ্যমে শিক্ষা দপ্তরে পাঠান। এই খসড়ায় তিনি লেখেন, "বাংলাদেশের শিক্ষা পরিচালনার ভার যাঁদের উপর ন্যস্ত হয়েছে, সমৃদ্ধ এবং উন্নত বাংলা সাহিত্য সৃষ্টি করা তাঁদের প্রথম উদ্দেশ্য হওয়া উচিত। ... সংস্কৃতে যাঁরা পণ্ডিত নন, তাঁরা প্রাঞ্জল বাংলা রচনা করতে পারবেননা। সংস্কৃত পন্ডিতদের ইংরাজী ভাষা ও সাহিত্যে শিক্ষিত হওয়া প্রয়োজন। অভিজ্ঞতা বলছে, যাঁরা শুধুমাত্র ইংরাজী শিক্ষায় শিক্ষিত তাঁরা ঠিকমতো সুন্দর বাংলায় নিজের ভাব প্রকাশ করতে পারেন না। এঁরা এতটাই ইংরেজীভাবাপন্ন যে তাঁদের কিছু সংস্কৃত শিক্ষা দিলেও প্রাঞ্জল বাংলায় তাঁরা লিখতে পারেন না। ..." এই ধরনের আরো কিছু পরিকল্পনা। এই পরিকল্পনা সুবিধা অসুবিধা বোঝার জন্য শিক্ষা সংসদ বারাণসী সংস্কৃত কলেজের অধ্যক্ষ ব্যালান্টাইনকে পরিদর্শনের আমন্ত্রণ জানান। তিনি এক সুদীর্ঘ রিপোর্ট পেশ করেন। এই রিপোর্টের পরিপ্রেক্ষিতে শিক্ষা দপ্তর কিছু নির্দেশ দেন যা বিদ্যাসাগরের মনঃপুত হয় নি। সরকারের সাথে মনোমালিন্যের কারণে তিনি ১৮৫৮ সালে সংস্কৃত কলেজের অধ্যক্ষ পদ থেকে পদত্যাগ করেন।

বাংলা শিক্ষা প্রসারের ক্ষেত্রে বিদ্যাসাগরের কিছু পরিকল্পনা ছিল। বিস্তৃত পরিকল্পনা ১৮৫৪ তে তিনি ছোটলাট হ্যালিডের মাধ্যমে শিক্ষাদপ্তরে পেশ করেন। এর বিশেষ কিছু বৈশিষ্ট্য এইরকম: বাংলা শিক্ষার বিস্তার ও সুব্যবস্থা একান্ত প্রয়োজন। কেবলমাত্র লেখা-পড়া বা গণনার মধ্যে বাংলা শিক্ষা সীমাবদ্ধ রাখা চলবে না। যতদূর সম্ভব ভূগোল, ইতিহাস, পাটীগণিত, জ্যামিতি, পদার্থবিজ্ঞান, ইত্যাদি বাংলাতেই শিক্ষা দিতে হবে। এর জন্য প্রয়োজনীয় বই রচনা করতে হবে। একজন শিক্ষক একজন ইস্কুলের পক্ষে পর্যাপ্ত নয়। প্রয়োজনে অন্তত দুজন শিক্ষক নিয়োগ করতে হবে। যোগ্য লোক যাতে শিক্ষক হিসাবে নিযুক্ত হন সেবিষয়ে সতর্ক থাকতে হবে। শিক্ষকদের শিক্ষণ-বিষয়ে ট্রেনিং দেওয়া জরুরী। বিদ্যালয়ের তত্ত্বাবধান ভীষণ জরুরী। এর জন্য পরিদর্শক নিয়োগ করতে হবে। এই ধরনের আরো অনেক প্রস্তাব। হ্যালিডে এ বিষয়ে ঈশ্বরচন্দ্রকে সমর্থন করে কিছু মডেল ইস্কুল করার প্রস্তাব দেন (যে ইশকুলগুলোকে পাশাপাশি অন্যান্য ইস্কুল বা পাঠশালা অনুসরণ করবে) এবং বিদ্যাসাগরকে মডেল স্কুলের স্থান নির্বাচনের ভার দিলেন। শিক্ষকদের জন্য একটা ট্রেনিং স্কুল ও একটি নর্মাল স্কুল খোলার প্রস্তাব হয়। ঈশ্বরচন্দ্রকে সহকারী ইন্সপেক্টর হিসাবে নিয়োগ করা হয়। ১৮৫৮ তে বিদ্যাসাগরের তত্ত্বাবধানে নর্মাল স্কুল কাজ শুরু করে। আর হুগলী, নদীয়া, বর্ধমান এবং মেদিনীপুর – এই চার জেলায় ১৮৫৬ র জানুয়ারী মাসের মধ্যে পাঁচটা করে মডেল স্কুল স্থাপিত হল। গ্রামবাসীরা এই ইস্কুলের গৃহ

নির্মানের খরচ বহন করেছেন আর প্রথম ছয় মাস ছাত্রদের কাছ থেকে কোন বেতন নেওয়া হয় নি। এই ইস্কুলগুলো ভালই চলছিল, অন্তত তিনবছর পরের বিদ্যাসাগরের দেওয়া রিপোর্ট তাই বলছে।

এতক্ষণ পর্যন্ত যে আলোচনা হয়েছে তা প্রধানত ছেলেদের শিক্ষার প্রসার সংক্রান্ত। মেয়েদের শিক্ষার ব্যাপারে প্রথম ও প্রধান যে অন্তরায় ছিল তা হোল সমাজ। স্ত্রী-শিক্ষা সংক্রান্ত যে কুসংস্কার সমাজের ভেতরে গভীরভাবে প্রোথিত ছিল তা নির্মূল করা সম্ভব হয় নি। ১৮১৯ সাল নাগাদ ফিমেল জুভেনাইল সোসাইটি নামের একটি প্রতিষ্ঠান মেয়েদের শিক্ষার জন্য কিছু বালিকা বিদ্যালয় স্থাপনের জন্য সচেষ্ট হলেন। এর পরে মিস কুক ১৮২১ নাগাদ "চার্চ মিশনারি সোসাইটি"র আর্থিক সহায়তায় ১০ টি ইস্কুল স্থাপন করলেন। কিন্তু কিছুদিন পরে এই ইস্কুলগুলি বন্ধ হয়ে যায়। এছাড়াও আরো কিছু মহিলাদের জন্য ইস্কুল স্থাপিত হয়। কিন্তু সেগুলো বেশিরভাগই মিশনারি দ্বারা পরিচালিত এবং প্রধানত খ্রিষ্টান ধর্মপ্রচারের কেন্দ্র ছিল। ১৮৪৯-এ বেথুন সাহেবের উদ্যোগে এবং বিদ্যাসাগর, মদনমোহন তর্কালঙ্কার এবং আরো কয়েকজন বিশিষ্ট ব্যক্তির সহায়তায় সাম্প্রদায়িক ধর্ম-শিক্ষাবিহীন বালিকা বিদ্যালয় স্থাপিত হয়। এই ইস্কুল স্থাপিত হবার পর হিন্দু সমাজে বিরাট আলোড়ন সৃষ্টি হোল। শিবনাথ শাস্ত্রীর কথায়, "'কন্যাপ্যেবং পালনীয়া শিক্ষণীয়াতিযত্নতঃ' মহানির্ব্বাণতন্ত্রের এই বচনালঙ্কৃত নবপ্রতিষ্ঠিত বিদ্যালয়ের গাড়ী যখন রাজপথে বাহির হইত, তখন লোকে হাঁ করিয়া তাকাইয়া থাকিত ও নানা কথা কহিত; এবং সুকুমারমতি শিশু বালিকাদিগকে উদ্দেশ্য করিয়া কত অভদ্র কথাই কহিত।" বেথুন সাহেব ঈশ্বরচন্দ্রকে অবৈতনিক সেক্রেটারী হিসাবে নিযুক্ত করেন। এবং তাঁরই উদ্যোগে কয়েকজন বিশিষ্ট ব্যক্তির কন্যা (যার মধ্যে তাঁর বন্ধু মদনমোহন তর্কালঙ্কারের মেয়েও ছিলেন) এই ইস্কুলে ভর্তি হলেন। বেথুন স্কুল পরে সরকার-পেষিত স্কুলে পরিণত হয় এবং বেথুনের হঠাৎ মৃত্যুর পরে বীডন এর প্রসিডেন্ট হন। প্রধানত বিদ্যাসাগরের দক্ষতায় এই ইস্কুলের ছাত্রী সংখ্যা বাড়তে থাকে। বীরসিংহ গ্রামে প্রথম অবৈতনিক মহিলা ইস্কুল স্থাপিত হয় এবং সেখানকার সাধারন মানুষরা স্বেচ্ছাপ্রণোদিত হয়ে তাঁদের মেয়েদের ইস্কুলে পাঠিয়েছিলেন। তবে স্ত্রী-শিক্ষার প্রসার খুব ধীরগতিতে হতে থাকে।

আরেকটা ঘটনার কথা না বললে বিদ্যাসাগরের শিক্ষা সংস্কারের কথা অসম্পূর্ণ থেকে যাবে। সেটা হোল মেট্রোপলিটন ইনস্টিটিউশন। রবীন্দ্রনাথ "বিদ্যাসাগরচরিতে" লিখেছেন, "... সংস্কৃত কলেজের কর্ম ছাড়িয়া দিবার পর বিদ্যাসাগরের প্রধান কীর্তি মেট্রোপলিটন ইন্‌স্টিটিউশন। বাঙালীর নিজের চেষ্টায় এবং নিজের অধীনে উচ্চতর শিক্ষার কলেজ স্থাপন এই প্রথম। ..." ১৮৫৯ সালে এই কলেজটি কয়েকজন বাঙালীর উদ্যোগে তৈরী হলেও (তখন তার নাম ছিল ক্যালকাটা টেকনিক্যাল স্কুল) কর্মকর্তাদের মনোমালিন্যে ১৮৬৪ সালে এর পরিচালনার ভার বিদ্যাসাগরের ওপরে পড়ে। সম্পূর্ণ বাঙালী পরিচালনাধীন এবং বাঙালী শিক্ষকের অধ্যাপনায় এই কলেজ কিন্তু প্রাথমিকভাবে কলকাতা বিশ্ববিদ্যালয়ের অনুমোদন পায় নি। কিন্তু বিদ্যাসাগরের অনমনীয় মনোভাব এবং যুক্তিতে ১৮৭৯ সালে ফার্স্ট গ্রেড কলেজ হিসাবে অনুমোদন পায় এবং ১৮৮১ তে প্রথম বিশ্ববিদ্যালয়ের পরীক্ষায় ১৬ জন ছাত্র পাশ করেন।

**শেষ কথা**

শিক্ষা এক চলমান প্রক্রিয়া। এই প্রক্রিয়ায় অনেক ঘাত-প্রতিঘাত প্রতিমুহূর্তেই চলতে থাকে। সেই ঘাত-প্রতিঘাত ঔপনিবেশিক ভারতে আরো প্রকট হয়ে দেখা দিয়েছিল রামমোহন-বিদ্যাসাগরের আমলে। একদিকে প্রাচ্যের তথাকথিত ভঙ্গুর শিক্ষাব্যবস্থা আর অন্যদিকে পাশ্চাত্যের চলমান শিক্ষাব্যবস্থা – এই দুইয়ের মেলবন্ধন খুব জরুরী ছিল। বিদ্যাসাগররা চেয়েছিলেন এদেশের ছাত্ররা দেশীয় ভাষায় পাশ্চাত্যের বিজ্ঞান, সাহিত্য, দর্শন অধ্যয়ন করুক। রামমোহন থেকে বিদ্যাসাগর – প্রত্যেকেই এই মতের স্বপক্ষে যুক্তি দিয়েছেন সংস্কৃত কলেজ প্রতিষ্ঠার সময় থেকে। সরকারী উদ্যোগ থেকে বেসরকারি উদ্যোগে শিক্ষা প্রসারের ক্ষেত্রে বিদ্যাসাগর একটা উদ্দেশ্য নিয়েই কাজ করেছেন বাংলা ভাষায় শিক্ষাপ্রসার। অনেক বাধার সম্মুখীন হয়েছেন, কিন্তু লক্ষ্যর দিকে এগোতে তিনি প্রয়োজনীয় যুক্তি

সাজিয়েছেন সংস্কৃত থেকে, লিখেছেন ইংরাজীতে – যাতে বিদেশী আমলাদের বোঝান যায়। আমরা কি বিদ্যাসাগররা যে পথ দেখিয়েছিলেন সেই পথ ধরে কি এগোতে পারছি – সেটাই ভাবার।

**সহযোগী গ্রন্থপঞ্জী**

১) শ্রী শম্ভুচন্দ্র বিদ্যারত্ন, *বিদ্যাসাগর-জীবনচরিত* (কলকাতা, ১২৯৮)

২) এস কে বোস, *ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর* (ন্যাশনাল বুক ট্রাষ্ট, ১৯৭২)

৩) শ্রী যোগেশ চন্দ্র বাগল, *উনবিংশ শতাব্দীর বাংলা* (শনিরঞ্জন প্রেস, কলকাতা,১৩৪৮)

৪) Subal Chandra Mitra, Isvar Chandra Vidyasagar Story of his Life and Work, (Parul Prakashani, ২০০০)

৫) ইন্দ্রমিত্র, *করুণাসাগর বিদ্যাসাগর* (আনন্দ, ১৯৬৯)

৬) বিনয় ঘোষ, *বিদ্যাসাগর ও বাঙালী সমাজ* (ওরিয়েন্ট ব্ল্যাকসোয়ান, ২০১১)

৭) আশীষ খাস্তগীর সম্পাদিত, *বাংলা প্রাইমার সংগ্রহ (১৮১৬-১৮৫৫)* (পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি, ২০০৬)

**ডঃ প্রদীপ্ত গুপ্ত রায় :** পদার্থবিদ্যায় পি.এইচ.ডি। গবেষণার বিষয় High Energy Heavy Ion Collisions. ইংরেজি এবং বাংলায় বিভিন্ন আন্তর্জাতিক ও দেশীয় পত্রপত্রিকায় নিয়মিত লেখক। গবেষণা পত্রের সংখ্যা ৭০। পুরুলিয়ার রঘুনাথপুর কলেজে দীর্ঘদিন অধ্যাপনার পরে বর্তমানে দমদম মতিঝিল কলেজের অধ্যক্ষ হিসাবে কর্মরত।

# গল্প



**কুলদা রায়** : জন্ম ১৯৬৫ বাংলাদেশ। কৃষি বিষয়ে স্নাতকোত্তর। গল্পকার, অনুবাদক, প্রবন্ধকার ও ব্লগার। প্রকাশিত বই : গল্প – কাঠপাতার ঘর, বৃষ্টিচিহ্নিত জল, মার্কেজের পুতুল ও অন্যান্য গল্প । প্রবন্ধ – রবীন্দ্রনাথের জমিদারগিরি ও অন্যান্য বিতর্ক, বঙ্গভঙ্গ, ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা ও রবীন্দ্রনাথ । বর্তমানে নিউ ইয়র্কবাসী।

**Chumki Chatterjee** — Co-editor, Kishore Bharati Magazine. CEO — Patra Bharati Publication. Hobbies : Reading, writing, shopping.

**ডঃ উৎপল ভদ্র** : ভূতপূর্ব ডেপুটি ডিরেক্টর শি শি এম বি রিসার্চ ইনস্টিটিউট, ভারত। অধুনা নিজস্ব কনসালটেন্সি ফার্মে কর্মরত ম্যানেজিং ডিরেক্টর। ইংলিশ ও বাংলা বিজ্ঞান ও মেডিকেল পুস্তক লেখক। এনন আরবর তার অস্থায়ী বাসস্থান)

**স্বর্ভানু সান্যাল** – জন্ম হাওড়ার রামরাজাতলায়। ছাত্রজীবন কেটেছে পুরুলিয়া, হাওড়া ও দূর্গাপুরে। কর্মজীবনে সফটওয়্যার ইঞ্জিনিয়ার। চাকরিসূত্রে বিভিন্ন দেশ ঘুরে শেষ নয় বছর আমেরিকার শিকাগোয় কর্মরত। পেশাদারি এবং পারিবারিক জীবন বাদ দিলে, তার অনেকটা সময় কাটে সাহিত্যচর্চা করে। অনুগল্প, রম্যরচনা, কবিতা, স্মৃতিকথা নিয়মিত লিখে থাকেন। ''যযাতির ঝুলি'' (https://jojatirjhuli.net) নামে তার ব্যক্তিগত ব্লগ আছে এবং সেই ব্লগ এর মাধ্যমে তার লেখা নিয়মিত পাঠকদের সাথে ভাগ করে নেন। ব্লগটি বেশ জনপ্রিয় এবং সেটির সাথে লিঙ্কড একটি ফেসবুক পেজও আছে (https://www.facebook.com/jojatirjhuli)। প্রতিটা লেখকের মধ্যেই বাস করে তার লেখার এক চরম ও নির্দয় বিচারক। স্বর্ভানুর বিচারে সে সাহিত্য সাগরের ধারে বসে শুধুমাত্র নুড়িই কুড়িয়েছে। অন্য শখের মধ্যে আছে বেড়ানো, ফটোগ্রাফি, গান শোনা। আর অবশ্যই কারণে অকারণে একটু গড়িয়ে নেওয়া।

**সুদীপ নাথ** : পেশায় সফটওয়ার এঞ্জিনিয়ার কিন্তু নেশায় লেখক। কলেজে কবিতা লেখার দিন ছেড়ে আসার পর ২০১৩ সাল থেকে হঠাৎ করে তার লেখনী আবার চলতে শুরু করেছে। যেন এত দিন যে শব্দগুলো মনে মনে লেখা হত, আজকাল তারা কীবোর্ডের ছোঁয়া পাচ্ছে। ২০১৬ সালে প্রথম কবিতার বই 'নির্বাসিত কবিতা' এবং বিভিন্ন পত্রিকায় গল্প/কবিতা প্রকাশিত হয়েছে। ২০১৭ সালে দেশ পত্রিকায় প্রকাশিত ছোট গল্প 'মনের গভীরে' দেশ বিদেশের অনেক পাঠকের মনে গভীর রেখাপাত করেছে। ২০১৮ সালে প্রকাশিত হয় তার প্রথম উপন্যাস 'মফস্বলের মেসি'। এর পরে ছদ্মনামে লেখা 'সন্তান' (দেশ পত্রিকা) এবং 'ভ্রূণ' (সানন্দা পত্রিকা) গল্পদুটিও অনেকের মন কেড়েছে। কবিতা, গল্প, উপন্যাস – যখন যা ইচ্ছে হয় তাতেই কলম চলে।

**Snehasis Ganguly** has a published book called "Square Peg in a round hole" and several works in progress. When not working on political campaigns or street protesting, he spends time on gardening, sports, traveling the world, amateur plays and learning guitar. He leads the strategy and planning group at Ford at his day job.

# কুলদা রায়

## মার্কেজের পুতুল

একদিন বিকেলবেলাতেই লোকটি টেবিল পেতে ডানকিন ডোনাট কফিশপের পাশে বসল। মাঝারি সাইজ। সাধারণ স্প্যানিশদের মতো হতশ্রী দশা তার নয়। চমৎকার ম্যাচ করে স্যুট প্যান্ট টাই পরা। কলাম্বিয়ান কার্নিভ্যালের টিকিট বিক্রি করছে। স্পানিশ টানে ইংরেজি বলে।

নাম পেদ্রো।

আমি দিনের বেলার একটু সময় পেলেই এই কফিশপে সময় কাটাই। এ এলাকায় থাকি বলে এদের সবার সঙ্গেই আমার খুব ভালো চেনাপরিচয় আছে। তারা আমাকে দাদা বলে ডাকে।

বড় আকারের কাপে কালো কফি নিয়েছে পেদ্রো। তাকে শুধালাম, তুমি কি মার্কেজকে চেনো ?

– আলবৎ চিনি। বলে হাসল পেদ্রো। তারপর পকেট থেকে খুব যত্নে একটা আধখাওয়া সিগার বের করল। দাঁতে চেপে তাতে অগ্নিসংযোগ করে বলল, অনেক মার্কেজই আছে। তুমি কোন মার্কেজের কথা বলছ ?

– গ্যাব্রিয়েল গার্সিয়া মার্কেজ।

– হু। কী করে ?

– লেখে। কথাসাহিত্যিক। কলাম্বিয়ার যাদুবাস্তববাদী কথাসাহিত্যিক।

না। সে চেনে না এই নামে কোনো যাদুকরকে। ঘাড় নেড়ে জানাল পেদ্রো।

পরদিন তাকে টাইম ইন দি ডেজ অব কলেরা বইটির কভার থেকে মার্কেজের ছবি দেখালাম। দেখে বলল – ও, গাবো। তুমি আমাদের গাবোর কথা বলছ। গাবো বেশ বড় যাদুকর। গাবোর দিদিমা ভুডু জাদু জানত। ইচ্ছে করলে জলজ্যান্ত কাউকে গায়েব করে দিতে পারত। আবার মৃত মানুষকেও হাজির করতে পারত। ইচ্ছে করলে কাউকে কাউকে জ্যান্ত করে রাখতে পারত শত শত বছর। পরী আনতে পারত। অদ্ভুত সব কাণ্ড কারখানা। শোনা যায়, বুড়ি দিদিমা মৃত্যুকালে প্রিয় নাতি গাবোকে তার জাদু বিদ্যা দান করে গেছে।

যাদু নিয়ে আমার মাথাব্যথা নেই। তবে শাকিরাকে নিয়ে আছে। শাকিরার গান শুনি। পত্রপত্রিকায় তার কোনো খবর বের হলে গোগ্রাসে গিলি। সেখান থেকেই জেনে গেছি – মাদক, সন্ত্রাস আর ভুডু জাদুর দেশ কলাম্বিয়ায় শাকিরা ১৯৭২ সালে জন্মেছে। নিজে গান লেখে, সুর করে আর বিশেষ ধরনের বেলি ড্যান্স করতে করতে গান গায়। সে বিদ্যুৎলতার মতো স্টেজ পারফরম্যান্স করে। বিশ্বকাপ ফুটবলের আসরে শাকিরা তিনবার গান গেয়েছে। দুইবার গ্র্যামি এওয়ার্ড পেয়েছে। তার গানের এলবাম সর্বাধিক বিক্রি হয়। শাকিরা আমার প্রিয় শিল্পী।

মার্কেজকে রেখে এবার পেদ্রোকে শুধালাম, শাকিরা আসবে তোমাদের কার্নিভালে ?

– ও শাকিরা। শাকিরা শব্দটি শুনেই সে নেচে উঠল। স্প্যানিশ ভাষায় গেয়ে উঠল –

লা চিকাস এস্তান একুই এস্তা নোচে

নো পেলেইস, নো পেলেইস।

টেনেমোস এ লোস রিফুইজিদাস একুই

নো পেলেইস, নো পেলেইস

শাকিরা শাকিরা

আশেপাশে কয়েকটি কলাম্বিয়ান যুবকযুবতী ছিল। তারাও পেদ্রোর সঙ্গে যোগ দিল। কোমর দুলিয়ে তাদের

নাচে গানে বেশ জমে উঠল। ডানকিন ডোনাট কফিশপের কর্মী রোজা কফি বানানো রেখে তাদের সঙ্গে সুর মেলালো। সে গাইল ইংরেজিতে –

এন্ড আয়াম অন টুনাইট ইউ নো মাই হিপস ডোন্ট লাই

এন্ড আয়াম স্টারটিং টু ফিল ইটস রাইট

সবাই সমস্বরে গেয়ে উঠল – শাকিরা শাকিরা।

পেদ্রো নাচ গান শেষ করে আমার কাঁধ চাপড়ে বলল, শাকিরা এই কার্নিভালে আসবে। তাকে ছাড়া কলাম্বিয়ার কার্নিভাল অসম্পূর্ণ।

২.

দিনটা রবিবার। ভোর থেকেই ব্রুকলীনের ফ্লাশিং এভিনিউয়ে কলাম্বিয়ার লোকজন আসছে। এভিনিউয়ের দুপাশে তাবু গেড়ে দোকান পাট বসেছে। এর মধ্যে বেশ কিছু খাবারের দোকানও বসেছে। পুলিশ এই রাস্তাটি বন্ধ করে দিয়েছে। সাধারণ গাড়ি চলছে না। বেলা বাড়তেই সেজে গুজে বাদ্য বাজনা বাজিয়ে রঙ বেরংএর পোষাক পরে কলাম্বিয়ান লোকজনদের দীর্ঘ প্যারেড শুরু হয়েছে। তাদের কারো কারো মুখে মুখোশ। কারো বা গায়ে খুব সংক্ষিপ্ত পোষাক। ছেলেমেয়ে পরিবার পরিজন নিয়ে এই প্যারেড মুখরিত হয়ে উঠল। এদের অধিকাংশকেই অন্য সময়ে দেখা যায় না। স্প্যানিশভাষী এরা সাগর পার হয়ে অবৈধভাবে আমেরিকা দেশটিতে এসেছে। খুব অল্প পারিশ্রমিকে কাজ করে। ইংরেজি ভাষাটিও ঠিক মতো বলতে পারে না। পেদ্রোকে পাওয়া গেল একটি ঘোড়ার আদলে। একদল মেয়ের সঙ্গে নাচতে নাচতে চলেছে। পুরো তুরীয় অবস্থা।

ছুটে গিয়ে তাকে শুধালাম, শাকিরা এসেছে ?

পেদ্রোর কথা বলার সময় নেই।

কোনোভাবে অস্ফূট কণ্ঠে বলল, কে ?

– শাকিরা।

ইশারায় বলল, আসবে। আসবে। কেউ বাদ যাবে না। চিন্তা নেই।

এবারে পেদ্রো শাকিরার আরেকটা গান ধরল –

উই গট দি রিফুজিস আপ ইন হেয়ার

নো ফাইটিং, নো ফাইটিং

মেয়েগুলো সমস্বরে গাইল –

শাকিরা! শাকিরা!!

আর পুরো প্যারেড কোনো এক গভীর বিষণ্ন গলায় ঘুরিয়ে ফিরিয়ে গাইল –

উই গট দি রিফুইজিস আপ ইন হেয়ার

বিকেল নাগাদ রাস্তায় মঞ্চ তৈরি শেষ হলো। উচ্চলয়ে যন্ত্রসঙ্গীত বাজছে। কিন্তু শাকিরা আসবে কিনা কেউ আমাকে বলতে পারল না। সেটা নিয়ে কেউ চিন্তিতও নয়। কার্নিভাল খুব জমে উঠেছে।

এর মধ্যে পেদ্রো এক ফাঁকে উঁকি দিয়ে আমাকে বলল, হে ম্যান, তোমার শাকিরা এসে যাচ্ছে।

– কোথায় ?

– ডানকিন ডোনাট কফিশপে।

শুনে কফিশপের কর্মী রোজা ছুটে এলো দরোজার দিকে। আমাকে শুধালো, কে আসবে দাদা ?

– শাকিরা। শাকিরা আসবে। আমি রোজাকে উত্তর দিলাম।

রোজা খুব খুশি। তার ইচ্ছে শাকিরাকে সে বরণ করবে সবার আগে। তাকে একটু নেচেও দেখাবে। তাকে নিজের হাতে হট-চকোলেট ড্রিংক বানিয়ে দেবে। খুব দ্রুত তার ঠোঁটে একবার লিপজেল বুলিয়ে নিল।

৩.

এ সময়ে কফিশপের দরোজা ঠেলে একজন ঢুকল বটে, কিন্তু শাকিরা নয় – ঢুকল মাঝারি গড়নের একজন লোক। লোকটির মাথায় ম্যাগডেলেনা নদী এলাকার সামবেরো ভুয়েলটিয়াও টুপি।

লোকটি একটু হেসে কফির অর্ডার দিলেন। রোজা অন্যমনস্কভাবে তার কফি বানাল। তার মন পড়ে আছে রাস্তার দিকে।

একটা বড়ো আকারের কাপে কফি নিয়ে লোকটি বসলেন জানালার পাশে – রাস্তার ধার ঘেষে। রোজা তখনও দরোজার দিকে চেয়ে আছে। কাস্টমারের দিকে মন নেই। এটা বেশ অস্বস্তিকর। যে কোনো রেস্তোরার জন্য বিপজ্জনক। কাস্টমার ম্যানেজারের কাছে অভিযোগ করতে পারেন। তাতে কফিশপের কর্মীর চাকরি চলে যেতে পারে।

কফিতে কয়েক চুমুক দিয়ে লোকটি রোজাকে বললেন, তোমরা কার জন্য অপেক্ষা করছ ?

– শাকিরার জন্য।

– শাকিরা আসবে না। খুব নিশ্চিত হয়ে ঘোষণা করলেন তিনি। তারপর কফির কাপের ঢাকনাটা খুলে এক প্যাকেট কৃত্রিম চিনি এসপ্লেনডা মেশালেন।

শুনে আর্তনাদ করে উঠল রোজা।

তিনি খুব ঠাণ্ডা মাথায় জানালেন, অস্ট্রেলিয়াতে পূর্বনির্ধারিত কনসার্টে যোগ দিতে শাকিরা চলে গেছে।

– তাহলে ?

– তাহলে শাকিরাকে আনা হবে।

– কিভাবে ?

– সেটা শুনতে চাইলে থ্রি স্কুপ নেস্পেরো আইসক্রিম নিয়ে এসে তো মেয়ে। বলে লোকটি বেশ ভারিক্কি চালে তার পুরু গোফে একবার হাত বোলালেন। তারপর যোগ করলেন, নাথিং ইজ ফ্রি ইন আমেরিকা।

এই কফিশপে বাস্কিন রবিন কোম্পানীর বহু পদের আইসক্রিম পাওয়া যায়। কিন্তু নেস্পেরো আইসক্রিম পাওয়া যায় না। সেজন্য রোজা খুব মন খারাপ করে বলল, স্যরি স্যার।

লোকটি হাসলেন। বললেন, চিন্তা নেই। তুমি ডাবল চকোলেট আইসক্রিম নিয়ে এসো। তা দিয়েই আমার কাজ চালিয়ে নেব। বুঝলে, আমার নাম কলাম্বিয়ার গাবো।

গাবো ব্যাগ থেকে দুটো ফল বের করলেন। বাইরেটা হলুদ বর্ণ। ছুরি দিয়ে কাটলেন। ভেতরটা সফেদা ফলের মতো। বেশ কাঁচা মিষ্টি গন্ধ আসছে।

আমার মুখের দিকে তাকিয়ে তিনি বললেন, তোমাদের ভারত দেশে এই ফলটি দেখে এসেছিলেন আমার বন্ধু পাবলো।

পাবলোর নাম শুনিনি। আমার বেশ কৌতুহল হলো। গাবোকে জিজ্ঞেস করলাম, কে পাবলো ?

– পাবলো নেরুদা। পৃথিবীর মহান কবি। তিনি লিখেছেন, "আজ রাতে লিখে যেতে পারি আমি পৃথিবীর দু:খিততম কবিতা"। ফ্যাস ফ্যাস করে কবিতাটির কয়েকটি চরণ শোনালেন তিনি। কবিতাটি শোনাতে শোনাতে খুব যত্নের সঙ্গেই নেস্পরো ফল আইস্ক্রিমের মধ্যে মেশাতে লাগলেন। আয়েস করে খেতে খেতে গাবো পাবলো সম্পর্কে বেশ কয়েকটি তথ্য দিলেন। ১৯২৬ সালে পাবলো রেঙ্গুনে চাকরি করতে চলে যান। সেটা ছিল তাঁর নি:সঙ্গ বাস। ১৯২৮ সালে তিনি বৃটিশ ইন্ডিয়ার কোলকাতায়ে আসেন। কংগ্রেস পার্টির মহাসম্মেলন চলছিল সেখানে। মহাত্মা গান্ধীর সঙ্গে তাঁর দেখা করার ইচ্ছে। দেখাও হলো। মহাত্মা গান্ধীই তখন পাবলো নেরুদাকে এই ফলটি খেতে দিয়েছিলেন। তার খোসার রংটি ধূসর। আমাদের দেশের ফলটির খোসা হলুদ। নাম নেসপেরো। গান্ধী শুধালেন তাঁকে, স্বাদ কেমন ?

পাবলো উত্তর করলেন, মধুর।

– হ্যাঁ। মধুরতাই জীবন। তার মধ্যে হিংসা রাখতে নেই। গান্ধি ফলটির ভারতীয় নাম বলেছিলেন, সফেদা।

পাবলো ১৯৫০ সালে প্যারিস থেকে স্বাধীন ভারতে যান। বিশ্ব শান্তি পরিষদের সভাপতি বিজ্ঞানী জুলিও কুরি দুটো চিঠি দিয়েছিলেন তাঁর হাতে। একটি বিশ্বখ্যাত পদার্থবিজ্ঞানী সি ভি রমনের জন্য আরেকটি ভারতের প্রধানমন্ত্রীর জন্য। প্রধানমন্ত্রী তখন পণ্ডিত জহরলাল নেহেরু।

নেহেরু পাবলোর সঙ্গে বিশেষ কথা বললেন না। পৃথিবীতে তখন দ্বিতীয় বিশ্বযুদ্ধোত্তর স্নায়ুযুদ্ধ শুরু হয়েছে। আমেরিকা ও রাশিয়া – দু পক্ষই তাঁকে তাঁদের

সঙ্গে যোগ দিতে চাপ দিচ্ছে। তিনি সিদ্ধান্ত নিতে পারছেন না। বিদেশী যে কাউকেই তখন সন্দেহের চোখে দেখা হচ্ছে। এয়ারপোর্টে গোয়েন্দারা পাবলোর লাগেজ ঘাটাঘাটি করে দেখেছে। কিছু কাগজপত্র নিয়ে গেছে। নেহেরুর কাছে প্রতিবাদ করেও কোনো সদুত্তর পেলেন না। এমন কি তিনি আগ্রার তাজমহল দেখার অনুমতি চাইলেন। কিন্তু সেটাও তাকে দেওয়া হলো না। মন খুব খারাপ হয়ে গেল।

এরমধ্যে একটি বিষয়ই পাবলোর ভালো লাগল, সেটা হলো নেহেরুর বোনের সঙ্গে আলাপ। অসাধারণ সুন্দরী নারী তিনি। দুজনে একটি ডিনারে বসেছেন। তিনি পরেছিলেন ভারতের অতি বিখ্যাত শাড়ি। শাড়ি, সোনার গয়না আর মুক্তোর হার থেকে নানা রঙ বিচ্ছুরিত হচ্ছিল। তার মধ্যে তিনিই ছিলেন সবচেয়ে উজ্জ্বল – অপরূপ অভিনেত্রীর মতো দেখাচ্ছিল তাকে। মনে হচ্ছিল তিনি কোনো অচিন দেশের রাজকন্যা। তিনি তার অঙ্গুরীসজ্জিত অনিন্দ্য সুন্দর আঙ্গুল দিয়ে প্লেট থেকে খাবার নেড়েচেড়ে মুখে নিচ্ছিলেন। তার কথাবলার ধরণটি ছিল মধুর। পাবলো তার প্রেমে পড়ে গেলেন। নেহেরুর নিরুত্তাপ আচরণ ভুলিয়ে দিল নেহেরুর বোন বিজয়লক্ষ্মী পণ্ডিত।

এই স্মৃতি নিয়ে দিল্লী থেকে কোলকাতায় কবিবন্ধু বিষ্ণু দের কাছে গেলেন পাবলো। বিষ্ণু দে-ই তাঁকে বললেন, প্রতিবেশি দেশের সঙ্গে ভারতের সম্পর্ক নিয়ে প্রধানমন্ত্রী নেহেরু তখন ভীষণ উদ্বিগ্ন। দেশের পরিস্থিতি খুব খারাপ। যে কোনো সময় যুদ্ধ লেগে যেতে পারে।

একদিন বিকেল বেলা পাবলো গঙ্গার তীরে গেলেন। শান্ত হাওয়া। হাওড়ার ব্রিজ দেখা যাচ্ছে। একা হেঁটে যেতে লাগলেন। এর মধ্যে একটি জটলা দেখে থেমে গেলেন। দেখতে পেলেন, একটি কিশোরী মেয়ে নূপুর পারে ঘুরে ঘুরে নাচছে। লোকজন তালি দিয়ে উৎসাহ দিচ্ছে। কেউ কেউ তাকে নিয়ে হাসাহাসি করছে। কেউ কেউ তার খুব কাছে এসে কোমর দোলাচ্ছে। কেউ বা ফাঁকে ফোঁকরে তার শ্লথ বসন ধরে একটু টান দিচ্ছে। মেয়েটির সেদিকে কোনো ভ্রুক্ষেপ নেই।

মেয়েটির চোখ ম্লান। মুখে আঁচড়চিহ্ন। গর্ভবতী বলেই মন হয়।

মেয়েটি খুব মৃদু স্বরে একটি গানও করছে। এতো মৃদু যে তা কান না পাতলে শোনা যায় না। তার অর্থও বোঝা যায় না। সন্ধ্যা হয়ে আসছিল। পুলিশ এসে এই জটলাকে হটিয়ে দিলেও মেয়েটির নাচ থামল না। পাবলোর দিকে একবার চোখ তুলে বলল, হা কৃষ্ণ..। আর কিছু নয়।

বিষ্ণু দে পাবলোকে জানালেন, মেয়েটি পূর্ববঙ্গ থেকে দাঙ্গার ভয়ে দেশ ছেড়ে এই দেশে রিফিউজি হিসেবে এসেছে। পূর্ববঙ্গের এই রিফিউজিরা পশ্চিমবঙ্গে ভরে গেছে। তাদের থাকার জায়গা নেই। উন্মুক্ত আকাশের নিচে আছে। রোদে পুড়ছে। বৃষ্টিতে ভিজছে। শীতে কাপছে। অনাহারে, অপুষ্টিতে রোগে শোকে মরছে। ভয়ানক অবস্থা।

বিষ্ণু দে পাবলোকে বেশ কিছু পেপার কাটিং দিলেন। গাবো সেগুলোকে খুব যত্নের সঙ্গে তার ব্যাগ থেকে বের করে আমাকে দেখালেন। কিছু ইংরেজিতে। কিছু বাংলা পত্রিকার কাটিংস।

পড়ে দেখি লেখা আছে – ১৯৫০ সালের ১৩ ফেব্রুয়ারি রাজনৈতিক নেতা একে ফজলুল হককে কোলকাতায় মেরে ফেলা হয়েছে বলে জোর গুজব রটে যায়। তারপর বরিশাল শহরে ৩০টি বাড়িঘরে দোকানপাট আগুন দিয়ে পুড়িয়ে দেওয়া হয়। একজনকে পিটিয়ে মারা হয়। এরপর ঝালকাঠি, গৌরনদী, নলছিটি, বাবুগঞ্জ, মূলাদীর বিভিন্ন গ্রামে একতরফাভাবে দাঙ্গা ছড়িয়ে পড়ে মার্চ মাস পর্যন্ত। আড়াই হাজারের মতো মানুষ খুন হয়। নিখোঁজ হয় দুই হাজারের মতো মানুষ। অসংখ্য নারী ধর্ষণের শিকার হয়। কয়েকজন নারী নির্যাতন সহ্য করতে না পেরে থানার সামনে গলায় দড়ি দিয়ে আত্মহত্যা করে।

গাবো আমার পড়া থামিয়ে জিজ্ঞেস করলেন, তুমি কি জানো এই দাঙ্গায় ঐ এলাকার কতো মানুষ দেশত্যাগ করে পাশের দেশে রিফিউজি হয়েছিল?

এ জিজ্ঞাসার উত্তর দেওয়ার আগেই গাবো নিজেই উত্তর দিলেন – প্রায় ছয় লাখ। এমনকি সংখ্যাগুরু সম্প্রদায়ের যেসব মানুষ এই দাঙ্গাপ্রতিরোধ করতে গিয়েছিল তারাও আক্রান্ত হয়।

গাবোর কথা শেষ হলে আনন্দবাজার পত্রিকার একটি রিপোর্ট চোখে পড়ল। সেখানে লেখা হয়েছে –

নারীদের সম্মুখে বাছিয়া বাছিয়া পুরুষদিগকে হত্যা

১৭ই ফেব্রুয়ারি সন্ধ্যায় প্রায় ১২শ স্থানীয় মুসলমান মূলাদী বন্দর আক্রমণ করে এবং সারাদিনব্যাপী লুটতরাজ চলে। বন্দরসঙ্গলগ্ন গ্রামগুলিও আক্রান্ত হয়, পুরুষদিগকে হত্যা করা হয় ও নারীদের উপর অত্যাচার চলে। বিপন্ন নরনারীগণ দলে দলে আসিয়া থানায় আশ্রয় নেয়; কিন্তু সেখান হইতে দারোগার নির্দেশে তাহাদিগকে থানা ত্যাগ করিয়া যাইতে হয়। অসংখ্য হিন্দু নরনারী ও শিশু জীবনভয়ে কয়েকটি গুদামে আশ্রয় লইয়াছিল। ৬/৭শ সশস্ত্র মুসলমান বেলা প্রায় ১০/১১টার সময় গ্রামগুলি আক্রমণ করে। মেয়েদিগকে প্রাণে না মারিয়া সর্বপ্রকারে লাঞ্ছিত করে এবং তাহাদের সম্মুখেই বাছিয়া বাছিয়া পুরুষদিগকে হত্যা করে। ৫/৬শত লাঞ্ছিত নারীকে গুণ্ডারা হরণ করিয়া লইয়া গিয়েছে।

-------------------------

আমার পড়া শেষ হলে গাবো পেপারকাটিংগুলো খুব যত্নের সঙ্গে গুছিয়ে ব্যাগে রাখলেন। ফিরে গেলেন পাবলোর কোলকাতার ঘটনা বর্ণনায় –

পরদিন আবার পাবলো একটু ভোরবেলা একা গঙ্গানদীতে গেলেন। দেখতে পেলেন কয়েকজন লোক নদীতে নেমে কিছু একটা ভাসাচ্ছিল। মনে হলো ওটা একটি ছোটোখাটো কোষা নৌকা। তার কোনো বৈঠা নেই। পালও নেই। তখন পাবলোর মনে হলো – ওটা ঠিক কৌষা নৌকা নয় – একটি অতিকায় বোয়াল মাছ। জোয়ারের স্রোত আছড়ে পড়ামাত্র দেখতে পেলো, ওটা মাছও নয় – কোনো দেবীর বিগ্রহ। পূজা শেষে ভক্তবৃন্দ তাঁকে নিরঞ্জন করছে। কাছে আসতেই তিনি দেখতে পেলেন ওটা দেবী নয় – সেটা একটা মানুষের মৃতদেহ। এবং মৃতদেহটি একজন কিশোরীর। লোকগুলো একধরনের শান্ত সমাহিত ভাব মুখে ফুটিয়ে তোলার চেষ্টা করলেও ভেতরে ভেতরে বেশ বিরক্ত হচ্ছিল। তারা যতবারই মেয়েটিকে জলে ভাসিয়ে দিচ্ছিল, ততবারই সেটা ফিরে ফিরে আসছিল। নদী তাকে নেবে না। লোকজনকে পাবলো জিজ্ঞেস করলেন, মেয়েটি কে ?

তারা বলল, এই মেয়েটি পূর্ববঙ্গ থেকে এসেছিল শরণার্থী হিসেবে। কিন্তু তার সঙ্গে কেউ ছিল না। তাকে কলকাতার লোকজনও রেপ করেছে। গঙ্গার পাড়ে কেউ রেপ করে ফেলে রেখে গেছে। সারা রাত নদীর পাড়ে পড়ে থাকার জন্য শেয়াল কুকুরে খেয়েছে। বিভৎস হয়ে উঠেছে। তাকে শ্মশান ক্ষেত্রে নিয়ে যাওয়ার উপায় নেই। তাছাড়া এই জনমের দুর্ভাগা মেয়েটি যেন পরজনমে ভালো জীবন পায় সেজন্যই তাকে পবিত্র গঙ্গায় দিয়েছে। স্বর্গ থেকে আগত মা গঙ্গা সব পাপ ধুয়ে সূচি করে দেন।

পাবলোর মনে হলো – মেয়েটি মৃত নয়। নিদ্রিত সুন্দরী। জলের ঝাপটায় তার চোখ খুলে খুলে যাচ্ছিল। কিন্তু আশ্চর্য সুন্দর সেই চোখ দুটো। কোনো অভিযোগ নেই। যেন কারো প্রতীক্ষা করছে। লোকগুলো বারবার সেই খোলা চোখদুটোর পাপড়ি বন্ধ করে দিচ্ছিল। কিন্তু সবাইকে হতবাক করে জলের ঝাপটায় খুলে খুলে যাচ্ছিল। সে জল কিন্তু নদীর নয়। উদগত অশ্রু। বেশি নয়। এক ফোটা। ভারী। নদীর জলের সঙ্গে কোনোভাবেই মেশে না। কিন্তু সে জল নদীর জলকে ধীরে ধীরে রক্তবর্ণ দিচ্ছে। মাছি উড়ছে তাঁর ক্ষত বিক্ষত মুখটিতে। সেই মুখটি থেকে দুটি শব্দ বের হলো – হা কৃষ্ণ।

লোকগুলো এই শব্দ শুনতে পেয়েছে কি পায়নি সেটা ঠিক বোঝা গেল না। তারা মৃতমেয়েটিকে ছেড়ে জলের উপরে উঠে এলো। তারা গঙ্গাস্তোত্র পাঠ করতে করতে চলে গেল। কিন্তু সেই স্তোত্রের বদলে পাবলোর কানের ভেতরে মৃত মেয়েটির অস্ফুট শব্দ দুটি বিনবিন করে বাজতে লাগল। ক্রমশ তার মাথার মধ্যে ঢুকে পড়ল। আর চোখের মধ্যে ভাসতে লাগল সেই বিভৎস মুখটি। পাবলো পাগলপ্রায় হয়ে গেল। তার খাওয়া নেই। নাওয়া নেই। ঘুম নেই। আতঙ্কে মরে যাওয়ার দশা।

তখন কোলকাতা শহরে তেমন কোনো সাইক্রিয়াট্রিস্ট ছিল না। বিষ্ণু দে-ই তাকে কালীঘাটে একজন সাধুর কাছে নিয়ে গেলেন। সাধুটি তাকে মেয়েটির বিক্ষত মূর্তিটির একটি মানস চিত্র দেখান। বলেন, ভয় পেয়ো না।

কিন্তু সেটা দেখে পাবলোর সারা আতঙ্ক জেগেছে। সেটা দেখে সাধুজি যাদু বলে বিভৎস দর্শন মেয়েটিকে

একটি প্রকৃত সুশ্রী চেহারায় রূপান্তর করেন। মুখশ্রীটি নেহেরুর বোনের মতো। এবং সেটা দেখে নেরুদার মন শান্ত হয়।

সাধু শুধালেন, একে দেখে আর ভয় করে?

মেয়েটির হাসি হাসি মুখশ্রী। পদ্ম ফুলের সৌরভ ভেসে আসছে। দেখে মনের বিকার চলে গেল। শান্ত হলেন পাবলো। মনে হলো এই মেয়েটিকেই সারা জনমভর দেখার মতো সুখ আর কিছুতে নেই। মাথা নেড়ে সাধুকে উত্তর দিলেন, না। ভয় নয়। ভালোবাসতে ইচ্ছে করে।

এই কথার পরে সাধু মৃত মেয়েটিকে ছোটো একটি পাথরের মূর্তিতে রূপান্তরিত করলেন। তার হাতে দিয়ে বললেন, এই মনোহর পুতুলটিকে তোমার কাছে রাখো। তাহলে তোমার আতংক থাকবে না।

সাধু তাকে আরো জানালেন, এই পুতুলে উৎকীর্ণ মেয়েটির সঙ্গে যদি তোমার প্রত্যক্ষ পরিচয় থাকে, যদি প্রকৃত প্রেমের সম্পর্ক থেকে থাকে দুজনের মধ্যে, তবে যাদু দিলেই পুতুলটি সেই মানুষটিতে রূপান্তরিত হবে। জ্যান্ত মানুষটি তাদের সামনে এসে দাঁড়াবে। যা বলবে মূর্তিটি তাই করবে।

এই পুতুলটি এক ধরনের ভুডু পুতুল।

পুতুলটিকে নিয়ে পাবলো ভারত ছাড়লেন। সঙ্গে সঙ্গে রাখলেন। আর কখনোই তাকে কোনো ধরনের আতংকবোধই আক্রান্ত করেনি। তিনি বিভিন্ন দেশে চিলির দূত হিসেবে কাজ করেছেন। দেশের রাজনীতিতে অংশ নিয়েছেন। এমনকি একবার প্রেসিডেন্ট পদেও দাঁড়াতে চেয়েছিলেন। তার বন্ধু আলেন্দেকে যখন আর্মিরা মেরে ফেলেছিল, তখনও পাবলো শক্ত মেরুদণ্ড নিয়ে দাঁড়িয়েছিলেন। আর্মির কাছে মাথা নত করেননি। তবে তিনি কখনোই পুতুলটিকে যাদু দেওয়ার ইচ্ছে পোষণ করেননি।

গাবো পাবলোর কথা শেষ করলেন। কফিতে চুমুক দিলেন।

পাবলোর সঙ্গে গাবোর বয়সের বেশ পার্থক্য আছে। দুজনের দেশ আলাদা। তাদের সঙ্গে বন্ধুত্ব হওয়াটা খুব সহজে হওয়ার কথা নয়। গাবোর কথাতে মনে হলো নীবিড় বন্ধুত্বই ছিল দুজনের মধ্যে। গাবোকে শুধালাম, পাবলোর সঙ্গে তোমার শেষ কবে দেখা হয়েছিল?

– ১৯৮৮ সালে। গাবো হিসেব করে বললেন।

গাবোর সঙ্গে যখন পাবলোর শেষ দেখা হয়েছিল, তখন পুতুলটি তাকে দিয়ে দিয়েছিলেন। বলেছিলেন, গাবো, আমার জীবনে কবিতা ছাড়া আর কোনো যাদু নেই। তুমি যাদু জানো। এটা রাখো। তোমার কাজে লাগতে পারে।

একথা বলে আমাকে আর রোজাকে বিশ্বাস করাতেই যেন গাবো তার ব্যাগ থেকে একটি পাথরের পুতুল বের করলেন। সেটা বেশ ছোটো হলেও নিখুঁত। নৃত্য ভঙ্গীমারত পুতুলটিকে জ্যান্ত বলে মনে হয়।

– এইবার। গাবো মন্ত্রোচ্চারণের মতো ফিসফিস করে বললেন, এইবার –

রোজা আর আমি একটু চমকে গিয়ে সমস্বরে শুধালাম, এইবার কী?

গাবো গাঢ় রহস্যময় গলায় উত্তর দিলেন, শাকিরাকে আনব।

শাকিরাকে খুব পছন্দ করেন গাবো। সময় বের করে তার বিভিন্ন কনসার্টে উপস্থিতও থাকেন। কখনো কখনো নিজেই স্টেজে চলে যান। শাকিরার সঙ্গে এই বুড়ো বয়সেও নাচেন ও গান করেন। এটা নিয়ে কিছু ফিসফাসও আছে। কারো কারো ধারণা, তিনি শাকিরাকে ভালোবাসেন। শাকিরাও তাকে বাসে। গাবোর অনুরোধে শাকিরা একটি সিনেমায় গানও গেয়েছিলেন। শাকিরা তার একটি অটোগ্রাফ নিয়েছিলেন। সেটা তার ব্যক্তিগত রুমের দেওয়ালে টানিয়ে রেখেছেন। গাবো তার ডাইরিতে লিখেছিলেন, আমরা যে জীবন যাপন করছি তা কিন্তু সত্যিকারের জীবন নয়। যে জীবনের কথা আমরা ভাবি, যে জীবনের গল্প আমরা বারবার করি – সেটাই আমাদের প্রকৃত জীবন। এই অটোগ্রাফ পেয়ে শাকিরা গাবোকে জড়িয়ে ধরে প্রকাশ্যে চুমু খেয়েছিলেন।

সেটা স্মরণ করে গাবো তার ডাইরির খোলা পাতাটিতে শাকিরার নামের উপরে চুমু খেলেন। তারপর

Continue on page 49

# Sohini Ghose

## One Way - A Digital College




With the Goddess's arrival, our hearts and souls are pulled in one direction, in "one way," towards our Motherland, towards the home that we have all left behind. This digital collage is an expression of the emotions I feel every pujo that I spend away from my homeland.



Artwork by
Mainak Mitra




Artwork by
Pritisha Sarkar (Grade 3)




Artwork by
Sampurna Chaudhuri (Amy) (Grade 6)



Artwork by
Sampurna Chaudhuri (Amy) (Grade 6)



Artwork by
Samridh Halder (Grade 3)




Artwork by
Anwita Dutta



Artwork by
Sreeja Banerjee (Grade 6)




Aarya Banerjee (Hiya)
**Palm Tree**




Aarya Banerjee (Hiya)
**May Sweet Home**



Artwork by
Srija Rajini Mahanta



Artwork by
Srija Rajini Mahanta

পুতুলটির প্রতি গভীর আগ্রহ ভরে মন:সংযোগের চেষ্টা করলেন। যতটা সামান্য বিষয় মনে হয়েছিল বিষয়টা ততোটা সামান্য নয়।

জিজ্ঞেস করলেন, কী দেখছ ?

– পুতুল দেখছি। উত্তর দিলাম। রোজাও বলল, ড্যান্সিং গার্ল।

– গুড। হাসলেন গাবো।

প্রকৃত জাদুকররা যেমন যে কোনো বিশেষ জাদু প্রদর্শনের সময় নানা কসরৎ করেন, নানা অভিনয় করেন, এমন ভাব দেখান যেন কাজটি সহজ সরল নয় – কঠিন, জটিল ও পরিশ্রম সাধ্য, যাতে করে দর্শকের মধ্যে আকর্ষণ সৃষ্টি হয়, টেনশন বাড়ে, শ্বাস রুদ্ধ হয়ে আসে, শেষ মুহূর্তের জন্যে অপেক্ষা করে – ঠিক সেরকম করেই গাবো পুতুলটিকে চোখের সামনে রেখে নানাভাবে চেষ্টা তদ্বির করতে লাগলেন। তার মুখের সহজ স্বাভাবিক রেখাগুলো পালটে যেতে লাগল। জিজ্ঞেস করলেন, এবার কী দেখছ?

– পুতুল। আমার সোজা উত্তর। রোজা বলল, নো চেঞ্জ গাবো। এবারে গাবোর মুখের হাসি উবে গেল। তার কপালে ঘাম দেখা দিল। তার হাত কাঁপতে লাগল। এবারে পুতুল থেকে শাকিরা না হয়ে পারে না। উত্তেজনায় তিনি দাঁতে দাঁত চেপে ধরলেন। চোখ বন্ধ করে ফেললেন।

তারপর গভীর আগ্রহের সঙ্গে আমার কাছে জানতে চাইলেন, শাকিরাকে দেখতে পাচ্ছ ? কি হচ্ছে বুঝতে না পেরে রোজা ড্যাব ড্যাব করে চেয়ে রইল। আমার ভয় লাগল, এই বুড়ো বেলায় গাবো নামের লোকটি আবার হার্ট স্ট্রোক করে না বসে। বললাম, গাবো, এটা ছাড়ো। শাকিরাকে দরকার নেই।

তিনি এবারে চিৎকার করে উঠলেন, থাকবে কেনো ? শাকিরা আলবৎ আসবে।

রোজা এবারে সহ্য করতে পারল না। সে কী বুঝে বলে উঠল, শাকিরাকে দেখতে পাচ্ছি।

গাবো একবার আমার মুখের দিকে, আরেকবার শাকিরার মুখের দিকে তাকালেন। তারপর পুতুলটিকে আরো গভীরভাবে দেখতে লাগলেন।

তিনি বিস্মিত হয়ে বুঝতে পারলেন, শাকিরার প্রতি তার প্রেম আছে সত্যি। কিন্তু সেটা সত্যিকারের প্রেম নয়। সেটা এক ধরনের বাৎসল্য প্রেম। গাবো তার নিজের স্ত্রীকেই গভীরভাবে ভালোবাসেন। ভালোবাসেন বলেই তার সঙ্গে সারাজীবন পার করছেন। কোনো ঝামেলা হয়নি। ফলে পুতুলটি পুতুলই রইল। শাকিরায় রূপান্তরিত হলো না।

তিনি ব্যর্থ হয়ে পুতুলটিকে ছুড়ে ফেলে দিলেন। আঁতকে জিজ্ঞেস করলাম, আহ হা হা হা করেন কি, করেন কি?

তিনি উত্তর দিলেন না। হনহন করে কারনিভালের ভিড়ের মধ্যে হারিয়ে গেলেন। রোজা আর্তনাদ করে উঠল।

৪.

এই সময় রেস্তোঁরার সামনে দিয়ে যাচ্ছিলেন একজন বুড়ো লোক। মাঝে মাঝে তাকে এই এলাকায় দেখা যায়। এক সময় একটা গ্রোসারিতে কসাইয়ের কাজ করতেন। এখন বয়স হয়েছে। কাজ করার মতো সামর্থ্য নেই। কিন্তু গার্বেজ ড্রাম থেকে খালি সোডা ও জলের বোতল টোকান। সেগুলো বিক্রি করে কিছু টাকা পয়সা পান। লোকটি কিছুটা ছিটগ্রস্থ। বিড়বিড় করেন। কান পাতলে মনে হবে তিনি কারো সঙ্গে কথা বলছেন। কিন্তু তার কোনো সঙ্গী নেই। নিজেই কথক। নিজেই স্রোতা। এখন তার কাজ নেই। এখানে ওখানে ঘুরে বেড়ান। আর সাবওয়ের বেঞ্চিতে ঘুমান। কেউ কেউ তাকে শ্যামদা নামে চেনে। তবে তার নাম শ্যাম বা শ্যামাপদ কিনা ঠিক করে বলা যায় না।

পুতুলটি এই শ্যামাপদর চোখে পড়ল। এটা তার দরকার নেই। তবু কি ভেবে পুতুলটি কুড়িয়ে নিলেন। বোতল কুড়ানো বাদ দিয়ে দাঁড়িয়ে গেলেন। চোখের খুব সামনে নিয়ে পুতুলটিকে সম্মোহিতের মতো দেখতে লাগলেন।

এভাবে বেশ কিছুক্ষণ দাড়িতে থাকতে দেখে রোজা ছুটে এসে জিজ্ঞেস করল, তুমি ঠিক আছ তো ?

শ্যামাপদ শোনেননি বলে মনে হলো। রোজা বেশ বিব্রত হলো। রেস্তোঁরার সামনে এভাবে দাঁড়িয়ে থাকার চল নেই। যদি অসুস্থ হয়ে পড়ে তবে এম্বুলেন্স ডেকে হাসপাতালে পাঠিয়ে দেবে। রোজার অনুরোধে আমি তাকে শুধালাম, কোনো সমস্যা বোধ করছেন ?

এবারে শ্যামাপদ গভীর ঘোর থেকে বেরিয়ে এলেন। আমার দিকে পুতুলটি দেখিয়ে বললেন, একে রাধারাণীর মতো লাগে।

একটু অবাক হয়ে জিজ্ঞেস করলাম, রাধাকৃষ্ণের রাধারাণী ?

তিনি মাথা ঝাঁকিয়ে কী বললেন ঠিক বোঝা গেল না। অনুমানে বোঝা গেল, হতে পারে। আবার নাও হতে পারে।

তিনি পাথরের রাধারাণীতে মেতে আছেন। বিড়বিড় করে রাধারানীর কথা বলছেন –

এই পাথরের ছোটো রাধারানীর পরণে নীলাম্বরী শাড়ি। পদ্মের মতো পা। সেখানে নূপুর। ঝুনঝুন করে বাজে। গলার দুপাশে দুটো বেণী নেমে এসেছে। হাতে কুন্দ ফুলের বাজু। চক্ষু বেয়ে জল পড়তে পড়তে থেকে গেছে। রাধারানী আকুল হয়ে গাইছে –

ওরে নীল যমুনার জল !

বল রে মোরে বল কোথায় ঘনশ্যাম –

আমার কৃষ্ণ ঘনশ্যাম।

আমি বহু আশায় বুক বেঁধে যে এলাম –

এলাম ব্রজধাম।।

কৃষ্ণবিরহে রাধারানী কেঁদে কেঁদে ব্যাকুল হয়ে খুঁজে বেড়াচ্ছে। বনে বনে, ঘরে ঘরে এই অনুসন্ধান। কিন্তু কৃষ্ণের দেখা নেই। সবাই কেঁদে কেঁদে সারা। কৃষ্ণ আছেন সর্বত্র। তিনি মিটি মিটি হাসছেন। এখনই দেখা দেবেন না। আড়ালে রইবেন।

এই পর্যায়ে এসে রাধারানীর ডানপায়ের একটি নূপুর খুলে যায়। কেউ টের না পেলেও কৃষ্ণ এই নূপুরের খসে পড়াটা দেখতে পেয়েছেন। তিনি অন্তর্জামি। তার চোখ থেকে কিছুই এড়াতে পারে না। রাধারানী এখনো টের পায়নি। টের পেলে তার নাচ থেমে যাবে। অনুসন্ধান থেমে যাবে।

সেটা অসহনীয়। কৃষ্ণ আড়াল থেকে ছুটে এসে নূপুরটি রাধারানীর পায়ে পরাতে যান। পদ্মফুলের ন্যায় রক্তাভ পা দেখে তিনি নূপুর পরাতে ভুলে যান। সেখানে তার বুক পেতে দিতে ইচ্ছে করে। বলতে ইচ্ছে করে, দেহি পদপল্লব মুদারম। অনির্বচনীয় আনন্দে তার চোখ ভিজে আসে। উষ্ণ জলের ফোঁটা পায়ে পড়লে রাধারানী চমকে ওঠেন। দেখতে পান যে কৃষ্ণকে জগৎ জুড়ে তিনি খুঁজে চলেছেন, এ জগতের সবাই খুঁজে চলেছে – সেই অধরা কৃষ্ণ তার পায়ে পড়ে আছেন। তিনিও আকুল হয়ে কৃষ্ণের পরে ভেঙে পড়েন।

তখন পুষ্পবৃষ্টি হলো। চারিদিকে হর্ষধ্বনি করে ওঠে। জয় রাধারাণী।

এর মধ্যে রাধারাণী কৃষ্ণের বাঁশিটিতে তার রাখি বেঁধে দেয়। রাখির মাথায় রাধার মাথার সোনার টিকলি ঝোলে।

কৃষ্ণ উঠে দাঁড়ায় না। রাধারাণী তাকে ফিস ফিস করে বলে, দাদা উইঠা পড়েন। লোকে সন্দো করবে।

লোকে সন্দেহ করুক আর নাই করুক, তাতে কিছু যায় আসে না। কৃষ্ণপালার এ আসর জমাটি হয়েছে। কৃষ্ণরূপী শ্যামাপদ সেটা দেখে খুব খুশি। এরপর মাধবপাশায় আসর আছে। জমিদারবাবু এবার মেডেল দেবেন বলেছেন। তার জন্য কৃষ্ণযাত্রা দলটিকে বিশেষ প্রস্তুতি নিতে হবে।

শ্যামাপদর বর্ণিত কাহিনীর এইখানে এসে তাকে, জিজ্ঞেস করি, এই রাধারাণীর বাড়ি তো বৃন্দাবন না। তাইলে কোথায় ?

এ ব্যাপারে শ্যামাপদ ঘোর থেকে ফিরে আসেন। স্থির চোখে আমার দিকে তাকিয়ে থাকেন। মনে হলো

তিনি প্রশ্নটির পুরোটা তিনি শুনতে পাননি। শুনতে পেলে উত্তর দেবেন। তাকে আবার প্রশ্নটি করি। তিনি জানান, রাধারাণীর বাড়ি বৃন্দাবনই। তবে এই রাধারাণীর নাম জ্যোৎস্না। বাড়ি মূলাদী বাজার থেকে একটু পশ্চিমে বন্দরহাটে। পাশে আড়িয়াল খাঁ নদী। হাঁটা পথে ঘণ্টাখানেক। মুলাদীর কৃষ্ণযাত্রার পালায় রাধারাণী সাজে বলে লোকে জ্যোৎস্না নামটি ভুলে গেছে। তাকে রাধারাণীই বলে সবাই আদর করে ডাকে।

এরপর শ্যামাপদ বলেন, সেদিন হিজলার কৃষ্ণপালা শেষ হলে রাধারাণীর দল মূলাদী রওনা করল। রূপসজ্জা ভাঙেনি। রাধারাণীর বেশেই চলেছে। পরণে নীলাম্বরী। পায়ে নূপুর। হাঁটলে ঝুমঝুম শব্দ হয়। সঙ্গে শ্রীকৃষ্ণ। বগলে রাখিচিহ্ন বাঁধা বাঁশিটি গুঁজে অমৃত বিড়ি ফুঁকছে। মাথায় ময়ূরপাঙখা গোঁজা।

হিজলা থেকে মুলাদী এসে পড়লে দেখা গেল, গ্রামের যুগী পাড়ায় লোক নেই। সাহাপাড়াও ফাঁকা। নমোপাড়ার লোকজন তাড়াহুড়া করে ঘর দোর রেখে চলেছে। তাদেরকে দেখে বলল, ওরে তোরা আর যাসনে। আমাগো সঙ্গে চল।

– কোথায় চলব ?

– থানার সামনে।

– থানার সামনে? চমকে উঠল শ্রীকৃষ্ণ। থানার নামে তারা ভয় পায়।

– বরিশালে কাটাকাটি লাগছে। থানার দারোগা সাবে খবর দিছেন, সেখানে গেলে রক্ষা করতে পারবে।

রাধারানীর বন্দরহাটে যেতে পারলে তার ভয় নেই। সেখানে তার স্বজনরা আছে। কিন্তু সে গেল না। শ্রীকৃষ্ণকে ছেড়ে এভাবে সে যেতে পারে না। বলে, কৃষ্ণ বিহনে রাধা বাঁচে না গো।

থানার সামনে ততক্ষণে গ্রামের লোকজন পরিবার পরিজন নিয়ে ভীড় করেছে। তারা বেশ উদ্বিগ্ন। ওসি সাহেবের সঙ্গে প্রবীণ কয়েকজন দেখা করার চেষ্টা করছেন। তিনি সন্ধ্যার আগেই বেরিয়ে গেছেন। সেকেন্ড অফিসার ফোন ধরে বসে আছেন। কারো কথা শোনার সুযোগ নেই। এদিকে রাত বাড়ছে। ভয়ঙ্কর খবর আসছে। শেষ রাতের দিকে থানায় ফিরলেন ওসি সাহেব। তিনি হুকুম করলেন উপস্থিত সবাইকে ফুড গোডাউনে আশ্রয় নিতে। সেখানে পুলিশ পাহারা দিতে পারবে। কোনো সমস্যা হবে না।

শ্যামদা বা শ্যামাপদ হঠাৎ করে থেমে গেলেন। আর কিছু বলছেন না। কোনো এক ঘোরের মধ্যে আটকে গেছেন। ঠোঁট ভয়ংকরভাবে কাঁপছে।

তাকে খুব মমতাভরে শুধালাম, তারপর ?

তিনি খুব চেষ্টা করে নিজেকে থামালেন। স্বাভাবিক মানুষের মত তাকালেন। বললেন, তারপর আর কি। তারপর আর নাই। পরদিন ভোরবেলা ঐ গোডাউনে কাউকে দেখা যায়নি। সব সাফ সুতারো। শুধু একটা লাল রক্তের ধারা নদীর স্রোতে মিশে গিয়েছিল।

– রাধারানী? – কেউ কেউ বলে, রাধারানীকে পাশের গ্রামে দেখা গিয়েছিল। কেউ কেউ বলে রাধারানী টানবাজারের মাগী পট্টিতে চালান হয়ে গেছে। আবার কেউ কেউ বলে, রাধারানী বর্ডার পার হয়ে চলে গেছে। শিয়ালদায় বসে আছে। শরণার্থী ট্রেনের অপেক্ষায় আছে।

শ্রীকৃষ্ণ রাধারাণীকে খুঁজতে খুঁজতে শেয়ালদায় গেলেন। শুনলেন, সেখানে একটি কিশোরী মেয়ে নেচে নেচে কৃষ্ণপালার গান করে। তার বসন ভুষণ ছিন্ন। খেতে দিলে খায়। না খেতে দিলে খায় না। পানি পানি বলে রব তোলে। জল দিলে চেঁচিয়ে ওঠে। বলে, রক্ত। ফেলে দেয়।

তারপর যখন, তৃষ্ণা অসহনীয় হয়ে ওঠে তখন চোখ বন্ধ করে জল খায়।

রিফুজি রেজিস্টার তাকে জিজ্ঞেস করে, নাম কি ?

– জ্যোৎস্না।

– পদবী কী ?

– বেগম। জ্যোস্না বেগম। পিং সোমেদ মুন্সী।

রেজিস্টার কলম ফেলে বলে ওঠে, মোসলমান ?

এর কোনো জবাব নেই রাধারানী অথবা জ্যোস্না বেগমের।

তাকে আর শেয়ালদায় দেখা যায় না। দেখা যায় গঙ্গার পাড়ে ঘুরতে। গর্ভচিহ্ন আছে।

শ্যামাপদকে জিজ্ঞেস করি, গঙ্গার পাড়ে খুঁজতে গিয়েছিলেন শ্রীকৃষ্ণ?

তিনি মাথা নাড়লেন, হ্যাঁ। সেখানে গিয়েছিলেন। লোকে বলল, একটি পাগলী ছিল বটে। তবে তাকে একদিন গঙ্গায় ভাসতে দেখা গিয়েছিল। কেউ কেউ বলে, তাকে রেপ করে লোকজন মেরে ফেলেছে। কেউ কেউ বলে, সে নিজেই জলে ডুবে আত্মহত্যা করেছে।

শ্যামাপদ আর সহ্য করতে পারেন না। কাটা পশুর মতো আর্তনাদ করে ওঠেন, আমার রাধা। রাধারাণী।

এ কথা বলতে বলতে শ্যামদা অথবা শ্যামাপদ তার কোমর থেকে একটি বাঁশি বের করেন। বাঁশিতে একটি রাখিচিহ্ন বাঁধা। রাখির মাথায় সোনার টিকলি ঝোলে। তার চোখ জলে ভরে ওঠে। টপ টপ করে সেই জল পুতুলটির গায়ে লাগে। পুতুলটিতে বিদ্যুতের ঝলক জাগে। ধীরে ধীরে তার আকার বড় হয়। দেখা যায়, তার পরনে নীলাম্বরী। পায়ে নূপুর। হাত ঘুরিয়ে ঘুরিয়ে নেচে ওঠে। গেয়ে ওঠে, ওরে নীল যমুনার জল/ বল রে এবার বল

কোথায় ঘনশ্যাম ...

রোজা আবার কফি বানানো ফেলে ছুটে আসে। তার সারা শরীরে আনন্দের হিল্লোল। কারনিভালের লোকজন তাকে দেখে সমস্বরে বলে ওঠে, শাকিরা। শাকিরা।

শাকিরা এসে গেছে। নেচে নেচে গান করছে।

She's so sexy every man's fantasy a refugee like me back with the refugees from a 3rd world country

I go back like when 'pac carried crates for Humpty Humpty

I need a whole club dizzy

Shakira! Shakira! Shakira!

# চুমকি চট্টোপাধ্যায়

## অপেক্ষা

সুসীমের বদলি হয়েছে পুরুলিয়া জেলার হুরা গ্রামে। ফরেস্ট রেঞ্জারদের এত উলটো পালটা জায়গা পোস্টিং দেয় জানলে ওর সঙ্গে প্রেমই করতাম না, বিয়ে তো দূরের কথা।

যা করে ফেলেছি তা নিয়ে বকবকিয়ে লাভ নেই জানি, তাছাড়া সুসীমকে আমি ভালোবাসি। হুরা তে বদলির চিঠি পেয়ে ও আমাকে বলেছিল, "রীতা, তুমি কলকাতায় থেকে যাও, আমার সঙ্গে যেও না। অজ গ্রাম, তোমার খুব কষ্ট হবে থাকতে। মাঝেসাঝে যেও। আমিও ছুটি পেলেই চলে আসব।"

আমি রাজি হইনি। দু বছর হল বিয়ে হয়েছে আমাদের, এখনই ছেড়ে থাকব সুসীমকে! না বাবা, অজ হোক ভজ হোক, আমি ওর সঙ্গেই থাকব।

সুসীম বলছিল, কোয়ার্টারটা জঙ্গলের মধ্যে। খুব গভীর জঙ্গল না হলেও আশপাশে আর কোনো কোয়ার্টার বা বাড়ি ঘর নেই। একটা গোলপাতার ছাউনি দেওয়া পুঁচকে মাটির ঘর আছে সেন্ট্রির জন্য।

ফরেস্ট রেঞ্জারের কোয়ার্টার পাহারা দেয় সেই সেন্ট্রি। আগে যিনি ওখানে পোস্টেড ছিলেন, তিনি সুসীমকে বলেছেন, আধা রাত সেই সেন্ট্রি হয় আসে না। আর এলেও হাঁড়িয়া গিলে পড়ে থাকে।

আমাকে ভয় দেখিয়ে কলকাতায় রেখে যাবার ধান্দা ছিল সুসীমের। আমি পাত্তাই দিইনি। আমার অত ভয়-ডর নেই। কী হবে ওখানে? জন্তু জানোয়ার আসবে নাহয় চোর ছ্যাঁচোর। গয়নাটয়না তো নেবই না, দামী শাড়ি জামা কাপড় বা আইপ্যাড, ডিজিটাল ক্যামেরা... ওসব কিছুই নেব না। মোবাইল আর গল্পের বই থাকলেই হবে।

***

আমরা এখন পুরুলিয়া জেলার হুরা গ্রামে। দু-কামরার ছোট্ট কোয়ার্টার। মাঝে চৌকো মতো খানিকটা জায়গা। ড্রয়িং-ডাইনিং যা খুশি বানাতে পারা যায়। এক ফালি রান্নাঘর। বাথরুম একটা আর একটা পটিরুম। দুটো আলাদা, এটাই যা অসুবিধের। মোটের ওপর দুজনের জন্য চলেবল।

যদিও সুসীমের মতে এই কোয়ার্টারে কেবল আমরা দুজন নই, আরো কেউ আছে। ও নাকি ফিল করে। কে জানে বাবা, মাসখানেকের ওপর এসেছি, আমি তো কিছু বুঝিনা। সারাদিন একা থাকি, চিন্তা করে আমার জন্য, তাই ভয় দেখিয়ে কলকাতা পাঠিয়ে দেবার ধান্দা।

সব থেকে আমার ভালো লাগছে চারিদিকের গাছপালা। এত সবুজে কখনও থাকিনি। নিশ্বাস নিয়েও আরাম। কোয়ার্টারের পেছনদিকটাতেই ঘন জঙ্গল। প্রচুর শাল গাছ। শিরিষ, অর্জুনও আছে। আর বিস্তর বাঁশ গাছ। আমি কি ছাই গাছ চিনি, এসব সুসীমের থেকে জেনে নিয়ে বলছি। লম্বা লম্বা গাছগুলোর আকাশ ছোঁওয়ার ঔদ্ধত্য আমার বেশ লাগে।

কোয়ার্টারের সামনে একটা পলাশ গাছ। বসন্ত শেষ, তাই ফুল তেমন নেই। পাশের গাছটা সম্ভবত মহুয়া। সুসীম কনফার্মড নয়। জেনে নেবে বলেছে। আমি তো আগামী বসন্ত অবধি এখানেই থাকতে চাই শুধুমাত্র গাছ-ছাওয়া পলাশ দেখব বলে।

সুসীমের অফিস পুরুলিয়া সদরে। সাড়ে দশটা নাগাদ বেরিয়ে যায় ও, ফেরে মোটামুটি ছ'টা। তবে বেরোনোর সময়টা ফিক্সড হলেও ফেরার টা নয়। কোথায় কোন জন্তুর ডেডবডি পাওয়া গেছে, কোথায় চোরা শিকারি দেখা গেছে – এসমস্ত খবর পেলেই স্পটে ছুটতে হয় ওকে। ফলে ছটার জায়গায় কোনদিন আটটা তো কোনদিন দশটাও বেজে যায়।

সারা দিন কাজেকর্মে কেটে গেলেও, সন্ধের পর থেকে বোর লাগে। সুসীম এসে গেলে তো কথা নেই, কিন্তু

দেরি হলেই আমার সময় আর কাটতে চায় না। একটা গল্পের বই নিয়ে বসি । কিন্তু একটানা পড়তে ভালো লাগে না।

রাতে একজন সেন্ট্রি আসে। নাম শান্ত। সন্ধে ছটা থেকে সকাল ছটা তার ডিউটি। কিন্তু কোনোদিনই আটটার আগে আসে না। আর এলেই বা কী! ভোঁস ভোঁস করে ঘুমোয়।

সুসীম জিগ্যেস করেছিল, "শান্ত, নেশা করো নাকি?"

শান্ত কান মুলে, নাক মুলে বলল, "এক্কেবারে না সাহেব। আমি জেইগ্যে থাকি সাহেব। মেমসাহেব ডাইকলেই সাড়া পাবেক।" সুসীম আর কথা বাড়ায়নি।

তবুও তো এখন মোবাইল আছে। খবরাখবর পাই। প্রি-মোবাইল যুগ হলে টেনশনের পারদ যে কতটা চড়ত, সেটা না বলাই ভালো।

আজ যেমন, বিকেল সাড়ে পাঁচটা নাগাদ সুসীম জানাল, ফিরতে দেরি হবে। জঙ্গলের দিকের জানলা আর সব দরজা বন্ধ করে সাবধানে থাকতে। শান্ত পৌঁছলে ওকে জানাতে। ধুর, কি করবে শান্ত! নেশা করে ঘুমোবে। দরকার নেই।

সুসীমের কথামতো জানলা দরজা সব বন্ধ করে খাটে গল্পের বই নিয়ে বসলাম। কিছুটা পড়ার পর খিদে খিদে পাচ্ছে দেখে খাবার টেবিলে বসে একমুঠো বাদাম খেলাম।

ঘড়ির দিকে তাকিয়ে দেখলাম, সাড়ে আটটা। গালে হাত দিয়ে ভাবতে লাগলাম, সুসীম কখন ফিরবে। জঙ্গলে এত রাত অবধি অন্ধকারে ওরা কী করে! রান্নাঘরের দেওয়ালে আমার গালে হাত দেওয়া ছায়াটা বেশ বড় করে পড়েছে।

ছায়া কেন পড়ে, পড়েছিলাম ফিজিক্সে। লম্বা ছায়া, বেঁটে ছায়া কেন হয়, ছায়া পড়ে না কখন, সব মনে পড়ছিল। লোকে বলে, ভূতেদের নাকি ছায়া পড়ে না! যাক, আমি এখনো ভুত হইনি তবে। একথা ভাবতেই হাসি পেয়ে গেল। একা একাই হেসে ফেললাম। তবে একটা কথা ঠিক, ছায়া কখনও তার মালিককে ছেড়ে যায় না। বড়ই বিশ্বস্ত! হিহিহিহি।

জলের বোতলটা খালি হয়ে গেছে। রান্নাঘরে জালা আছে। জল আনব বলে উঠতেই দেওয়ালে চোখ পড়ল – আমি বোতল হাতে দাঁড়িয়ে, ছায়াটা কিন্তু তখনও কারোর অপেক্ষায় গালে হাত দিয়ে বসে আছে।

* কৃতজ্ঞতা : অনুরাধা চ্যাটার্জী। সত্যি ঘটনা অবলম্বনে।

# উৎপল ভদ্র

## আকস্মিকতা ও প্রেম

প্রায় দুবছরের আগের কথা হবে শিষ্টপালনের স্মৃতি জানান দেয় তা বেশ টনটনে ও প্রখর। মনে পড়ে তার প্রথম দিনের পরিচয়ের কথা। সেই দিনের সুরু ছিল আবহায়ওয়ার দাপাদাপি দিয়ে। চারিদিকে তখন গভীর নীরবতা বিরাজ করছে তারি মাঝে অবিশ্রান্ত গতিতে বরফ পড়ে চলেছে সেই সকাল থেকে। বরফ বরষনের কোন বিরাম নেই। আমেরিকার মিদ্বেস্তে এটাই শীতের কঠিনতম সময়। আবহাওয়ার পূর্বাভাস শুনলে হাড় হিম হয়ে যায়। সাত দিন ধরে অবিরাম বরফের দাপাদাপি চলবে। আনুমানিক ১৯ ইঞ্চিয়ের মত বরফ নিচিন্ত। অনেক আগে আকাশের আলো ফুটে উঠেছে তবুও গরম বিছানা ও কম্বল ছেড়ে উঠতে মন চাইছে না শিষ্টপালনএর। বারবার অ্যালার্ম ঘড়ি সময় নিয়ে সতর্কতা জারি করে চলেছে, লম্বা সিগনাল দিয়ে। কিন্তু কম্বলের মধ্যে থেকে কে শোনে কার কথা? শুয়ে শুয়ে কত কথা মনে পড়ছে শিষ্টপালনএর। বাড়ির কথা, গ্রামের কথা ও কলকাতার কলেজর কথা। কোন ক্রমে কম্বলের নীচে থেকে মাথাটুকু গলিয়ে আনমনে কাচের জানালার দিকে তাকিয়ে সময় বিতানো। বাহিরে তখন হাড় হিম করা বাতাসের দাপাদাপি। অবিরাম বয়ে আনছে বরফ কুচির ঝড়। আছড়ে পরছে বদ্ধ জানালার সীসের উপর। ফাঁক ফোকর একটু পেলেই যে কোন মুহূর্তেই ঢুকে পরবে জানালা দিয়ে। ঘরে তখন চলেছে গরম হাওয়ার তাণ্ডব। বিজ্ঞানের এক অন্তিম পরিণীতই। হিমেল বাতাসের বিরুধে বেঁচে থাকার একমাত্র পরোয়ানা। জানালার উপর দিয়ে চোখে পড়ে এক চিলতে আকাশ। বিপুল মেঘের আনাগোনা। চলছে তুষার ঝড়। মাঝে কম্পন নিয়ে দাঁড়িয়ে আছে পাতা হীন লম্বা লম্বা গাছের সারি। কিছু চির সবুজ গাছেরও দেখা মেলে, কিন্তু পাতা গুল তার বরফ কুচির আচছরনে ঢেকে আছে। কোনক্রমে মুখ লুকিয়ে শীতের প্রকোপ থেকে নিজেকে আড়াল করা। মুখ তুলে তাকায় শিষ্টপালন সবে সকালের আলো ফুটেছে আলো আন্ধারিই হিমেল মায়াবী পরিবেশ শুয়ে শুয়ে কত কথা মনে পড়ে শিষ্টর। চলছে অনাবিল নীরবতা। নেই কোনো পাখির কিচির মিচির, বরফভেজা কাঠবেরালির না আছে গাছের ডালে আনাগোনা। বহুদুরে বরফ দেখে ঘরের মধ্য থেকে এক গৃহপালিত কুকুরের তারস্বরে চিৎকার সেই নীরবতাকে যেন খান খান করে ভেঙ্গে চলেছে।

এই মধুরতার মাঝে শৈশবের কথা ভেসে আসে শিষ্টর মনে। সুন্দরবনের লাগোয়া প্রতলন্ত গ্রাম বরুনহাটে তাদের বাস। বাবা কালিদাস রায়চৌধুরী ছিলেন প্রতিঠ যশা গ্রামের স্কুলে অংকের টিচার। এমন অংকের টিচারের দেখা পাওয়া সাত পুরুষের গ্রামের ভাগ্য। কথায় বলে তার অংকের দেমাকের ভয়ে নাকি একি ঘাটে বাঘে গরুতে জল খায়। শুধু কি গ্রামে সারা অঞ্চলে লোকে তাকে একবাকেই চেনে। কালিদাস বাবুকে লোকে চেনে "অংকের জাহাজ" হিসাবে। কঠিন কঠিন অংকও ফুঁৎকারে সমাধান করা যেন তার কাছে নস্যি। এহান কালিদাস বাবু ছিলেন ঘোর প্রাচীন পন্থী যেমন ছিল তার ভগবানে ভক্তি তেমনি হলেন সনাতন্বী ভাব্ধায় বিশ্বাসী। অতি গোঁড়া কট্টর পন্থি। নিন্দুকেরা বলে "আদিখ্যেতা" । লোকের কথা শুনে কালি বাবুর মনে ভেসে ওঠে পুরনো গানের কলি "যা খুশি ওরা বলে বলুক ওদের কথায় কি আসে যায়, ওরাই রাতে ভ্রমর হয়ে নিশিপদ্মের মধু যে খায়" । এই ভেবে মনে মনে সান্ত্বনা পান। এহেন কালি বাবু সকালে গায়াত্রি জপ না করে জল স্পর্শ করেন না। নিন্দুকেরা আরও বলে কালিদাস বাবু ছিলেন আগের যুগের বাসিন্দা।এই গুজবে ও প্রবাদে কি এসে যায় তাতে কালিদাস বাবুর। তিনি আঁকড়ে চলেছেন সনাতনী পন্থা, প্রাচীন গোঁড়ামি, দ্বাপর যুগের ভাবধারা। কালি বাবু আছেন কালিবাবুতেই। এক চরিত্রাবান পুরুষ। তার কাছে প্রেম ভালোবাসা ও বিবাহ বহির্ভূত সম্পর্ক লম্পটের নামান্তর মাত্র। শিষ্টর মনে পড়ে একটি ছোট্ট ঘটনা না জানি কালিদাস রায়চৌধুরী কতখানি রুঢ় ও প্রাচীন পন্থী ছিলেন তারিই খতিয়ান। গ্রামের হেলথ সেন্টারের প্রথিতযশা ডাক্তার হলেন অনুকূল মণ্ডল।

লোকে মানে কালিদাস বাবু ও অনুকূল ডাক্তারের সম্পরক এত নিবিড় ছিল যে তারা সাক্ষাত আগের কালে যমজ ভাই ছিলেন। এহেন অনুকূল কাকু প্যাঁকেচক্রে জরিয়ে পরলেন এক পরকীয়া প্রেমে। সেই হোলও কাল। ঘটনাচক্রে কথাটা কানে এলো কালিদাস বাবুর। শুধু সম্পরত তিক্ততা বাড়ল না ক্রোমে বাক্যালাপ ও দেখাদেখইও বন্ধ হোল। এতখানী গোঁড়া পন্থি ছিলেন তিনি।

তিন ছেলে নিয়ে কালিদাস বাবুর ছোট্ট ঘর সংসার। প্রাচীন ভাবধারার সঙ্গে সঙ্গতি রেখে তিন ছেলের নাম রেখেছেন দুষ্টদমন, শিষ্টপালন ও ছোট্টটির নাম স্যামোসাধন। ছেলেদের জীবনে তার প্রতিভার বিচ্ছুরন চোখে পরার মতোও। যেন তিন ছেলেকে চরিত্রাবান ও সামাজিক প্রতিষ্ঠাটা দান করা তার এক মাত্র প্রাথিত তপস্যা। ছেলেদের যৌবনের সন্ধিক্ষণে ঘোষণা করলেন প্রেম ভালোবাসা চরিত্রগত বিচ্ছুতি সাম্যাজিক অবক্ষয়ের নামান্তর মাত্র। তিন ছেলে বাবার কথা বেদ ব্যাকের মত পালন করে চলেছে। সদা সতর্ক দুষ্ট শিষ্টরা প্রেম ভালবাসা থেকে যেন সহস্র যোজন দুরে।

গরম লেপের আলো আন্ধারের মিশেল আবহাওয়ায় কত কথা মনে পড়ে যায় শিষ্টর। মনে আসে হেড স্যার চন্দ্রশেখরবাবুর তাকে ঘিরে প্রশসাংয় উচ্ছারিত আপ্তবাক্য। ধীরে ধীরে শিষ্ট হয়ে উঠলো সারা গ্রামের এক রোল মডেল। এক প্রতিভাবান ও চরিত্রবান ছাত্র। গ্রামে এই প্রথম তাকে নিয়ে চন্দ্রশেখরবাবুর গরবের শেষ নেই। শিষ্টর কথা উঠলে, গরবে তার বুকের ছাতির ব্যাপ্তি ঘটতো। ৫৬ ইঞ্চি কিনা সেটা মাপার কোন অবকাশ ছিল না। ধীরে ধীরে স্কুলের চৌকাঠ পেরিয়ে শিষ্ট পা রাখল কলেজর আঙ্গিনায়। চমকে দেবার মত বরুণহাট স্কুল থেকে সরাসরি ভারত শ্রেসটো প্রেসিডেঞ্চি কলেজর আঙ্গিনায়। এ যেন এক অভুতপুরব বিস্ময়। গ্রামের সবাই কানাঘুষো করতে সুরু করল এ ছেলে ছেলে নয় সাক্ষাত মা সরস্বতীর বরপুত্র। ছেলের ভর্তিতে সবাই বেজায় খুশি কিন্তু খুশি নয় গ্রামের মাত্র একজন কালিদাস রায়চৌধুরী। হতে পারে শ্রেসটো কলেজ কিন্তু কো এড তো? কালিদাস বাবু গোঁ ধরে বসলেন নৈব নৈবচ। গ্রামের এতোবড় সুযোগ হাতছাড়া হবে এবার হাল ধরলেন হেড স্যার চন্দ্রশেখরবাবু। তারিই মধস্তায় মিলল রফাসুত্র। জয়ী হোলও শিষ্ট। শেষমেশ রাজি হয়ে গেলেন কালিদাস বাবু। সাধে সারা গ্রামের সন্মান বলেও কথা? কিন্তু শিষ্টকে বারবার করে বললেন মেয়েদের থেকে দুরে থাকতে পড়াশুনায় নিবিড় মন নিবেশ করতে। বাবা কালিদাস রায়চৌধুরীর কথা মত কাজ। তার বাহিরে অন্যথা হবার নয়। হিন্দু হস্টেল ও উনিভারসিটী হস্টেলে স্বল্প বসনা আধুনিকা লাস্যময়ী মেয়েদের অহেতুক আনাগোনা শিষ্টকে কোনদিন বিচলিত করতে পারেনি। ধীরে ধীরে কলেজ ও উনিভারসিটীর সীমা পেরিয়ে শিষ্টর বিদেশ যাত্রার স্বপ্নকে বাস্তব রূপ পেতে লাগল। শিষ্টর মনে পড়ে সে দিনের কথা। যেদিন সুদূর আমেরিকার মিসৌরি কলম্বিয়া উনিভারসিটী থেকে তার ঢোকার চিঠি এলো। শিষ্টর মনে তখন মিশ্র প্রতিক্রিয়া। Ph. D. করার সুবিশাল উন্মাদনা। আবার বেশ কিছু বছরের জন্য জন্মভূমি ও বাড়ির মাটির সোঁধা গন্ধ ত্যাগ করে অজানা অচেনা সমপূর্ণ নুতন পরিবেশে বিদেশে বসবাস। চিঠি আসার সংবাদ যেন দুসংবাদের মতো দ্রুত সারা গ্রামে নিমেষে ছরিয়ে পড়লো এবং তারই প্রতিক্রিয়ায় কালিদাস বাবুর ছোট্ট বাড়িতে লোক ঠাঁই দেবার যেন তিল ধারণের জায়গা নেই। লোকের সমাগম দেখে শিষ্টের মনে এলো রবি ঠাকুরের পদ্মের কলি "ঠাই নাই ঠাই নাই ছোট্ট এ তরি, আমারই সোনার ধানে গিয়েছে ভরি" মনে মনে হাঁসি পেল শিষ্টর সে যেন কালিদাস বাবুর সংসারে এক মুঠী সোনার ধান। বাড়ির অন্দর মহলে তিল ধারণের জায়গা কোথায়? কে নেই সেখানে ছোট বড়, ধনী দরিদ্র, নিচ উচ্চবরনের সবাই সারা গ্রাম যেন ভেঙে পড়েছে। বেশ মনে মনে গর্ব লাগল শিষ্টর। আজ তার জনোয়ই তার বাড়িতে এত লোক সমাগম। হাজির পঞ্চায়েত প্রধান তৈলোকো হোড়, বি, ডি, ও রঞ্জিত গায়েন, মহিলা স্কুলের প্রধান শিক্ষিকা ফুলমনি অ্যান্টি, তা ছাড়াও চন্দ্রশেখর বাবু তো আছেনই। সব নাম করতে হোলে হয়ত শিষ্টর রাত কাবার হয়ে যাবে। হবে নাই বা কেন কালিন্দী নদীর তিরে ছোট বরুনহাট থেকে এই প্রথম তার বিদেশ যাত্রা। মার সঙ্গে শিষ্টর কথা হয় কম। আজ তো কথা বলার ফুরসুৎ কোথায় মায়ের। এত লোক সমাগম তাদের, ফাই ফরমাস, চা জল খাবার, জলপানি কিছুইই তো বাদ নেই। এসব তৈরি করতে করতে মার দিন কাবার। রাতে খাবার সময় মার একটু ফুরসুৎ মেলে। সুযোগ বুঝে মা জিজ্ঞাসা করলেন

"খোকা এতদিন বিদেশে বাড়ির বাইরে থাকতে পারবি? আমি বললাম "কেন না, কলকাতায় তো বাড়ি ছেড়ে ৫ বছর আছি" মা মৃদু প্রতিবাদ করে বল্ল "বাড়ির কাছে কলকাতায় থাকা আর সুদূর আমেরিকা থাকা কি এক? কি জানি বাবা মেল্লেছ দেশের নামে কত কি শুনী" মার চিন্তা যে অমূলক নয় বিদেশ যাত্রায় আনন্দে শিষ্ট সে সব অনুধাবন করার কোন উপলব্ধি বা অভিজ্ঞতা কোনটাই ছিল না। পরে সে হাড়ে হাড়ে টের পেয়েছে। এখন মার সেই সব কথা মনে পরলে বিদেশে একাকীত্বর মধ্যে অনুধাবন করে। মার পড়াশুনায় খামতি থাকলেও তার কথাগুলো কত সঠিক। কতো বাস্তব ধর্মী। মনে হয় পড়াশুনা কখন অভিজ্ঞতার কোন পরিপুরক হতে পারে না।

যাত্রা করার এখনও চার মাস বাঁকি থাকলে কি হবে অতি উৎসাহী চন্দ্রশেখর বাবু তারই মধ্যে সম্বর্ধনার আয়োজন করে বসলেন, তার বুঝি আর তর সইছে না। কিন্তু একজনের অনুপস্তিথি শিষ্টকে এখনও পীড়া দেয়। সে আর কেউ নয় শিষ্টর অতি প্রিয় অনুকুল কাকু। হবে নাই বা কেন? সেই ছোটবেলা থেকে অনুকূল কাকু যেন বাড়ির এক নিকটতম আপন সদস্য। শিষ্ট বুঝতে পারে তার অনুপস্থিতির কারণ বাবার সঙ্গে বর্তমানে তার অহি নকুল সম্পর্ক। বাবা কালিদাস বাবুর সঙ্গে সম্বর্ধনা নিতে নিতে শিষ্ট খানিকটা ক্লান্ত হয়ে পরল। এমনকি হারুদের পাড়ার ফুটবল কাল্লাবের সম্বর্ধনা থেকেও তারা বাদ পরল না। ক্রমে ক্রমে সেই গ্রামকে বিদায় জানানোর দিন আগত। সারা গ্রাম খুশিতে তগবগ করলেও শিষ্টর মনটা বিরহের বেদনায় দুমড়ে মুচড়ে উঠল। যেতে হবে বহু দুরে বহু দিনের জন্যে।

যাবার দিন আসন্ন। এহেন প্রস্তুতি নিতান্ত কম নয়। দুমাস আগেই হেড স্যার চন্দ্রশেখর বাবুর তত্ত্বাবধানে বাছাই হয়েছে ৪০ জনের নাম। কে নেই সেখানে? আছে গ্রামের সব শ্রেণীর মানুষ। বিশিষ্ট জনরা তো আছেনই। বাদ পড়েনি শিষ্টর ফুটবল খেলা সাথীরা হারু, কেবলা, মনা, তারক। আছে স্কুলের ঘনটা বাদাক তারাপদ দা, মেয়েদের স্কুলের চাপরাশি ননিবালা অবধি। যাবে নাইই বা কেন বরুণহাটের গণ্ডি পেরিয়ে দমদম বিমান বন্দরের অন্দরমহলে। এ তো কম বড় উত্তরণ নয়? সকাল থেকে ১০টি গাড়ী প্রস্তুত ৪০ জন সওয়ারিকে দমদম পৌঁছনোর তাগিদে। এদিকে বাড়িতে তখন সাজ সাজ রব। তিন দিন আগে থেকেই ভাইদের সাহায্যে ও মায়ের ত্বতাবধানে চলেছে অতিকায় দুই শুটকেসের মধ্যে আনুসঙ্গিক জিনিস ভরার কাজ, হাতের লাজ্জেগেও বাদ গেল না। শিষ্টরও বিদায় বয়ে আনল এক বিষাদের আবর্তন। গৃহপালিত বন্ধুরাও তার বেতিক্রম নয়। বিদায়কালে সাধের কুকুর লিডারের তারস্বরে চিৎকার ও গোয়ালে গবাদি পশুদের হুটোপুটি সেটা জানান দিল। ঠাকুর ঘরে প্রণাম করে মায়ের জল ভরা চক্ষুকে উপেক্ষা করে শিষ্ট জন্মভুমিকে বিদায় জানিয়ে দমদমের পথে পা বাড়াল। এদিকে কালিদাস বাবু ক্রমাগত তাড়া দিয়ে চলেছেন সময়ের নিয়মানুবরতিতা উপেক্ষা করার জন্যে। যাই হোক পরিবারের সকক্কে নিয়ে শিষ্ট প্রথম বারের মত বিমানবন্দরের পথে পা বাড়াল।

গাড়িগুলি তখন বিমান বন্দরের চৌকোঠে পৌঁছায়নি তড়িঘড়ি গাড়ী থেকে নেমে চন্দ্রশেখর বাবু ছুটলেন ভিতরে যাবার টিকিট কিনতে। সময় নষ্ট করার বিন্দুমাত্র সময় নেই তার। ভিতরে প্রবেশ করে শিষ্টর সকলের সাথে কুশল বিনিময় চলছিল ঠিকভাবে। কিন্তু বাদ সাধল বিমান যাবার আনাউঞ্চমেনটে। সময় আগত। সবার মুখ ভারাক্রান্ত এবার বিদায়ের পালা।এক রাশ হতাশা ও কাচুমাচু মুখ নিয়ে একের পর এক আলিঙ্গন ও নিরাপদ যাত্রার শুভকামনা পাথেয় করে শিষ্ট যখন হেড মাস্টার মশায় সামনে এসে দাঁড়াল তিনি বললেন "আর কতোদিন মাত্র, তিন বছরের মধ্যে আমার অবসর। মাস্টার হিসেবে হয়ত এই আমার শেষ দেখা, তবে হ্যাঁ গ্রামে আমি থাকব বটে। বাড়ি ফিরলে একবার দেখা করিস যদি ততদিন বেঁচে বত্বে থাকি। চন্দ্রশেখর বাবুর কথায় বিদায়বেলায় শিষ্টর বিরহ বাড়ল বৈ কমল না। এবার অনুকূল কাকুর পালা সে গুঁটি গুঁটি পায়ে এগিয়ে এসে বলল "বাবা হয়ত এই আমার শেষ দেখা। আর হয়ত জীবনে তোর সাথে দেখা হবার কোন অবকাশ নেই। শিষ্ট বলল "অমন করে বোলো না কাকু" হাত দিয়ে কাকুর মুখ বন্ধ করতে চাইল। বাধা দিয়ে কাকু বলে উঠল "সরকারি চাকরি করি তো, দু বছরের মধ্যে ট্রান্সফার। ছেড়ে যেতে বরুনহাট। হা হুতাশ ভেসে এলো তার কণ্ঠে বললেন "জানিনা না কোন অজ

পাঁড়াগাঁয়ে না শহরের হেলসেনটারে বদলি হব" কথাগুলো শুনে চোখটা ছলছল করে উঠল শিষ্টর । অনুকূল কাকুকে চিরকালের মতো না দেখার বেদনা তাকে আচ্ছান্ন করে ফেলল। শিষ্টর বোলল "একটা অনুরোধ কাকু, শেষ বারের মতো রেখ বাবার সঙ্গে ব্যাপারটা মিটিয়ে নাও। বাবা মা মনে মনে তোমাকে কতখানি যে ভালোবাসে। তোমার উপর ভরসা রাখে। ওদের দেখে রেখ। তোমার জিন্মায় ওদেরকে রেখে গেলাম"। কাকু মুখে কিছু বললেন না কিন্তু তার চোখে সন্মতির লখখন ধরা পরল। খানিকটা আশ্বাস পেয়ে শান্ত হোলও শিষ্টর মন। খানিকটা সাহস করে বাবা মার কাছে চলল শেষ বিদায় নিতে। দৃঢ়চেতা কালিদাস বাবুর মনটা নরম হোলে কি হবে দৃঢ়কণ্ঠে এক নিঃশ্বাসে বলে উঠলেন "সাবধান থেকো নিজের স্বাস্থ্য ও পড়াশুনোর খেয়াল রেখো, যত তাড়াতাড়ি সম্ভব দেশে ফিরো"। কোন মতেই বিদেশে থাকার চেষ্টা কর না' ইত্যাদি ইত্যাদি....। এরপর নিজেকে আর সামলাতে পারলেন না। ভেঙে খান খান হোলও তার দৃঢ়তা একটা ছোট্ট ছেলের মতো আর্তনাদ ভেসে এলো তার কণ্ঠে। স্নেহের অলিখিত পরশ। "বাবা বয়স হছে শরীরটাকে আর সামলাতে পারছি কৈ?, দিন দিন ভেঙে পরছে"। সেই কথা যেন কাল হোলও শিষ্টর। মনে পরল কালিদাস বাবু পৃথিবী থেকে গত হয়েছেন তার বিদায়ের দু বছরের মধ্যে। এবার মার পালা হাপুস নয়নে কাঁদছিল শিষ্ট সামনে এলে শুধু ঘাড় কাত করে সম্মতি জানল। সময় বয়ে যায় বাধ্য হয়ে শিষ্ট লাগেজ হাতে নিয়ে বিমানের ওঠার রাস্তার দিকে এগিয়ে চলল। খানিকটা গেলেই পিছন থেকে ভেসে এলো কান্না ভেজা চিৎকার "খোকা চলে গেলি তাড়াতাড়ি ফিরে আসিস, তোকে ছাড়া আমি আর বাঁচবো না" কথাগুলো শিষ্টর বুকে যেন শেল আঘাতের মতো বিঁধল তৎক্ষণাৎ ফিরে এলো মার কাছে। জড়িয়ে ধরল মাকে কিছুতেই ছাড়তে ইচ্ছা করছিল না কিন্তু সময় যে বয়ে যায়। শিষ্টর মাকে বলতে ইচ্ছা করল "মা গো মা, তোমার নেইকো তুলনা" পারল না মার কানে কানে বলল "ফিরে আসব মা" মনে ভেসে এলো একটি ছন্দ "আবার আসিব ফিরে বুড়ি বালামের থুরি এই কালিন্দীর তিরে" নিতান্ত বাধ্য হয়ে মাকে ছেড়ে শিষ্ট এগিয়ে চলল সমুখ পানে বিমানের দিকে।

বিমানে পৌঁছোবার বাসের থেকে নেমে বিমানের সিঁড়িতে ওঠার মুহূর্তে নেমেই পিছন ফিরে তাকাতেই চোখে পরল ভিজিটর লাউঙ্গে এক গুচ্ছ হাত তাকে বিদায় জানাতে ব্যাসতো। কোণটা বাবার কোণটা মার চিনতে পারল না। অত দুর থেকে খালি চোখে চিনবার কথাও নয়। বিমানের মধ্যে জানালার পাশে বসে কাঁচের সার্সি দিয়ে শিষ্ট একবার উঁকি মারল। জন্মভূমি ত্যাগের বেদনায় তার গলাটা ধরে এলো। শুঁখিয়ে গেল মরুভূমির মত। বিমান সেবিকার কাছ থেকে এক গ্লাস ঠাণ্ডা জল নিয়ে সে এক নিশ্বাসে পান করল। খানিকটা ধাতস্ত হোল। সকলের কথা চিন্তা কোরতে কোরতে একসময় দুরে কোথা থেকে ঢাকের জোর বাদ্দি কানে এলো তার। মনে এলো গ্রামের একরাশ ঘরোয়া পূজা পার্বণের কথা। গ্রামের বাঙ্গালিয়ানায় পুঁজোর কোন শেষই হয় না। সেই শুরু ১লা বোয়ইশাঁখের ভগবতী পূজা দিয়ে। সকাল থেকে কতো কাজ শিষ্টর। গোয়ালের আনাচে কানাচে বাড়ির পরিচারিকা পাঞ্ছির মার সঙ্গে পরিষ্কার করা। গরুগুলোকে স্নান করান।গলায় মালা পরান। কাজের কি শেষ আছে? মাসোবধির মধ্যে চলে আসে চাপড়া ষষ্ঠী। বাড়ির পুকুর ঘাটে জলে নেমে মায়ের হাত থেকে কাঁঠাল পাতায় মোড়া চাল কলায় তৈরি চাপড়া নেবার আনন্দই যেন আলাদা। দীর্ঘ প্রতীক্ষার পরে এবার দেখা মেলে স্কুল বাড়িরই দুর্গা প্রতিমার পটুয়া নন্দকুমারের সাথে। সময় আগত। শিষ্টর মনে পড়ে সেই বাঁশ গরান খুটি থেকে খড় জড়ান প্রতিমাতে, মাটির তিন বার প্রলেপ লাগান, রং করা, চক্ষু দান সবই যেন সে দু মাস ধরে গোঁ গ্রাসে গিলে চলেছিল। প্রতিই মুহুরতই যেন জলচছবির মতো জীবন্ত। চলে আসে দুর্গা মায়ের আরাধনা। সে কদিন শিষ্টর কাজের শেষ নেই। সকালের স্নানের পর ধুতি পাঞ্জাবি পোরবার পর শিষ্ট তৈরি।

ষষ্ঠী ও সপ্তমীর ব্যাস্ততার পরে আসে অষ্টমী। সকালের স্নান সেরে খালি পেটে অঞ্জলি, প্রসাদ ভোগ, বিকালে বন্ধু বান্ধবদের সঙ্গে ঠাকুর দেখতে বেরন, রাত্রে সন্ধিপূজা প্রদীপ জালানো, কতো না কাজ শিষ্টর। নবমীতে কুমড়ো বলি, খাসির মাংস সহযোগে দুপুরে ভুরিভোজ, এখন মনে পড়ে শিষ্টর। বিজয়াতে বাজে ঢাকে বিষাদের সুর এ বাজনা জানান দেয় এক বছরের জন্যও

দুর্গা মাকে হারানোর স্মৃতি। সকালে যাত্রা মঙ্গল পাঠ, দরপন বিসর্জন। মাদের পাড়ার মাসিদের সঙ্গে সিন্দূর খেলা কতো কি এখন মন থেকে মোছে না শিষ্টর।

এবার আসে সেই শুভক্ষণ। বিস্তীর্ণ দিগন্তজোরা ধানের ক্ষেত। তার মধ্যে অনাবিল আনন্দে সাঁতার কেটে চলেছে বেঁলে, শোল, পারশে, ভেটকি, গল্লা চিংড়ি, সর পুঁটি, চুনো পুঁটি, সাপ, ব্যাঙের দল। মনে পড়ে কবিতার লাইন "ধানের দেশে ঢেউ খেলে যায় এমন বাতাস কাহার দেশে" ধান গাছের মাথায় শীষ আসার প্রতীক্ষা যেন মা লক্ষী গর্ভে বসবেন তারি আবাহন। স্পষ্ট মনে পড়ে আশ্বিনের শেষ রাতে বন্ধুদের সাথে কুলো পিটিয়ে ঢাকের বাদ্দির সঙ্গে চিৎকার করে গাওয়া

"আশ্বিন যায় কার্ত্তিক আসে, মা লক্ষী গর্ভে বসে,
মা তুমি সাধ খাও, বর দাও হে।
এ পারের পোকা মাকড় ওপারে যা,
ও পারের হরিণ গুলো খুঁটে খুঁটে খা"

আরও কতো কি তার ইওতা আছে শিষ্টর! কথা গুলো শুনলে মন যেন আনচান করে ওঠে। দুর্গা পুজোর বিসর্জনের পর হা হুতাসের পালা শেষ হোলে দোর গোরায় এলো দীপান্বিতা লক্ষ্মীপুজো। সত্যি কথা বলতে কি ওপারে সাত পুরুষের ভিটে মাটি হারিয়ে ছিন্নমূল একদঙ্গল মানুষ এপারে এসে বরুনহাটে বসবাস শুরু করেছে, সেইই স্বাধীনতার আমল থেকে। দীপান্বিতা লক্ষ্মীপুজো তাদের কাছে একটা কৃষ্টি। প্রাণের বহমান ধারা। তার আয়োজনও বড় কম নয়। পূজোর পরপরই বাড়ির হেঁসেলে বয়ে আসে অবিরাম মা মাসিদের ব্যাস্ততা। বস্তা বস্তা খই মুড়কি ও নারকেলের নাড়ু তৈরীর কারখানা। গ্রামের দরিদ্র মানুষ জনকে পূজার পর দিন বিলোতে হবে তো। মাদের এইই শিষ্টাচার বুঝি তার শাশুড়ি মাতাদের পদাঙ্ক অনুসরণ করে বহমান. এক অনন্ত কাল ধরে। শিষ্টর মনে পড়ে এস ওয়াজেদ আলীর লেখা সেই গল্পের কথা "সেই ত্রেরাডিসান যেন সমানে চলেছে..."। দীপান্বিতা লক্ষীপুজো যেন নয় বাড়ির পূজো আয়োজনের যেন এক আঁতুড় ঘর। পূজার আগের দিন চোদ্দো শাক জোগাড়ের হিড়িক। দুপুরে মায়ের রান্না চোদ্দো শাক ও গরম ভাতের গন্ধ শিষ্টর নাকে এসে এখনো আঘাত করে। পূজার সন্ধ্যায় পাটকাঠির আলো দেবার জন্যও শিষ্টদের মন যেন মুখিয়ে থাকে। সন্ধ্যা হতেই তিন ভাই আনন্দে চনমন করতে থাকে। পাক কাঠির তাড়া নিয়ে বাড়ির সামনের রাস্তায় বেরিয়ে আগুণ ও আলো জ্বালিয়ে তারস্স্বারে গান গাইতে থাকে

"পাটকাঠির আলো দেই, মা লক্ষী বউয়ের বিয়ে দেই"
মা তুমি বর দায়ও হে..."।

পরের দিন বুড়িই ঘর বানাবার আর রাতে পোড়ানোর হিড়িক। সারাদিন তারিই ব্যস্ততা। কলা গাছ থেকে বাসনা কাটা। তা দিয়ে বুড়ির ঘর নির্মান বুঝি এক অভিনব আর্ট। বুড়ির ঘরে জড়ো হয়েছে বিভিন্ন শব্দ বাজি, কালি পটকা, দোদমা, চকলেট বোমা কতো কি তার খবর কে রাখে। সে কথা ভাবতে ভাবতে শিষ্ট কখন যে ঘুমিয়ে পড়েছে কে জানে? জন্মভূমি ছাড়ার বেদনা আর অজানা জায়গার যাবার প্রতি ক্ষণিকের রোমঞ্ঞ্চও আর জেৎ লাগের কবলে পড়ে ঘুমতে ঘুমতে এক সময় দীর্ঘ পথ পেরিয়ে আমেরিকার সেন্ট লুইস পৌঁছুল। এক অজানা বিদেশ। এবার মিসউরি কলম্বিয়া যাবার পালা। আধ ঘনটা যাত্রার ফকার বিমানে জেৎ লাগের কবলে পড়ে শিষ্টর আবারো ঘুম পেল। কলম্বিয়া পৌঁছে জেগে উঠার পর মনে একরাশ চিন্তা। যদিও আসার আগে ভারতীয় স্টুডেন্ট ইউনিয়নের সঙ্গে বেশ কয়েকবার যোগাযোগ করেছিল ও আশ্বাস পেয়েছে তবু চিন্তা থেকে যায়। সুটকেস গুলো নিয়ে জনশূন্য বিমান বন্দরের বাইরে আসতেই শিষ্টর চোখে এলো দুই ভারতীয় যুবক তার দিকে ছুটতে ছুটতে আসছে। পরিচয়ের আদানপ্রদানের মাধ্যমে জানা গেল একজন নবনীত কালাভেন্দি, প্রেসিডেন্ট স্টুডেন্ট ইউনিয়ন আর দ্বিতীয়জন শঙ্কর রায় এক পুরানো ফোরড গাড়ির চালক ও মালিক। শঙ্করের গাড়িতে চেপে উনিভারসিটী কাম্পেসের দিকে আসা। ক্ষণিকের পরিচয়ে জানা গেল নবনীত হায়দেরাবাদের বাসিন্দা আর শঙ্কর খোদ কলকাতার। শঙ্কর আসতে আসতে দেখালো টক্কর হলের ৪ তলার বিশাল বিল্ডিং। এরি দোতালায় পল আলেক্সজারদেরের ল্যাব। আমার ভবিষ্যতের উচচ শিক্ষার কর্মস্থল। নবনীত জানাল "দুখের বিষয় এই বিল্ডিঙে ভারতীয় কেউ নেই যে তোমাকে সাহায্য করবে"। গাড়ি এসে দাঁড়াল কাম্পাসের এক

অ্যাপার্টমেন্তের সামনে যত দিন না অ্যাপারটমেন্ত না পাওয়া যায় এটি শিষ্টর অস্থায়ী বাসস্থান। দিন সাতেকের মধ্যে ল্যাব থেকে বেশ দুরে স্টেডিয়াম বুলেভারডের গায়ে ঘর পাওয়া গেল। ধীরে ধীরে শিষ্ট আমেরিকান জীবনে অভ্যস্ত হতে শিখল। এখানে যেন সবকিছুই উলট পথে চলেছে। এক মাত্র জুতো ঠিক ভাবে পরা যায়। সুচের পিছনে সূতা লাগে আর সব কিছু উলটো ইলেক্ট্রিক সুইচ থেকে ঘরের চাবি পর্যন্তও। ভালোই দিন কাটছিল শিষ্টর পরাশুনা নিয়ে, ল্যাবের চাপও খুব বেশি। দেশে ফেরার তাগিদে শিষ্ট ভালো আর্টিকেল ছাপানোর দিকে একান্তে মন দিল। সপ্তান্তে ঘরের কাজ ও দেশের বাড়িতে ফোন ছিল ওর একমাত্র পাথেয়।গ্রামের মাস্টার কালিদাস বাবুর বাড়িতে ফোন থাকার কথা নয়। ছিলও না। ফোন ধরে মা বাবর সঙ্গে কথা বলতে গেলে নির্দিষ্ট ও নির্ধারিত সময়ে রাস্তার ওপারে গ্রামের ধনী নেপাল বাবুর বাড়িতে অপেক্ষা করা ছাড়া উপায় ছিল না। পৃথিবীর অন্নপ্রান্তের ক্ষণিকের ফোন অত কথা বলার ফুরসুৎ কোথায়। মার চিঠিতে ছোট্ট বড় গ্রামের সব সংবাদ পায় সে। সে জানল, তার চলে আসার বছর দুয়েকের মাথায় অনুকুল কাকু চিরতরে বরুনহাট ছেড়ে সপরিবারে চলে গেছে। কিন্তু সে যাবার আগে কথা রেখে ছিল বাবর সঙ্গে মিট মাট করে নিয়েছিল।মার চিঠিতে জেনেছে দুরে বর্ধমান জেলার নিশছিন্দিপুরে ছিল তাঁর বদলির সমন। সেখান থেকে তাঁর সঙ্গে ভবিষ্যতে দেখা হওয়ার সম্ভাবনা বড়ই কম। সে বছরই বাবা মৃত্যু বোয়ে এসেছে। দুষ্টু বিদায় নিয়েছে কলকাতার চাকরির উদ্দেশে। বাড়ির লাল গাইটা মারা গেছে। বাড়িতে মা একা আর ছোট্ট সাম্য। শিষ্ট জানে না কিভাবে তাদের দিন কাটছে আরও ক ত কি ছাই পাঁশ। গ্রামের কথা মনে হোলে শিষ্টর চিন্তার বহর বেড়ে চলে। রাতে ঘুম আসে না।

হঠাৎটি কয়েক দিন আগের কথা মনে পড়ে শিষ্টর। শীতের শুরুতে সেদিন লাঞ্চ রুমে টক্কর হলে ভারতীয় সংখ্যা তত্ত্বও নিয়ে আলোচনা চলছিল। শিষ্ট হল টক্কর হলে সবচেয়ে সিনিয়র। তার পরের বারে যোগ দেয় সিরাজ খান ও রাজীব জয়সয়াল। এই বছর হায়দেরাবাদ থেকে আমান্দা কোণের ল্যাবে একটি মেয়ে যোগ দিয়েছে। অদ্ভুত তার নাম সিরাজ ব্যাঙ্গ করে বলল "সমিরিকা"। রাজীব বলল আমেরিকার সঙ্গে সাদৃশ্য আছে বটে। সিরাজ খেতে খেতে বকবক করে চলেছে মেয়েটি বায়োকেমিস্ট্রির অলোকের থেকে এক বছর জুনিয়র ছিল হায়দেরাবাদ উনিভারসিটীতে। একই ডিপার্টমেন্টটে পড়ত সে সুবাদে চেনা। অত্যন্ত প্রতিভাবান, বিদুষী। ভালো গান জানে। ভীষণ বিত্ত্বশালী পরিবারের মেয়ে। বাবা বাঙ্গালরে লোহা আর কয়লার বাবসায়ী। নিত্য নুতণ গাড়ি করে ক্লাসে আসাত।ওই ওবধি শিষ্টর মনে পড়ে পুরানো বান্ধবীদের কথা, দেবযানী, অসীমা, অমিতা, পৃথা, তন্দ্রা, রিনা কতো কে। ক্লাস মেট না হয় জুনিয়র। সে রকমই এক মেয়ে হবে বোধ হয়।বিত্তবান বাপের বিত্তবান মেয়ে সোনার চামচ নিয়ে জন্মেছে।তার সঙ্গে তুলনা। কোথায় সে আর কোথায় শিষ্ট খড় কুটোকে সম্বল করে কোন রকমে গ্রামে নিব মধ্য পরিবারে জীবন ধারণ করা এক বালক কি এক?

গরম বিছানায় শুয়ে কথা গুলো ভাবতে ভাবতে একসময় শিষ্টর ঘুম এসে পড়ে।

ক্রিং ক্রিং ক্রিং। হঠাৎ অ্যালার্ম ঘড়ির তারস্বরে চিৎকার শিষ্টর ঘুম ভাঙ্গিয়ে দেয়। লেপের গরম আবেশটাকে রক্ষা করে এক চোখ কোনোক্রমে লেপের বাইরে এনে এক লহমায় খোলা জানলার দিকে দৃষ্টি দিলো। আঁকাশে তখনও মেঘের আনাগোনা চলেছে। বাতাসের থামবার নামমাত্র লক্ষণ নেই। হিমেল হাওয়ার তাণ্ডব একই ভাবে বয়ে চলেছে। বরফ কুচির পতনে সামনের জানালা দিয়ে বেশি দুর দেখা যায় না। দৃষ্টি রুদ্র। তথাপি শিষ্টর আর দেরী করার অবসর নেই। গতরাতে একটা এক্সপেরিমেন্ট চালিয়ে এসেছে আজ তাকে ল্যাবে জেতেইই হবে। কোনোক্রমে বেগেল ও কিরিম চীজ দিয়ে গলাদ্ঘারন করে, ছাতাটা নিয়ে গাড়ির দিকে দৌড় লাগাল। ভাগ্যিস এক ইরানি লোকের কাছ থেকে গাড়িটা কিনেছিল। প্রথম শীত শিষ্টর কাছে দুর্বিষহ কাটার পর মনে মনে স্থির করেছিল দ্বিতীয় শীতের আগেই যে করে হোক গাড়িটা কিনবেই। পুরানো টোয়টা কেমরি কেনার পর নিন্দুকেরা বলেছিল ইরানিরা ডাম্প ইয়ার্ড থেকে গাড়ি এনে সারাই করে বিক্রি করে। হোক না তা, গাড়িটা তো কয়েকটা শীত কাটিয়ে দিল। বাড়িতে মা, বাবা ভাইয়েরা কেমন আছে কে জানে? ভাবতে ভাবতে বাইরে পৌঁছলে এক রাস হিমেল ঝঞ্ঝা যেন তার নাক চোখ কেটে দেবার

উপক্রোমে ব্যাস্ত। কোন রকমে ছাতা নিয়ে দৌড় লাগাল। মনে মনে আওরাল "দুর্গম গিরি কান্তার মরু দুস্তর পারাবার। লঙ্ঘিতে হবে রাত্রে নিশিতে যাত্রীরা হুঁশিয়ার" কিন্তু বাস্তব অন্য কথা বলে। ঝড়ের দাপটে ছাতাটা উলটে গেল মোজার মধ্যে ঢুকে পরল এক রাস বরফের কুচি। কোন রকমে ল্যাবে পৌঁছে কাজে হাত দিল। ডিপার্টমেন্টে লোক একবারে কম। ল্যাবে সেইই একমাত্র মেম্বার উপস্থিত। কাজ শেষ করতে ৪ টা বাজল। এবার ফেরার পালা।

নিজেকে তিন পরল শীতের কোর্টের নীচে আগা পাস্তলা মুড়ে ছাতাটা নিয়ে টক্কর হলের মেন গেটের কাঁচে ভিতর দিয়ে বাহিরে দেখল সাবধানী শিষ্ট। বাতাসের তাণ্ডব এক বিন্দু কমেনি অবিশ্রান্ত ধারায় বরফ পড়ে চলেছে। এঁর কোন শেষ নেই। কিন্তু বাড়িতো ফিরতে হবে। আর দেরী নয়। যেই ভাবনা সেই কাজ। মেন ডোরের কাছে এসে শিষ্ট যেমনটা অনুমান করেছিল তা নয়। বাহিরে বেরিয়ে দেখল উষ্ণতা ও বাতাসের তাণ্ডব যেন দ্বিগুন ও উত্তরো উত্তর বেড়েই চলেছে। ছাঁতাটাকে বেশ নিচু করে ছাঁতার শিষগুলোকে বাগিয়ে ধরল যেন ছাঁতাটা উলটে যায়। জোরে গাড়ির দিকে দৌড় লাগাল। ছাঁতার আড়ালে ও অবিরাম ঘন বরফের বরষনে সামনে কিছুই দেখবার যো নেই। ভাবল শীতের সন্ধ্যা। কি বা হবে। কেবা আসবে সামনে। গাড়ির দিকে তো দৌড় লাগাই। যেমনি ভাবনা তেমনি কর্ম। টক্কর হলের ডানদিকে বিশাল আকারের গ্রিন হাউস দৃষ্টিকে অবরুদ্ধ করে রেখেছে। পেছনের টক্কর হলের রাস্তাটা দেখবার উপায় নেই তার উপর গোদের উপর বিষফোঁড়ার মতো বরফ পড়ে চলেছে অবিস্বেরান্ত ধারায়। মাথাটা নিচু করে শিষ্ট দৌড় দিল যত দ্রুত গাড়ির কাছে পৌঁছান যায়। উলটানোর ভয়ে ছাঁতাটা আরও নিচু করে ধরল। ঠিক টক্কর হলের রাস্তা দুটোর ক্রসিঙে এসেছে সে সময় ঘটল এক বিষণ বিপ্লতি। যা শিষ্টর কল্পনারও ঊর্দ্ধে। বিশাল ধাক্কায় ছিটকে পড়েছে দুজন। শিষ্ট বরফের মধ্যে নিজেকে

কোন রকমে সামলে নিয়েছে কিন্তু ছাঁতাটা ছিটকে পড়েছে অনেক দুরে। আর এক জন এক ভারতীয় নারী বলে মনে হয়। সুশ্রী মুখাবয়ব, সুবেশা, বরফের উপর সম্পূর্ণ ধরাশায়ী, বহু দুরে ছিটকে পড়ে আছে তাঁর ব্যাগ আর ছাঁতাটা। ভয়ে, অন্যায় বোধে শিষ্টর এই আকস্মিক ঘটনায় প্রাণ কুংকড়ে যাবার জোগাড়। একটা অপরাধ বোধ কাজ করতে লাগল শিষ্টর মনে, তাকে আড়াল করার অছিলায় ও ভদ্রতার খাতিরে মাটি ছেড়ে উঠে মহিলাকে সাহায্য করতে এগিয়ে এলো। ভগবানকে মনে মনে অজস্র প্রণাম জানল।এক্সিডেন্টটা ঘটেছে হয়ত এক ভারতীয় নারীর সঙ্গে। ভাগ্যিস ঘটেনি কোন সাদা অজ্ঞাত পরিচয় মহিলার সঙ্গে। তাহলে নির্ঘাত দুর্ভোগ ছিল তার কপালে। তার পরিমাপ করাও তার সাধ্য নয়। এতক্ষণে পুলিসের ডাক পড়ত। অহেতুক মামলায় অবধারিত জড়িয়ে পড়তে হতো। আরও না জানি কতো কি তার ইয়ত্তা কে রাখে? কিন্তু শিষ্টকে রাখতে হয়। বিদেশে না জানি বাড়ির সাহায্য ছাড়া একাকী কতো কি তাকে সামলাতে হতো।অর্থ দ্বন্দ্ব, সময়ের অপচয়, দুদিন অন্তর কোর্টে দৌড়োদৌড়ই, মানসিক চাপ। শীলতা হানির মতো বদনাম আরও না জানি কতো শত ফেগ্রা। তার পরে মড়ার উপর খাঁড়ার ঘা জনস্বার্থ মামলার ঝক্কি ভগবানের অশেষ করুনা যে এ যাত্রায় সে বেঁচে গেছে।

সাহায্যের তাগিদে সে মেয়েটির পাশে এসে দাঁড়াল। জিজ্ঞাসিল "আপনার বিশেষ লাগেনি তো। মেয়েটি বাকোয় খরচ না করে ঘাড় নেড়ে জানাল 'না'।" শিষ্টর মনে হল এ যাত্রায় সে বেঁচে গেছে। সেই আনন্দের আতিসযেঁয় এক নিশ্বাসে সে বলে চলল "তার নাম কি, কি করে। কোথায় থাকে।টক্কর হলে কার ল্যাবে কাজ করে। কবে জয়েন করেছে ভারতীয় কিনা কোথা থেকে এসেছে? ইত্যাদি ইত্যাদি......"

আরও কতো কি ছাইপাঁশ। তার কথা বলার ধরণ দেখে মেয়েটি না হেঁসে পারল না। কথা বলতে বলতে এক লহমার জন্যে চোখাচুখি হল মেয়েটির সঙ্গে।এ কি দেখছে সে? তার দৃষ্টি যেন চুম্বকের মতো টেনে ধরল মেয়েটির মুখাবয়বের গঠনের দিকে। কৈ এতো বান্ধবীর সঙ্গে সে মেলামেশা করেছে। কারো মুখে সে এই সমোহিনি প্রতিচছবি নজর করেনি। নিজেকে সামলাতে পারল না। আবার চোখাচুখি হল। কি তার মুখা বয়ব, কাজল ভরা কাল হরিণীর মতো চোখ, দুধের মতো ফরসা মুখ। নিটোল নাক তাতে সৌন্দর্য বাড়িয়ে চলেছে। মনে পরল

হেমন্তর সেই গানের কলি "দেখেছি তার কাল হরিণ চোখ" মেয়েটির সেই দৃষ্টির কাছে শিষ্ট হার মানল। তার মনের অজান্তে বুঝি মেয়েটি তাকে সম্মোহন করে ফেলেছে। সল্প হেঁসে মেয়েটি বলল তার নাম সমিরিকা রেডিড, সম্প্রতি আমান্দা কোণের ল্যাবে যোগ দিয়েছে। ভারতীয়, হায়দেরাবাদের বাসিন্দা ছিল কিন্তু আদপে বাঙ্গালরে জন্ম কর্ম। সে পার্ক ল্যান্ড এপার্টমেন্টে থাকে এখন বাড়ি ফেরার তাগিদে বাস স্ট্যান্ডের দিকে যাচ্ছে। শিষ্ট বলল সেও তো ওদিকে আর একটু দুরে থাকে স্তাদিয়াম বুলেভারদের গায়ে। ও দিকে যখন যাচ্ছেন চলুন আপনাকে পৌঁছে দি। মৃদু প্রতিবাদ করে মেয়েটি বলল "না তার আর প্রয়োজন হবে না সে বাসেই যেতে পারবে। শিষ্টর মন তখন তার আকস্মিক দুরঘটনার মুখে প্রলেপ দিতে ব্যাসত্ব বলল "তা কি হয়"। আমার গাড়ি আছে চলুন আপনাকে নামিয়ে দিই। কথাটার প্রত্তুতরের অপেক্ষা না করে সে গাড়ি আনার জন্যে দৌড়তে থাকল। পুরানো গাড়ি শীতের দিনে গরম হোতে সময় নেয়। শিষ্টর আর তর সহিছে না। যত রাগ গাঁড়ীর উপর বর্তাল। ভয় পেল মেয়েটি যদি চলে যায়। গাড়ি জোরে স্টার্ট দিয়ে যখন টক্কর হলের ক্রোসিংএ এলো দেখল মেয়েটি তার অপেক্ষায় দাঁড়িয়ে। গাড়ির সামনের দরজা খুলে মেয়েটিকে গাড়ির মধ্যে আসতে বলল। নীরবতা ভেঙ্গে খানিকটা সদক্তি বশে বলল "আপনার নামটা তো বেশ, আনকোরা" মেয়েটি বলল দাদুর দেওয়া নাম। আমার মার নাম শান্তা রেডিড বাবা মনোহর রেডিড তাই সৃষ্টি কর্তার বিধানে সাড়া দিয়ে আমার নাম বাবা মায়ের মিশ্র কর্মের ফসল। সমিরিকা। মেয়েটি বলল আমার ডাক নাম সমিরা। আপনি সিনিয়র ওই নামেই ডাকতে পারেন। শিষ্ট বলল বেশ সুন্দর কথা বললেন তো আপনি। শিষ্ট তার পরিচয় রাখল তার নাম শিষ্টপালন রায়চৌধুরি। বেঙ্গলের এক প্রত্যন্ত গ্রামে বাস। নিম্ন মধ্য পরিবারে জন্ম। বাবা স্কুলের গ্রাম্যের সামান্য টিচার আরও কতো কি? কথা বলতে বলতে শিষ্টর মনে হল দশ মিনিটের দীর্ঘ পথ কোন ফুৎকারে বুঝি উবে গেল। মেয়েটিকে বিচ্ছিন করার রাগ সবটাই গাড়ি আর সময়ে উপর পরল। গাড়ি থামতেই সমিরা গাড়ি থেকে নেমে মুচকি হেসে হাত নেড়ে তাকে বিদায় জানাল। ভদ্রতা করতে খামতি রাখল না বলল একটু বসে চা খেয়ে একটু গরম হয়ে যান। শিষ্টর মনের মতো কথা। এই কথাটাই মনে প্রাণে শিষ্টর মন থেকে চাইছিল। কিন্তু ভদ্রতার খাতিরে সমস্ত শক্তি দিয়ে মনকে প্রশমিত করে বলল "না থাক, তাড়াতাড়ি বাড়ি ফিরতে হবে অনেকক্ষন বেড়িয়েছি"। কিন্তু কিছুতেই গাড়িতে স্টার্ট দিতে মন চাইল না, এক দৃশটীতে সমিরাকে গো গ্রাসে গিলবার মতো করে তার চলার পথে তাকিয়ে রইল। মনে প্রাণে চাইছিল ঘরে ঢোকার আগে সমিরা এক বারের জন্যে তাকাক। সমিরা বুঝেছিল কিনা শিষ্টর তা জানা নয়। কিন্তু শিষ্টর অনুমানটি সত্যি হল। ঘরে ঢোকার আগে সমিরা পিছন ফিরে হাত নেড়ে শিষ্টকে বিদায় জানাল।

শিষ্টর মনে হল এটাই নারী শক্তির প্রতি আকর্ষণ। বিপরীত লিঙ্গের কাছে হার মানার হার। যৌবনে প্রেম পিপাসুর অমোঘ টান। ঠায় বসে থাকতে থাকতে মনে হল "এটি বুঝি ভালোবাসার প্রতি এক মাত্র আকর্ষণ যেখানে যৌবনের দৃঢ় চেতা চরিত্রকে মুহুরতে হার মানায়।" আস্তে আস্তে তন্দ্রা আচ্ছন হতে হতে শিষ্ট দেখতে পেল। সমিরার প্রতিচ্ছবি তার ঘরময় দুপ্পাটা উড়িয়ে ভেসে চলেছে। সব মহিলার ছবিতে যেন সমিরার মুখাবয়ব। শিষ্টর মনে হোল এই বুঝি প্রেমের ভাবুলতা। ভালোবাসার দ্বীপ্ত আকর্ষণ। ধীরে ধীরে শিষ্ট নিজের কাজে মন বসাল। কিন্তু কিছুতেই সমিরার মুখটাকে কোন মতেই ভুলতে পারল না। সারারাত ঘুম এলো না শুধু সমিরার কথা মনে আসল। সারা মন প্রাণ সমিরা ময়। মুখে এলো সমিরাকে না পাবার শঙ্কা স্বদক্তি করল "হয়ত তোমায় নাহি পাব তবুও আমি দুর থেকে চিরকাল ভালবেসে যাব" এই হোক সমিরার প্রতি শিষ্টর আমরণ ইছা। নানা অজুহাতে দুজনের সাক্ষাৎ যেন সময়ের অপেক্ষা। দিশেহারা দুটি মনের তান্দব প্রেমের নগ্ন রূপ। কালের স্বোতে দুজনে প্রেমে আবদ্ধ হোল।

প্রেমের কথা মনে হতেই শিষ্টর মনে এলো মানুষের দ্বিচারিতাঁর কথা। দেবতাদের প্রেম নিবেদন আর বাস্তবের রঙ্গমঞ্চে বধ্যভূমিতে প্রেম কি এক নয়? গ্রামের নিন্দুকদের প্রবাদ মনে আসে তাঁর "মানুষ করলে বিল্লা আর ভগবান প্রেম করলে লীলা"। তাদের মতে দেবতার আর মানুষের প্রেম একই মান্যতা পায় না কেন? কে জিজ্ঞাসিলে সে কোন জন। গ্রাম্যের সরল মানুষগুলো সমাজবদ্ধ থাকার জন্যে এই দ্বিচারিতা বেছে নেয়। না সমাজের শিকল

কঠোর করার মানসে। চরিত্রবান আখ্যা দেয়। শিষ্ট মনে মনে সঙ্কল্প করে এই দ্বিচারিতার শৃঙ্খল থেকে মুক্ত হোতে তাঁর অবিরাম সংগ্রাম বহমান থাক।

শিষ্টর মনে আসে গ্রামের বর্ধিষ্ণু পরিবার নেপাল পোদ্দারদের উঠানে প্রতি বচ্ছর ২৪ প্রহরের কৃষ্ণ নাম সঙ্কীর্তনের আসর বসে।কতো না মানুষের লোক সমাগম। উঠানে তিল ধারণের স্থান নেই। আসর বসে প্রসিদ্ধ রথিন কীর্তনিয়ার কীর্তনের। কৃষ্ণ রাধার পরকীয়া প্রেমের কি নিদারুণ বিষস্লেশন।গ্রামের মানুষ রাত জেগে গোঁ গ্রাসে তা গলদঘারান করে। কি তাঁর বিষস্লেশন। কৃষ্ণ লীলায় প্রেমের তিন পাঠ কীর্তনে তারই সরলি করণ মেলে। ছোট্ট কালে শিষ্ট তাঁর কিছুই বুঝত না। এখন বোঝে। প্রেমের প্রথম পাঠ ভাবুলতা যা চলেছে সমিরা তাঁর মধ্যে। জন্ম দাতা হোক না কৃষ্ণ রাধার পরকীয়া প্রেম। এ যেন অর্জুন আর চিত্রানগদার প্রেমের এক বাস্তব রূপ। শয়নে স্বপনে একে ওপরের কথা ভেবেই চলেছে যে চলার কোন শেষ নেই। সর্বদা শিষ্টর মন আবিষ্ট থাকে সমিরা, সমিরার ভাবনা।

সমিরার সঙ্গে পরিচয়ের মাস ছয়েকের মধ্যে কালিদাস বাবুর দেহান্ত হয়। বাবার মৃত্যুতে যত না শিষ্ট শোকাহত কিন্তু এই ভাবনা তার মনে আরও দানা বাঁধে কিভাবে মাদের সংসার চলছে। ভাগ্য সুপ্রসন্ন যে ইদানিং দুষ্ট দমনের একটা চাকরি জুটেছে কলকাতায়। সে সময় সমিরা তার পাশে দাঁড়িয়েছে, সাহস জুগিয়ছে, আর্থিক ভাবে মানসিক ভাবে । সমিরা যেন শিষ্টর দুখের দিনে একমাত্র সাহারা একমাত্র ভরসা। ভাব ভালোবাসায় রাগে অনুরাগে তাদের দিন কাটছিল ভালোই বুঝি দুটি পাখি স্বপ্নের নীড়ে বাসা বেঁধেছে। পৃথিবীটা বদলে গেছে। সবকিছুই নুতন লাগে। কতো টুকরো টুকরো কাহিনী মনে পড়ে শিষ্টর। ভালোবাসার এই দৈরথ যেন মনের মণিকোঠায় এক ওপরের জন্যও জায়গা করে নিয়েছে। বুঝি একি বৃন্তে দুটি ফুল।

এর পরে শিষ্ট তারিয়ে তারিয়ে আস্বাদন করে প্রেমের দ্বিতীয় পাঠ একান্ততা। আশাকে পোশাকে, আবেশে অনুভবে, ছলনে বলনে দুই আন্তা বুঝি এক অভিননো। এর পর আসে শেষ পাঠ পরিপূর্ণতা প্রেমের জোয়ারে আজীবন ভেসে চলা। প্রেমের পরিপূর্ণতা প্রাপ্তি।জীবনের সুখ দুখকে একই ধারায় দুজনে মিলে বোয়ে নিয়ে চলা। যেন "প্রেমেরও জোয়ারে বহিছে দোহারে"। শিষ্ট ও সমিরার জীবন তাঁরও বেতিক্রম নয়। সমিরার সঙ্গে ভালোবাসা শিষ্টকে আরও রিসার্চের কাজে নিমগনের শিখরে পৌঁছে দিয়েছে। প্রকাশিত হয়েছে গোটা ৩ ভালো আর্টিকেল। যা তার চাকরি পাওয়ার এক মাত্র আঁশস ও পাথেয়। গত এক বছর ধরে নিত্য চলেছে রিসার্চের কাজ আর বিকালে সমিরার সঙ্গে সময় বিতানো। আজও দুপুরে কাজের মধ্যে নিবিষ্ট ছিল শিষ্ট। কিন্তু মন পড়ে ছিল সমিরার মুখ ভাষা প্রেম ভালোবাসার দিকে। ছিল সমিরাকে বাংলা শিখাবার অদম্য তাগিদ। বাঙ্গলা শিখাতে যত না পরিশ্রম সমিরার গানের প্রতিভা তাকে যেন বাংলা গান শিখতে উদ্বুদো করেছে আরও তাড়াতাড়ি। গীতশ্রী সন্ধ্যার সমিরার কণ্ঠে দুটো গান যেন কখনো ভুলবার নয়। শিষ্টর সমিরার কানে কানে বলতে ইছে করে" এ শুধু গানের দীপ এ লগণও গান শোনাবার। এ তিথি শুধুই যেন তোমাকে পাওয়ার। শুধু দক্ষিণ হাওয়ার নয়।

হঠাৎই সিরাজের ফোন। সে বল্লো "শুনেছি সমিরার দুরঘটনা হয়েছে রাস্তায় গাড়ির সঙ্গে আমরা হসপিটাল ছুটলাম পারলে চলে আয়" কথাটা শুনে মাথাটা ঘুরে গেল শরীরের শিরদাঁড়া দিয়ে এক হিমেল তরল নেমে এলো। কোনক্রমে শিষ্ট নিজেঁকে সরমলে নিয়ে টক্কর হলের সামনে এসে দাঁড়াল সিরাজের ও রাজীবের অপেক্ষায়। সময় যেন কাটতে চায় না প্রতিটি মুহূর্ত যেন ঘনটারি নামান্তর মাত্র। এক প্রকার টলতে টলতে স্মৃতির শেষ বিন্দুকে সম্বল করে শিষ্ট রুদ্ধ্রওশাস দৌড় লাগালো হসপিটালের উদ্দেশে। হসপিটালে পৌঁছে প্রথম হন্তদন্ত হয়ে ছুটে এলো নবনীত, অ্যাসোসিয়েশান প্রেসিডেন্ট। বোলল খবরটা তার কাছে একটু আগে এসেছে। তারমুখে শুনলাম জীবন মৃত্যুর সন্ধিক্ষণে লড়াই কোরে চলেছে সমিরা। হসপিটালের গেটে যমদূতের সঙ্গে লড়াই করার জন্যও প্রস্তুতি নিয়ে চলেছে আম্বুলেঞ্চষের লাল লাইট। সাঁইরেন তখনো শেষ হয়নি দমকল ও পুলিসের গাড়ির। ডাক্তার নার্সদের সমিরাকে বাঁচাবার অদম্য প্রচেষ্টা। যেন কোন না বিঘ্ন ঘটে, তাই দরজার এক পাশে দাঁড়িয়ে ভগবানকে আকুতি মিনতি করে চলেছে শিষ্ট। একমনবাক্কে সমিরার জীবন পাওয়ার লোভে মানত করে

চলেছে কোথায় নয় দক্ষিণেশ্বর কালীঘাট, তারকেশ্বর তারাপীঠ। যেন সামিরার বাঁচার তাগিদে ভগবানকে ঘুষ দেওয়া। ভগবান চরিত্রবান সততার জ্বলন্ত প্রতীক। কালিদাস বাবু ছেলেদের সেই মুলায়্যনের উপর ভিত্তি করে মানুষ করেছেন। ভগবান ঘুষ নেবেন কেন ? কতক্ষণ ভগবান কে শিষ্ট মনে মনে স্বরণ করেছে কে জানে। এলো সেই মুহূর্ত যে ক্ষণে শিষ্ট হয়ত সমিরাকে ফিরে পাবার আশায় বুক বাঁধছিল। কিন্তু সে গুড়ে বালি। খবর পেল সমিরা শিষ্টকে ছেড়ে পরজন্মের উদ্দেশে যাত্রা করেছে। নিজেকে আর সামলাতে পারল না। ঠিক যেন খোলা ধান জমির পাশে বিদ্যুৎ পিস্ঠ হয়ে পড়ে আছে। জ্ঞান হারাল শিষ্ট ঢলে পরল সিরাজের বুকে। কতবার যে শিষ্টর মূর্ছা গেছে তার ইয়ত্তা নেই। সিরাজ ও রাজীবরা তার গোনবার তাগিদ অনুভব করেনি। কাচের গ্লাসের হিমেল বরফ গলা জলের ঝাপটায় যখন শেষবারের মত জ্ঞান ফিরল মুহূর্তে একরাশ শূন্যতা শিষ্টকে গ্রাস করল। কোন কিছুই তার মনে আসছিল না, কোথায় বাড়ি, ঘর, ল্যাব, বাবা, মা, ভাইদের গ্রামের কথা, তাদের অবস্থান কিছুইই মনে পরছিল না। মনের মণিকোঠায় বুঝি স্থায়ী জায়গা করে নিয়েছে সমিরার মুখ। যা দেখার জন্যও শিষ্টর মন আকুলি বিকুলি করে উঠল।

সমিরার কফিন আসতেই বুঝি আদিম দানবের মতো শিষ্ট ঝাঁপিয়ে পরল সমিরাকে একটি বার দেখার জন্যে। কফিনের মুখ খুলে সে দেখল একটি নিস্পাপ সরল সমিরার ঘুমন্ত মুখ। চির নিদ্রিত এক আপনজন । শিষ্ট তখন আওড়ে চলেছে "কার কাছে আমাকে রেখে গেলে, না বলে কেন চলে গেলে"? রাগ অভিমানে ভরে উঠল শিষ্টর মনটা। পরক্ষণেই দৃষ্টি পরল ভগবানের এক অপরূপ সৃষ্টি সমিরার শরীরের দিকে। যে তার একান্ত পাওনা ছিল টাকে ছিনিয়ে নিয়ে গেল একটি নিষ্ঠুর মোটর গাড়ি। সুন্দর দেহটাকে বানিয়ে দিয়ে গেল এক খণ্ড মাংস পিণ্ডর দলা। চাকার তলায় নিস্পেষিত হতে হতে ছিন্ন ভিন্ন হয়ে গেল তার সুন্দর শরীরটার বিভিন্ন অঙ্গ প্রত্যঙ্গ। কতক্ষণ সমিরার ঘুমন্ত মুখের দিকে শিষ্টর শূন্য দৃষ্টি চোখের পলকেরও অন্তরায় হয়ে দাঁড়াল। সে পরিমাপ করার সদিচ্ছা কারোই ছিল না। রাত তখন দেড়টা দুটো হবে। নিস্পন্দ নিশচুপ হাসপাতাল চত্বর। শুধুই শিষ্টর সামনে সমিরার কফিনটা পড়ে আছে। সিরাজরা ভাবল আর থাকাটা সমচীন হবে না। তাই শিষ্টকে একপ্রকার টানতে টানতে কফিনের সামনে থেকে বের করে আনল। পরক্ষনেই এক সুহৃদয় পুলিশ অফিচারের দেখা মিলল। সে জানাল তাদেরকে বাড়িতে পৌঁছে দিতে সে প্রস্তুত। সারা পোশাকে তাঁর শুকনো জমাট বাঁধা চাপ চাপ সমিরার রক্ত। রক্তের কিছু ধারা নীচে নামতে নামতে শুখিয়ে রয়েছে সে দিকে নজর দেবার তাঁর ভুরুক্ষেপ কোথায়। সিরাজ দের দেখে সে সদক্তি করে বসল মেয়েটাকে সে বাঁচাতে পারল না। যেন সব তারই অপরাধ। যেন কর্তবের মূর্ত প্রতীক। দায়িত্বের এক মানবিক কলেবর।

শিষ্টর মন ভরে আছে সমিরার মুখ মন প্রাণ অন্য দিকে দৃষ্টি দেবার তাঁর অবকাশ কৈ। হঠাৎই পুলিশর পোশাকে তাঁর দৃষ্টি আঁটকে গেল। চাপ চাপ রক্ত। এ সমিরারি রক্ত। শুধু তাঁরই জন্মগত অধিকার। আর কারো নয়। শান্ত সমাহিত হাতে সে পুলিশর পোশাকটা একবার স্পর্শ করল।আস্তে ধীরে হাতের স্পর্শ। সে হাতে যেন উস্মা তৈরি না হয়। শমিরা যেন রাগ না করে। পোশাকে হাতের স্পর্শে অফিসার হতচকিত হয়ে উঠে বিস্ময় প্রকাশ করল। যাই হক শেষ অবধি সিরাজ দের ব্যাখায় তিনি আশ্বস্ত হলেন। শিষ্টর এক প্রকার অপকৃষ্ট এই অবস্থা দেখে সিরাজ আর রাজীব ঠিক করে নিলো আজ রাতে তারা শিষ্টর ঘরেই কাটাবে।

সমিরার অনুপিস্থিতি শিষ্টর জীবনে শুধুই হাহাকার নয় এক প্রজ্বলিত বহনিশিখা দাবানরের মতো তার মনকে অহরহ পুড়িয়েই চলেছে। অবিরত। কখন যে দহন শেষ হবে। না আছে তার কোন অনুমান। না আছে সময়ের সীমারেখা। এদিকে শিষ্টর অবিচল অধিস্থান তার ঘরের কোণে সমীরার অতি প্রিয় একটি চেয়ারে। যে চেয়ারটায় সমিরা বসত শিষ্টর ঘরে। তিন দিন ঠায় শিষ্ট বসে আছে সেই চেয়ারে । শত প্রলোভনে শত বলপূর্বক এক চুল সিরাজ ও রাজীব তাকে নাড়াতে পারেনি। শুধু ক্ষণিকে ক্ষনিকে মুরছা যাচ্ছে বারে বারে বিড়বিড় করে বলছে "তোমায় যেতে নাহি দিব"। সিরাজেরা জানে না শিষ্টর মনে আসছিল কিনা সেই লাইন কটি "ক্লান্ত বৃদ্ধা ভিখারিনী জীর্ণ বস্ত্র পাতী ঘুমায়ে পড়েছে"। দিনচারেক পরে শিষ্ট বিছানায় না শুলেও সেই বস্ত্র পেতে মাটিতে গভীর নিদ্রায়

রত হোলও। শিষ্টর মানসিকতা অনুধাবন করে সিরাজ ও রাজীবের ওকে ছেড়ে যেতে মন চাইল না। সমিরার দুর্ঘটনার "বার্তা রটি গেল ক্রোমে ক্রোমে"। কলম্বিয়া মিসোরিয়ানের প্রথম পাতায় সমিরার দুর্ঘটনার কথা ফলাও করে ছাপা হোল। এই সংবাদ যখন বেঙ্গালরে সমিরার বাড়িতে এলে যেন বাজ ভেঙে পরল। বাবা রাজনৈতিক চরিত্র ভাঙ্গলেন কিন্তু মোচকালেন না। দীর্ঘশ্বাস ফেলে জানালেন "বিদেশে পড়তে পাঠিয়ে এই পরিণতি" এই স্বদগ উক্তি টুকু করেই ফোনটা কেটে দিলেন।

ক্রিং ক্রিং ক্রিং পরের দিনই শহরের মেয়র পল সেনডরাসনের ফোন বেজে উঠল। অন্য প্রান্ত থেকে ভারতীয় দূতাবাস প্রত্যুত্তরে জানাল। ভারতীয় পার্লামেন্টের সদস্য মনোহর রেডিড কলম্বিয়া পৌঁছেছেন কাল তার মেয়ের অকাল মৃত্যুতে অন্তস্তিতে যোগ দেবার জন্য। ভারতীয় কনসুলেটও হাজির থাকবেন। চলল বিস্তর সাজ সাজ রব। শিষ্ট কিন্তু সেইই ঘরে মধ্যে আবদ্ধ। যেন দানা ছাঁটা এক বেদনাতুর তোতা পাখি। চলেছে তার এক মানসিক কয়েদির মতো জীবন যাপন। বিশিষ্ট জনেরা সকলে বিমান বন্দরে হাজির। কে নেই। ইউনিভারসিটীর কন্ট্রোলার, শহরের পুলিশ সুপার মিঃ জাক্সন, কন্সুলেটর, মেয়র পল সেনডরাসন, অ্যাসোসিয়েশানের তাবড় তাবড় নেতা এমন কি সিরাজ রাজীবরাও। বিমান থেকে নামলেন মনোহর বাবু মুখটা তার গম্ভীর বেদনা কাতুর কিন্তু দৃঢ়। সিরাজদের দেখে মনে হোল নিষ্ঠুর কুটিল তির্যক দৃষ্টির অধিকারী। মধ্যবয়স্ক সুঠাম দেহ পরনে সাদা পাঠ পাঠ ইস্ত্রি করা ফুলহাতা জামা। সাদা ফুল প্যান্ট পায়ে সাদা পাম শু। গলায় মোটা বিছের সোনার হার, হাতে সুদৃশ্য গোল্ডেন ঘড়ি ডান হাতে সোনার বালা। যেন প্রাচুর্যের জ্বলন্ত মূর্তিমান প্রতিচছবি। মুখে রাগের প্রতিফলন। রাজীব বলল "দেখে মনে হচ্ছে সমিরারা বুঝি খুবি ধনী"। সিরাজ হায়দেরাবাদের ছেলে। সে বলল রেডিডরা খুব ধনী শ্রেণি তেলেগুদের মধ্যে পড়ে। আর মনোহার বাবুর সাদা পোশাক জানান দেয় তেলেগুদের পরম্পরা সাদা পোশাক অতি ধনীর ঐশর্বযের এক পুরনো প্রতিছবি। প্রাচুর্যের সুচিনহিত পরকাস্স্তা। সামাজিক ভাবে জানান দেওয়া সে কতো বলশালী। মনোহার বাবুর প্রছন্ন মুখাবয় মনে করালো যেন বলতে চাইছেন সমিরার মৃত্যুর জন্যে এরা সকলেই দায়ই। সকলের সঙ্গে কুশল বিনিময়ের পর সামনে পেলেন নবনীতকে জিজ্ঞাসা করলেন "সমিরার দেহ কোথায়" ? সে আস্তে করে বলল "হসপিটালের মর্গে"। পিছনে তখন মলিন বেঙ্গালর সিল্কের শাড়ি পরিহিত সমিরার মা কাঁনদে কাঁনদে চোখ দুটো তার জবা ফুলের মতো লাল হয়ে ফুলে রয়েছে। আর কোন কথা কইলেন না সমিরার মাকে নিয়ে গাড়ি ছুটল হসপিটালের দিকে। মর্গে পৌঁছে সমিরার খোলা কফিনে সমিরার মুখের দিকে এক পলকে এক দৃশটে তাকিয়ে রইলেন। নিখুঁত ভাবে সমিরার নিস্পাপ সরল মুখটা একবার স্পর্শ করলেন যেন আর আঘাত না লাগে। তিন দিনের পচা দেহ গন্ধ ধীরে ধীরে প্রকট হয়ে উঠছে। এদিকে সমিরার মায়ের কান্না তখন কে দ্যাখে? মাটিতে পড়ে আকুলি বিকুলি করছেন কোন প্রকারেই নবনীতের মহিল সাথীরা ধরে রাখতে পারছে না। তার আর্ত চিৎকারে ছিন্ন ভিন্ন হছছে হসপিটাল চত্বর। কোন খেয়াল নেই যে তার আকুলি বিকুলি এতোটাই প্রকট যে তার বসন পরিধান নিজ স্থান থেকে বিচ্যুত হওয়ার উপক্রোম। মনোহর বাবু তখন মেয়রের সঙ্গে আলোচনায় বাস্ত সমিরার অন্তোস্তি নিয়ে। ঠিক হোল পরের দিনই সকালে ক্রিয়া কর্ম করে মনোহরবাবু বিকালয়েই ফেরার বিমান ধরবেন। সেন্ট লুইস ইস্কন মন্দির থেকে পুরোহিত চুরাত্মা সকাল সকাল উপস্থিত অন্তোস্তির মন্ত্র পাঠের জন্য। সকলে দেখল সমিরার পচা দেহ কফিন বন্দি হয়ে চিরও নিদ্রায় পৃথিবির বুকে শায়িত হোলও। মেয়রর সঙ্গে কিছু কথোপকথন হোল। মেয়র জানালেন দু দিনের মধ্যে সমিরার শায়িত দেহের উপর বেদি নির্মিত হবে সেমেতারিতে। তার উপর ফলক বসবে। লেখা হবে নাম "সমিরিকা রেডিড" জন্ম মৃত্যুর খতিয়ান। মেয়র মৃদু স্বরে জানালেন চালকের বিরুদ্দে কেস হয়েছে পনের দিনের মধ্যে ফয়াসালা হয়ে যাবে ক্ষতি পুড়োনের ডলার কোন অ্যাকাউন্টে জমা করবে।কথাটা শুনে তেলে বেগুনে জ্বলে উঠলেন মনোহার বাবু সে তার মুখাবয়ব দেখলেই অনুধাবন করা যায় শুধু বললেন "সমিরার জীবন কি ডলারের মূল্যে বিকানো যায়" ? আমি আপনাকে ডবল ডলার দেব সমিরাকে আমার কাছে ফিরিয়ে দিন" ওঁই তার শেষ বাক্যালাপ। কথাগুলো বলে হনহন করে হোটেল হলিদে ইনএঁর দিকে বউ কে নিয়ে পা বাড়ালেন। ফেরার পথে নবনীতকে বলে

গেলেন সমিরার সব পোশাক আশাক আসবাব ভারতীয় ছাত্রদের মধ্যে বিলিয়ে দিতে। সমিরার কোন স্মৃতি বিষাদের প্রস্বতর ফলক হিসাবে দেশে নিয়ে যেতে চান না। এ যেন শেষের করাল তোলে বিস্মিতির গহ্বরে সমিরা দিন দিন অবক্ষয় প্রস্তরের মতো লুপ্ত হতে থাকা। সেই বিস্মৃতি কারাগারে শিষ্টরও বুঝি কয়েদ থাকার অবকাশ ও অনুমতি নেই।

বিস্মৃতির চাপে ধীরে ধীরে সমিরার স্মৃতি চাপা পড়তে থাকে। অনুধাবিত হয় মানুষ এক স্বার্থপর প্রাণী। এক আশ্চর্য জীব। নিজের সত্ত্বাকে সব থেকে ভালবাসে। না হলে শয়নে স্বপনে যে সমিরা ছিল এক জ্বলন্ত আলোর ফুল্কি। শিষ্টর এক অতস্যাচর্য জীবনের দিশা তাকে সে কিভাবে ভুলতে পারে? দিন যায় রাত আসে। সমিরার স্মৃতি বুঝি অবলুপ্তির পথে। ধীরে ধীরে নিজের পায়ে শিষ্ট দাঁড়াতে থাকে সমিরা বিহীন পৃথিবিতে। চলতে শুরু করে শিষ্ট।

হঠাৎই এক আকস্মিক ঘটনার সাক্ষী থাকে সিরাজ। সমিরার মৃতুর পর শরীরটা ভালো যাছে না তার। ধকল তো কম যায়নি। কয়েক দিন বিস্রাম চাই ঘরে থেকে। দুপুরে খেতে খেতে টি ভি তে শি এন এন চালিয়েছে। ভেসে ওঠে সমিরার বাবা মনোহার রেডিডর মুখ। ভারতের most notorious criminal। সঞ্চালিকা জানায় "বেঙ্গালরের সবচেয়ে বড়ো কয়লা ও লোহা আকরিক মাফিয়া। দীর্ঘ পঁচিশ বছর ধরে সুচতুর ভাবে কোটি কোটি টাকার ভারতীয় সম্পদ লুণ্ঠন করে চলেছে। তাবড় রাজনৈতিক চরিত্র। সুপ্রিম কোর্টের তত্ত্বাবধানে আজ সকালে গ্রেফতার হয়েছেন।" কথাটা সিরাজের কানে বাজের মতো প্রবেশ করল। বুঝি কানের পর্দাটা এই মুহুর্তে চৌচির হয়ে যাবে। কোন মতে হাত দিয়ে মুখটা চেপে ধরল। চোখে অন্ধকার দেখতে লাগল। কতো সময় এইভাবে চেয়ারে বসেছিল ঠিক নেই। ভয় পেল তাড়াতাড়ি উঠে টি ভি টা বন্ধ করল। ভেবে ঠিক করল খবরটা কাউকে জানাবে না যতক্ষণ আরও খবর না মিলছে। যেই ভাবনা সেইই কাজ। ফোন করল শিকাগোর বন্ধু সন্দীপকে। বলল "যে করে হোক আজকের দিনের হিন্দু পত্রিকা ও ডেকান ক্রোনিকালের সংস্করণ চাইই চাই"।

তিনদিনের মধ্যে শিকাগো থেকে পাঠানো সন্দীপের কাগজগুলো এলো। প্রথম পাতায় মনোহর রেডিডর ছবি সহযোগে বিশাল আর্টিকেল। গোপনে পুঙ্খানু পুঙ্খ ভাবে পড়ে জানতে পারল মনোহর রেডিড এক জাত ক্রিমিনাল। দেশের সব চেয়ে বড় শত্রু। সব চেয়ে বড় কয়লা ও লোহা মাফিয়া। বিভিন্ন দেশেও তার বিস্তার। ভাবনা মতো কাজ পরেরদিন কাগজ গুলো গোপনে নিয়ে ল্যাবের দিকে পা বাড়াল। দুপুরে লাঞ্চ রুমে রাজীব ও শিষ্টর সঙ্গে দেখা, কাগজ গুলো সহকারে সব জানাল তাদের। খবরটা শিষ্টকে বিস্ময়ের নাগপাশে আবধ্য করে ফেলল। এক ভাবে ঠায় বসে রইল প্রকৃতির কি নির্মম পরিহাস শিষ্ট কিছুতেই মিল খুঁজে পাচ্ছিল না সমিরার নিষ্কলঙ্ক সরল মুখ আর মনোহর রেডিডর কুটিল ও দীর্ঘদিনের ক্রিমিনাল চরিতরও। এও কি বাস্তবে সম্ভব? নিবিড় রক্তের সম্পর্ক হার মানায় চরিত্রের বৈচিত্রকে। তাইতো ভাইয়ে ভাইয়ে দ্বন্দ্ব, বাবা ছেলের দ্বন্দ্বের সূত্রপাত। শিষ্টর মনে আসে মানুষ এক অদ্ভুত জীব।

এক অন্তরদ্বন্দ্ব শিষ্টকে যেন নাগপাশে আবদ্ধ করে ফেলল ।ভাবে কেনই বা সমিরার সঙ্গে পরিচয়। মনোহর রেডিডর মতো ক্রিমিনালের সংস্পর্শে আসা। ভয় হয় বাবা বেঁচে থাকলে এই সম্পর্ক কিছুতেই মেনে নিতেন না। মাও করতেন তার নিশব্দ প্রতিবাদ। এই প্রথম শিষ্টর অনুভূতি হোল বাবার মৃত্যু বিষাদধের নয় স্বস্তিরও বটে। ভাবল কোনোমতেই এই সম্পর্কের কথা বাড়িতে জানান যাবে না। ভাগ্যিস এই সম্পর্কটা আমেরিকায় জন্ম নিয়েছে। কি নিষ্ঠুর তার মন, যে সমিরা তার জীবনের অঙ্গ, জীবনের সাহারা তার প্রেমিকা, তার তপস্যার ধন, তার স্মৃতির সম্পদ শিষ্টর মন যেন তাকে দ্রুততার সঙ্গে পরিত্যাগ করতে চাইছে। এই বুঝি জীবন।

প্রায় দু বছর হতে চলল সমিরা আজ গত। সেমেটারিতে কবরের নীচে শায়িত। ইংরজিতে একটি প্রবাদ বড় প্রকট "আউট অফ সাইট আউট অফ মাইন্ড"। সমিরার ক্ষেত্রে এই প্রবাদ শিষ্টর কাছে অছ্ছুত অপাংতেয়। সমিরার স্মৃতি শিষ্টর কাছে চিরসবুজ লেলিহান দীপের জ্বলন্ত বনহিশিখার মতো। সেই স্মৃতি কালজয়ী ও তাজা ফুলের মত গন্ধ বিলিয়েই চলেছে। প্রতি রবিবার সমিরার কবরে রুটিন মাফিক প্রার্থনা ও ফুল

অর্পণ করা সেই স্মৃতিকে আরও তাজা করে তোলে। শিষ্টর বলতে ইছা করে "সমিরা, আমাকে তুমি একা কোথায় রেখে গেলে। তুমি এতো নির্দয় নিষ্ঠুর। মনে পড়ে সমিরার গাওয়া গানের কলির কথা " চন্দন পালঙ্কে শুয়ে একা একা কি করবে সে"। "হয়ত তোমায় নাহি পাব তবুও দুর থেকে ভালবেসে যাব"

কথা গুলো মনে হতেই চোখের জল বাঁধ মানে না শিষ্টর। কণ্ঠও রোদ হয়ে পড়ে। শিষ্ট মনে করতে পারে না কত কাল সমিরার বিরহ তার জীবনকে ছিন্নভিন্ন করে দিয়েছে। কালের করাল তলে সমিরা হীন জীবন ধিকি ধিকি তাকে পুরানো জমিতে দাঁড় করিয়ে দিয়েছে। সিরাজ ও রাজীবের অক্লান্ত পরিশ্রমে পুরনো দিনের সমিরা বিহীন স্বাদ পেতে সে শুরু করে । পড়াশুনোয় মনোনিবেশ করে পি এস ডি তে উত্তীর্ণ হোল। ভারতে চাকরিই চেষ্টায় সে সফল। চাকরি মিলেছে হায়দেরাবাদ উনিভারসিটীতে। চাকরীর কথা শুনে সিরাজের আনন্দ আর ধরে না। বলল "আবার দেখা হবে আমাদের হায়দেরাবাদে"।

সেদিন ছিল কনভকেশান। উনিভারসিটী ছাড়ার শেষ দিন। শিষ্টর মনে পড়ে কতো কি। সে রেখে চলল দেশে সমিরার ঘুমন্ত দেহ আর কোন দিন ল্যাবে যাবে না যেতে হবে না সেমেতারিতে। আজ বিকালে সে ফুল দিয়ে শেষ বারের মতো সাজিয়ে দিলও সমিরার বেদি। বলল "চিরও বিদায় সমিরা। আমাকে ছেড়ে তুমি চিরও শায়িত থাক"। অভিমানের সঙ্গে বলল "তাই তো তুমি চেয়েছিলে। তোমার ইছাই পুরনো হোক। আর কোনদিন দেখা হবে না চির বিদায়........ কেঁদে কেঁদে পিছন ফিরে দৌড় লাগাল শিষ্ট আর ফিরেও তাকাল না।আকাশের এক টুকরো মেঘের থেকে আচমকা বৃষ্টি ঝরতে শুরু করল। পৃথিবিটা বুঝি বিচ্ছেদের বেদনায় কাতুর। তাই কি কেঁদে চলেছে ?

শিষ্টর ভাবনা আসে এক সম্যক আকস্মিকতায়। আমেরিকাতে তাঁর আকস্মিকতার উপস্থামনা বুঝি বারে বারে প্রজ্বলিত শিখার মতো বহমান। আকস্তিকতা। একটি মাত্র শব্দ। কি কালজয়ী তাঁর ব্যাপ্তি, অপরাজেয় তাঁর শক্তি। কালের করাল তলে তাঁর বিস্তার আজও শিষ্টকে নাড়া দেয়। সমিরার সঙ্গে তাঁর পরিচয় এক আকস্তিকতা। এক চরিত্রও বান ছেলে প্রেমের জোয়ারে অবগাহন করতে করতে এক প্রেম পিপাসু লম্পটে পর্যবসিত হয়। এটিই কি বিধির অমোঘ বিধান।

মনোহর বাবুর মতো ক্রিমিনাল চরিত্রের সংস্পর্শে আসা এ যেন আর এক আকস্তিকতার অঙ্গ। কি প্রয়োজন ছিল তাঁর ? এই বহমানটা সম্পর্কের দোহাই তাকে ভীরু কাপুরুষ বানিয়ে ছেড়েছে। ধন্য আমেরিকা "সত্ব সেলুকাস কি বিচিত্র এই দেশ"। এখানে না এলে আকস্তিকতার এই বৈচিৰ্ত্য সে আস্বাদন করতে পারতো না অনুধাবিত হতো না । এ যেন এক বিস্ময়ের প্রোজল প্রদীপ। পুড়েও তাঁর ক্ষয় নেই।

পড়ের দিন আমেরিকা ছাড়ার বিমান সেই সেন্ট লুইস থেকে। পরের দিন সিরাজ, রাজীব, নবনীত ও সকলের থেকে বিদায় নিয়ে বিমান বন্দরের দিকে পা বাড়াল।

বিমানে উঠে আমেরিকা ছাড়ার আগে চলন্ত বিমানের জানালার সার্সি দিয়ে শত কোটি প্রনাম জানাল শিষ্ট এই বিদেশি পুণ্য ভূমিকে। তাকে উচ্ছতম ডিগ্রী প্রদান পরার জন্ন্য ও জীবনে প্রতিষ্ঠার তাগিদে। সেই প্রনামের ব্যাপ্তি ও বিচ্ছুরণ ঘোটুক তার প্রথম প্রেমিক সমিরিকার দেহঅঙ্গ শায়িত ইউনিভারসিটী অফ মিসসউরি কলম্বিইয়ার সেমেতারিতে।

বিদায়ের জ্বালায় শিষ্টপালনের মন তখন অবিরত আনচান করে চলেছে। সমিরিকাকে চিরদিনের জন্য আমেরিকায় ফেলে আসার জন্ন্যে। আবার তৎক্ষণাৎ মনে এলো ৫ বছর পড়ে দেশে ফেরার কথা না জানি কতো কি নতুন বিস্ময় আপেক্ষয় আছে তার পথ চেয়ে। বিধবা বেশে মাকে কেমন উদ্ভ্রান্তর মতো লাগে। কিছুক্ষণ পড় মন শান্ত করে শিষ্ট চির বিদায় জানাল আমেরিকার ভূমিকে ও যে ভূমিতে শায়িত তার প্রেরণা প্রথম প্রিয়া সমিরিকা চিরবিদায় স্যালুট তোমাকে বিদায় আমেরিকা !!! বিদায় সমিরিকা!!! আমার প্রথম আপনজন। প্রথম ও শেষ প্রেমের ফসল।

আজ শিষ্টর একান্ত কাতর প্রাথনা তোমরা শুখে আনন্দে ও শানতিতে থেকো আমেরিকা তুমি সেমিরাকে দেখে রেখ ...............

# স্বর্ভানু সান্যাল

## বিড়ম্বনা

হাওড়া স্টেশান থেকে ট্রেনটা ছেড়ে দিতেই মনটা খুশি হয়ে গেল বিরূপাক্ষর। যাক এখন দিন তিনেকের জন্য বৌ এর ধাঁতানি নেই, সকাল সকাল মুখে চোখে দুটো গুঁজে অফিস দৌড়নো নেই, সমীর বাবুর রোজকার “জানো তো আমার মেয়ে এবারেও স্কুলে ফার্স্ট হয়েছে” শোনা নেই, বাজারে বেরিয়ে পাড়ায় চেনা অর্ধ চেনা অচেনা লোকের কাছ থেকে “জয়েন্টে তোমার ছেলের রেসাল্টটা শুনলাম। আর একবার বসবে নাকি পরের বছর ? কি ঠিক করলে ?” শোনা নেই, এখন তিনদিন নিখাদ নিজের জন্য সময়। অনেক সুপারিশ করে এই টুরটা জোগাড় করতে হয়েছে। দিল্লীতে কম্পিউটার সিকিউরিটির ওপর সেমিনার। বড় মাপের সরকারি অফিসার হবার সুবাদে কয়েক বছর আগেও এরকম টুর হামেশাই পাওয়া যেতো। কিন্তু এখন সরকারি অফিস গুলোতেও প্রাইভেট কোম্পানির মেজাজ। টুর-এর প্রয়োজনীয়তা মাপজোক করে তবেই অনুমতি দেওয়া হয়। সম্প্রতি সরকারি অফিস গুলোতে ঘন ঘন সার্ভার হ্যাক হওয়ার খবর পাওয়া যাচ্ছে। সরকারি বড় কর্তারা ব্যাপারটা নিয়ে খুব চিন্তিত। তাই কম্পিউটার সিকিউরিটি সরকার অফিসগুলোতে এখন যাকে বলে নতুন ফ্যাড। যদিও কাজের কাজ কিছু হয় না, কারণ সরকারি অফিসাররা সবাই কম্পিউটার-এ একেবারে ক-অক্ষর-গো-মাংস। তবুও সরকারি অনুমোদনে সরকারি অফিস গুলো সুরক্ষিত কর্তে সাজো সাজো রব। আর সেই জন্যই এই টুরটা ম্যানেজ করতে পেরেছে বিরূপাক্ষ। এই সব সেমিনারে আদতে করার কিছু থাকে না। পুরোটাই লাভের গুড়। সরকারি খরচে নিখচ্চায় ভ্রমণ। সরকারি খরচে এসি টু টায়ার, থ্রি স্টার হোটেল আর সেমিনারে উপস্থিত থেকে ডিজিটাল সুরক্ষা বিশেষজ্ঞরা সাপ-ব্যাঙ যা বলছে শোনা বা শুনতে শুনতে ঢোলা। এফ-বি খুলে বৌ এর সুন্দরী বন্ধুদের ছবি দেখলেই বা আটকাচ্ছে কে ? কাজের মধ্যে ফিরে এসে একটা প্রেসেন্টেশান দিতে হবে। তবে বিরূপাক্ষ তার ব্যাবস্থা করেই এসেছে। সমীরবাবু আগের বছরেই এরকম একটা ঢপের চপ সিকিউরিটি কনফারেন্সে গেছিল। তার ফরম্যাটটা ধার করে একটু পালিশ-টালিশ করে বদলে নিলেই হবে। ওপরের বার্থটা ফাঁকা দেখে সে তার ব্রীফকেসটা তুলে দিল। “পুরো রাস্তা ফাঁকা থাকলে বেশ জুত করে যাওয়া যাবে” – মনে মনে ভাবে সে। কিন্তু ভাগ্য তেমন সুপ্রসন্ন নয়। ট্রেন হাওড়া থেকে ছেড়ে দেওয়ার সময়েই প্রায় লাফিয়ে উঠল ছেলেটা অনেকটা দিলওয়ালে দুলহানিয়া লে যায়েঙ্গে স্টাইল-এ। ইতিউতি তাকাতে তাকাতে বিরূপাক্ষর কাছে এসে থেমে গিয়ে বলল

নিচেরটা আপনার তো?

উস্কো খুস্কো, ঝাকড়া অবাধ্য চুলে কপাল প্রায় ঢাকা। জীনস আর টি শার্ট। টি শার্ট-এ অজস্র ইনফিনিটি আঁকা। কানে হেডফোন। মাথা নাড়ছে গানের তালে। আওয়াজটা এতই জোরে যে বাইরে থেকেও প্রায় শোনা যাচ্ছে গানখানা।

নিচের বার্থটা আপনার তো ? আবার জিগেস করে ছেলেটা।

“হ্যাঁ হ্যাঁ, আই অ্যাম সরি” বলে তড়িঘড়ি নিজের ব্যাগপত্তর ওপরের বার্থ থেকে নামাতে যায় বিরূপাক্ষ।

থাক থাক। আমার কোনো অসুবিধে নেই ওতে। বলে বিরূপাক্ষকে থামিয়ে দেয় ছেলেটা।

কিছুক্ষণ পরে গলা খাঁকারি দিয়ে কথাটা বিরূপাক্ষই শুরু করে প্রথমে। তা তুমি কি দিল্লি পর্যন্ত ?

হ্যাঁ কাকু।

কোনো বন্ধুর বাড়ি-টাড়ি?

হ্যাঁ উঠবো একটা বন্ধুর বাড়িতেই।

তোমার নাম কি?

গোপাল।। গোপাল সামন্ত।

আজকালকার ছেলে হয়ে নাম গোপাল ?

হ্যাঁ কাকু। আমার বাবা নেপাল। ঠাকুরদা হরিপাল।

পড়াশুনো করা হয় নাকি ?

হ্যাঁ মেটালার্জি, বি-ই কলেজ।

হুম, তো মেটালার্জি পড়তে গেলে কেন ? আজকাল তো কম্পিউটার নিয়ে পড়বার চল।

আসলে কাকু আমি পড়াশুনোয় ছোটবেলা থেকেই খুব কাঁচা। জয়েন্ট-এ ছড়িয়েছি। আর প্রাইভেট কলেজ-এ পড়ানোর ক্ষমতা নেই বাবার। অগত্যা...

হুম। কিসে আছেন তোমার বাবা ?

বাবা, বাবা কিছুতে নেই...

না মানে কি করেন ?

এমনি নাথিং মাচ... সেল্ফ এমপ্লয়েড।

কিসের ব্যাবসা ?

কান থেকে হেডফোনটা খুলে রেখে একটু কাছে সরে এসে গলা নামিয়ে বললে "আসলে কাকু ব্যাবসা ট্যাবসা নয়, বাবা পকেট মারেন।

অ্যাঁ?

অ্যাঁ নয় হ্যাঁ। বাবা পকেট মারেন। আসলে কাকু আমার বাপ-ঠাকুর্দা-প্রপিতামহ সকলেই পকেট মারতেন। এটা আমাদের পারিবারিক পেশা।

ছেলেটার মুখ দেখে একটুও মনে হল না যে সে ঠাট্টা করছে। আমতা আমতা করে জিগেস করলেন তা তুমি?

হ্যাঁ আমারও বিদ্যাটা জানা আছে। মানে বাবার কাছ থেকে গুরু মারা বিদ্যা আর কি। তবে কি জানেন ঐ লাইনে-এ আর তেমন রোজগার পাতি নেই। বাংলার মসলিন শিল্প, পাট শিল্পের মতই হাত সাফাই শিল্প মরতে বসেছে। কেউ তো আর পকেটে ক্যাশ রাখে না। সব ক্রেডিট কার্ড। অনেক খেটেখুটে একটি মানিব্যাগ বের করবেন তো পাবেন একশ টাকার চারটে নোট। কপাল ভাল থাকলে হয়তো ফোন পেয়ে গেলেন। কিন্তু তৎক্ষণাৎ বিক্কিরি করতে হবে। একবার ফোনটাকে লক করে দিলে চোরা মার্কেট-এও বিক্কিরি হতে চায় না। কি ঝঞ্ঝাট বলুন?

তা তু-তুমি কখনও পকেট মেরেছ? বিনা কারণেই তোতলে যান বিরূপাক্ষ। হ্যাঁ স্কুলে পড়তে। পরে দেখলাম রিটার্ন অন ইনভেস্টমেন্ট নেই। স্কিলসেট আপডেট করতে হবে। তাই কলেজ-এ উঠে ওসব ছেড়ে-টেড়ে দিলাম। দেখবেন? শিল্পটার একটা নমুনা দেব দেখবেন?

"না থাক। আচ্ছা বলছ যখন দেখাও।" অদম্য কৌতূহল দমন করতে না পেরে বলে ফেললেন।

এই দেখুন আপনার রুমাল। দামি নয় তো? একটু অত্যাচার করব এটার ওপর। এবার এটা হাতে ধরুন ... হ্যাঁ ঠিক করে ধরুন। এবার জানলার দিকে ফিরে ধরুন তাকালেন। আর এই এই দেখুন রুমালটার মাঝে অর্ধচন্দ্র করে দিয়েছি কেমন ছুরি দিয়ে। হাতে কোনো চাপ পেলেন?

না মানে নাহ। পাবেন না। একদম নিপুন হাত আমাদের ফ্যামিলিতে বুঝলেন কাকু? এমন হাত ছিল ভীম নাগের। তফাত উনি মিস্টি বানান আমরা পকেট কাটি। বলেই গোপাল বোকা বোকা মুখ করে ফিক ফিক করে হাসতে থাকে। "তাহলে কাকু এবার শুয়ে পড়ি? আপনিও শুয়ে পড়ুন।"

শুয়ে পড়ার কথায় সম্বিত ফিরলো বিরূপাক্ষর। সাবধানে থাকতে হবে রাত্তিরটা। উরিব্বাস। একদম বাঘের ঘরে ঘোগের বাসা। ওই ছেলেটার বার্থেই তো তার ব্রীফকেস। তাতে আবার অফিসের ল্যাপটপ।

"হ্যাঁ হ্যাঁ শুয়ে পড়ো। আমি বরং ব্যাগটা নামিয়ে নিয়ে। তুমি আরাম করে শোও।" উত্তর দেওয়ার সুযোগ না দিয়েই ঝট করে ব্রীফকেসটা নামিয়ে নিয়ে ল্যাপটপটাকে বাগিয়ে বসে নিশ্চিন্ত হন তিনি। আচ্ছা পাবলিকের সাথে কামরা শেয়ার করতে হচ্ছে বাবা। পুরো চোরের বংশ। যাকগে যাক। ঘুম আসছে না বলে তিনি ল্যাপটপ খুললেন। একটু এফ বি তে টুঁ মারাই যায়।

রিসেন্টলি ছেলের কাছে শিখেছেন মোবাইল হটস্পট থেকে ল্যাপটপ কানেক্ট করতে। ল্যাপটপ হটস্পটে কানেক্ট করে খানিক এফ বি করে, খানিক মেল চেক করে শেষমেশ শুয়ে পড়লেন। রাত্তিরের ঘুমটা ভাল হল না। সহযাত্রী পকেটমারের ছেলে জানলে কার ঘুম হয়? সকাল থেকে সারা দিনটা ইচ্ছে করেই গোপালকে একটু অ্যাভয়েড করলেন। ছেলেটাও গায়ে পড়ে কথা বলতে এলো না। একটা লড়ঝড়ে ল্যাপটপে ঘাড় গুঁজে থাকল সারাদিন। সন্ধেবেলা ট্রেন দিল্লি পৌঁছলে সৌজন্যমূলক বিদায় জানিয়ে সোজা গিয়ে উঠলেন হোটেলে। সেমিনার কাল থেকে।

----

সেমিনারে বসে বসে ঢুলছিলেন বিরূপাক্ষ। সকালের ঘন্টা তিনেকের সেশানটা কোনক্রমে জেগে কাটিয়েছিলেন। দুপুরের খাবারটা পেটে পড়ার পরে আর কিছুতেই চোখ খুলে রাখতে পারছেন না। তারপর এই সব সেমিনার এর অর্ধেক জিনিস-ই মাথার ওপর দিয়ে যায়। একটা বক্তব্য শেষ হওয়ার পর হাততালির আওয়াজে একটু নড়েচড়ে বসলেন তিনি। মঞ্চের দিকে চোখ যেতেই নিজের চোখকেই বিশ্বাস করতে পারলেন না। গোপাল না? হ্যাঁ সেই তো। সঞ্চালক বলল গোপাল সিকিউরিটি বেস্ট প্র্যাক্টিশের ওপর বক্তব্য রাখবে। ছেলেটা বলতে শুরু করল

আসলে সকাল থেকে সিকিউরিটির থিয়োরি শুনে শুনে আপনারা অনেকেই এখন বসে বসে ঢুলছেন। তাই আমি আপনাদের একটা প্র্যাক্টিকাল কেস স্টাডি দিয়ে ওয়ার্কথ্রু করাব। ট্রেনে আসতে আসতে এক ভদ্রলোক তাঁর হটস্পটটা অন করেন আর আমি আড়চোখে পাসওয়ার্ডটা দেখে নেওয়ার পরেই আমি ঠিক কি কি করেছি...

বাকিটা শোনার ধৈর্য ছিল না বিরূপাক্ষর।

দৌড়তে দৌড়তে বেরিয়ে হোটেলের রুমে এসে ল্যাপটপ খুলে প্রথমেই লগইন করেন তার ব্যাংক অফ বরোদার অ্যাকাউন্টে। যা ভেবেছেন ঠিক তাই। এক লাখ চৌত্রিশ হাজার টাকা ...পুরোটাই ধাঁ হয়ে গেছে। হায় হায় করে ওঠেন বিরূপাক্ষ। তাহলে এস-বি-আই-এর অ্যাকাউন্টটার কি হবে। ওটাতে তো কম করে লাখ দশেক লিকুইড তো হবেই। ভয়ে ভয়ে লগইন করেন। আশ্চর্য। এটাতে একটা অচেনা অ্যাকাউন্ট থেকে এল লাখ উনত্রিশ হাজার টাকা ডেবিট দেখাচ্ছে। মাথাটা পুরো গুলিয়ে যায় তার। সাত-পাঁচ ভাবতে ভাবতে লগইন করেন জিমেইলে।

শুরুতেই একটা ই-মেইল ফ্রম ডিজিটাল পকেটমার।

থ্যাঙ্ক ইউ ফর শেয়ারিং ইয়োর হটস্পট উইথ মি স্যার। কেস স্টাডিটা বানাতে খুব সুবিধে হল। আসলে মেটালার্জি পড়লেও মেটালে আমার ভারি অ্যালার্জি। আমার সব ইন্টারেস্ট ওই সিলিকনে। আর এ ছাড়াও বংশ পরম্পরায় আমরা চোর কিনা। শুধু ভাবছেন টাকা নিলই যখন ফেরত দিল কেন, দিলই যদি পাঁচ হাজার টাকা কম দিল কেন? আসলে আমি চুরি করি না। তাই পুরোটাই ফেরত দিতাম। কিন্তু আপনার ইমেল একটু স্টাডি করে বুঝলাম এ সি টু টায়ারের ভুয়ো টিকিট দাখিল করবেন যদিও চড়েছিলেন স্লিপার ক্লাশে। তাই আপনার ঐ চুরির টাকাটুকু রেখে দিলাম। স্টুডেন্ট মানুষ। হাত-খরচা তো লাগেই, বলুন না। রাগ করবেন না। আর করলেও গিলে ফেলবেন কারণ আপনার চুরির প্রমাণটা আমার কাছেই রইলো।

ডিজিটালি ইয়োরস

গোপাল

পুনশ্চ

ও আপনি ভাবছেন বড় ট্রান্সাকশান হলে যে এস-এম-এস আর ই-মেইল আসে সেটার কি হল। ই-মেইলটা আপনার জাঙ্ক ফোল্ডার-এ পেয়ে যাবেন। এস-এম-এসটা পাবেন না। ওটাতে গুরু মারা বিদ্যা লাগিয়েছি। যখন ঘুমোচ্ছিলেন একটা নিপুন হালকা চাপে পকেট থেকে আপনার ফোনটা বের করে এস-এম-এসটা ডিলিট করে দিয়েই রেখে দিয়েছি। ও হ্যাঁ হোয়াটসাপ-এ যে কটা চুমু শোভা পাচ্ছিল তার প্রেরক কে সেটা দেখিনি।

মাইরি বলছি। পুলিশ-কাছারি করার চেষ্টা করলে সেটা না হয় উদ্ধার করার চেষ্টা করব। ফোনের ডাটার ব্যাকআপ নিয়ে রেখেছি। আর হ্যাঁ, আপনাকে ফিরে গিয়ে যদি কোন প্রেসেন্টেশান দিতে হয়, তাই এথিকাল হ্যাকিং, ডিজিটাল সিকিউরিটি আর সিকিউরিটি বেস্ট প্র্যাক্টিশের ওপর আমার প্রেসেন্টেশানটা শেয়ার করলাম কারণ ওটা বোধ হয় পুরোটা বসে শোনার মতো মানসিক অবস্থা তখন আপনার ছিল না। টাকাটুকুর পরিবর্তে আপনাকে সামান্য একটু সাহায্য। পার্সোনাল আর প্রফেশানাল ডিজিটাল সিকিউরিটিটা আর একটু সিরিয়াসলি নেবেন।



# সুদীপ নাথ

## ফিশফ্রাই

১

ছেলেটার কথা শুনে অরূপ চমকে উঠল। যেন বিশ্বাসই হলো না। আবার জিজ্ঞাসা করল, "তুমি সামনের সপ্তাহেই বিয়ে করতে চাইছ ?"

ছেলেটাও গোলগোল চশমার ভেতর দিয়ে পিটপিট করে তাকিয়ে বলল,

"হ্যাঁ, ছুটি নিয়ে এসেছি। একেবারে বিয়ে করেই ফিরব।"

ব্যাপারটা অরূপের মাথায় ঢুকল না। শীলার বয়স পঁয়ত্রিশ। গত পনেরো বছর ধরে কোনও না কোনও ভাবে বিয়ে ভেঙে গেছে। ব্যাপারটা একরকম মেনেই নিয়েছিল। আহামরি সুন্দরী তো কিছু নয়। মা মৃত্যুশয্যায় বলেছিল, "শিলুকে দেখিস খোকা। কিছুটা জমি বেচে হোক বিয়েটা দিস। তোর ঘাড়েই পড়ল।" বাবা তো সেই ছোটবেলাতেই ওপারে চলে গেছে। কেউ ভাবতেই পারেনি যে শীলার বিয়ে হবে না। মুখে মিষ্টি হাসি, সুরেলা গলা, রান্নার হাত – এসব কারুর চোখেই পড়ল না। মেয়েটারও যেন তেমন গা নেই। প্রেম করা তো দূরের কথা ছেলেদের ধারে কাছে ঘেঁষেনি কখনও। ছেলেরাও হয়ত এড়িয়ে গেছে। এই তো রোগা কালো টুপসির বিয়ে হয়ে গেল। শীলার মতো এমএ করা তো দূরের কথা গ্রাজুয়েশনে অনার্সটাও ছিল না। তবু অরূপ বিয়ের আশা প্রায় ছেড়েই দিয়েছিল। হঠাৎ এই ছেলেটা কোত্থেকে উদয় হলো ? শীলাও অবাক। চটজলদি ফুট থেকে কেনা একটা সালোয়ার পরে চেয়ারে এসে বসেছে। অরূপ আগে ওর সামনে একটা ছোট টেবিল রেখে হারমোনিয়ামটা এনে বসিয়ে দিত। এখন বুঝে গেছে, ওসব করে আর লাভ নেই। এক পাত্রপক্ষ তো শীলাকে দেখতে এসে হারমোনিয়ামটা কিনতে চাইল। মায়ের স্মৃতি। কোনক্রমে বুঝিয়ে সুঝিয়ে সে যাত্রা পার পেয়েছে। এখন মনে হয় দিয়ে দিলেই ভাল হতো। কিছু টাকা তো ঘরে আসত। শীলা আর গানটান করে না। কী যে টিউশনিতে পেয়েছে! দিনরাত ছোট ছোট ছেলেমেয়েদের পড়িয়ে যাচ্ছে। ওতেও অবাক হয় অরূপ। শীলা আর্টসের স্টুডেন্ট। অংক করায় কী করে ? নিজেই ভাল বুঝত না, পড়াবেটা কী ? তবে আজকাল টিউটরদের অবস্থা অবশ্য কাজের লোকের মতো। রোজ কেউ একটা এসে বাসন মেজে দিলেই চলবে। কে বাসন মাজছে তাতে কিছু এসে যায় না।

আগে এইসব বিয়েটিয়ের কথা শুরু হলেই অরূপের মনটায় একটা উদাস পাখি এসে বাসা বাঁধত। দুশ্চিন্তায় ঠাসা মনে পাখিটা ঢুকত কীভাবে কে জানে। অরূপই জোর করে তাড়িয়ে দিত। পাখিদের এই একটা স্বভাব খুব ভাল। জানলা খুলে দিলেই চলে যায়। তবে ঘুরে ফিরে আবার আসত। এখন আর আসে না। সুলতার বিয়ে হয়ে গেছে বহু বছর কেটে গেল। বেশ ভাল ঘরেই বিয়ে হয়েছে। রমরমা ব্যবসা – প্লাস্টিকের কারখানা আছে। মাঝে মাঝে বাপের বাড়ি আসে। গিন্নিবান্নি চেহারা। কয়েকবার রিকশা করে যেতে দেখেছে অরূপ। কোলে একটা ছোট ছেলে আর পাশে দু-বেণী করা মেয়ে। কর্তাকে দেখেনি অবশ্য। ব্যবসায়ীরা একটু ব্যস্তই হয়। ওর মতো কি আর নামমাত্র স্কুলে পড়িয়ে শুধু বাজার-হাট আর রান্না-বান্না করে ? মা যখন মারা যায় শীলার দশ, পলাশের বারো আর অরূপের কুড়ি। মাসী এসে কিছুদিন ছিল। তারপর অরূপই হাল ধরে নিল। তখন স্কুলের চাকরিটা না জুটলে যে কী হতো ভাবতেই বুক কাঁপে। রান্না করে স্কুলে যেত; ফিরে এসে আবার রান্না। ভাই বোনেদের হেঁসেলে ঢুকতেই দেয়নি। সুলতা ওর চেয়ে আট বছরের ছোট। অরূপ ওকে টিউশন পড়াতো। বাইরে থেকে বেশ খুকিখুকি বাধ্য মেয়ে ছিল। আর ভেতরে ভেতরে দস্যি। এখনও তেমনটি আছে ? কে জানে। বহু বছর তো কথা নেই। পড়াতে পড়াতে কত কী বকে যেত অরূপ ! মেয়েটা ঘাড় নেড়ে অবাক হয়ে ওর কথা শুনত। হঠাৎই একদিন অংকের খাতায় দুটো গোল্লা দিয়ে অরূপ

দেখে যে দু-পাতার মাঝখানে ছোট্ট একটা কাগজ। ভাঁজ করা কাগজটা হাতে নিতেই মেয়েটা "মাথা ধরছে আর পড়ব না" বলে ঘর ছেড়ে বেরিয়ে গেল। কিছুক্ষণ হাঁ করে বসে থেকে অরূপও বাড়ি ফিরে গেল। পাড়ার বিভু ডাক্তারের প্রেসক্রিপশনের মতো ছোট্ট কাগজটা বুক পকেটে রেখে দিয়েছিল। টিউশন থেকে ফিরে রান্না করে খাওয়াদাওয়ার পাট শেষ করে কাগজটা খুলে আর একবার হাঁ হয়ে গেছিল। তারপর রাগ হলো। কাগজটা ফেলতে গিয়েও তোশকের তলায় রেখেই শুয়ে গেছিল। অংক না পারলেও সুলতার হাতের লেখাটা ছিল বেশ। মুক্তোর মতো অক্ষরে লেখা, একজনের যদি দাদার কীর্তি সিনেমাটা দেখার ইচ্ছে হয় রোববার একটার শো-তে হলের সামনে অপেক্ষা করতে পারে। হল মানে তো ছায়াঘর। মিলনপুরে ওই একটাই সিনেমা হল। পরের দিন গম্ভীর মুখে সুলতাকে পড়িয়েছিল। সুলতাও কিছু বলেনি। শুধু ছোট্ট একটা কাগজে "সরি" লিখে এগিয়ে দিয়েছিল। রোববার আড়াইশ গ্রাম মাংস কিনত অরূপ। ভাইবোনকে খাইয়ে নিজের ভাগে এক পিস্। সেদিন বাজারেই গেল না। চাল থেকে একটু লাউশাক পেড়ে সেদ্ধ করে নিয়েছিল। লাউশাক ভাপা, ডাল, ভাত – এসব কি আর ভাইবোনের মুখে রোচে ? তবু জোর করে খাইয়ে বাসন গুছিয়ে দেখল একটা প্রায় বাজে। যাবে না ভেবেছিল। সুলতাকে পড়াতে গিয়েও মনে হয়নি ও আসবে। তবু ভরপেট খেয়ে দুটো ঢেঁকুর তুলতেই সংকোচটা চলে গেল। হোক না বয়সে ছোট, একটা মেয়ের মন তার দিকে ঝুঁকেছে – কম কথা ! হারকিউলিস সাইকেলটা নিয়ে বোঁ বোঁ চালিয়ে ছায়াঘরে পৌঁছে দেখে কেউ কোত্থাও নেই। এদিক ওদিকে দেখে সাইকেলটা ঘোরাতেই যেন আকাশ থেকে পড়ল মাঞ্জা দেওয়া একটা মেয়ে। হলুদ সালোয়ার কামিজ। রুমাল দিয়ে চুল বাঁধা। ঠোঁটে লিপস্টিক, কপালে টিপ। চেনাই যাচ্ছে না যেন। এসেই সাইকেলের হ্যান্ডেলটা ধরে বলল, বড় বই – শুরু হয়ে গেছে। তারপর আর কথা হয়নি। ফ্যাচফ্যাচ করে কাঁদতে কাঁদতে সিনেমা দেখে হল থেকে বেরিয়েই আবার আগের সুলতা। ভ্রূভঙ্গী করে আড় চোখে তাকিয়ে বলল, "তুমি কি এমন ভূতের মতন সিনেমা দেখো নাকি ? একটা দুটো কথা বললে কী হয় ?"

অরূপ কী বলবে বুঝতে পারল না। সাধারণত অরূপদা বলে ডাকে। আজ সম্বোধনটা এড়িয়ে যাচ্ছে। অরূপ আমতা আমতা করে বলল, "তুমিও তো কিছু ..."। মুখ ঝামটা দিয়ে উঠল সুলতা, "মেয়েরা শুরু করে নাকি?"

অরূপ শুধু বলল, "আমায় বাড়ি যেতে হবে।"

আবার ঝাঁঝানো গলা, "টিউশন ছাড়া এই প্রথম দেখা করলে ! কিছু খাওয়াবে না ?"

সম্মোহিত হয়ে অরূপ বলেছিল, "কী খাওয়াবো বলো ?"

কাজলটানা চোখে বেশ ঘন করে তাকিয়ে সুলতা বলেছিল, "আমি দত্ত কেবিনের ফিশফ্রাই খেতে ভালবাসি।"

সেই শুরু। তারপর দশ বছর প্রেম। কী করেনি ওরা? সিনেমা দেখা, বইমেলা – ভাইবোনকে সামলে যতটুকু প্রেম করা যায় অরূপ করেছে। তবে সুলতার বয়স চব্বিশ পেরোতে না পেরোতেই বাড়ি থেকে বিয়ের চাপ আসতে শুরু হলো। অরূপের কিছু করার ছিল না। মাঝে মাঝেই সুলতাই কথা পাড়তো, "শীলার জন্য আমাদের বিয়েটা আটকে থাকবে ?"

